আল আকসা রেষ্টুরেন্ট
প্রবাসে বাংলাদেশী খাবারের স্বাদ
আল আকসা পার্টিহল
পার্কচেষ্টারে বাঙ্গালী মালিকানায় সবচেয়ে বড় পার্টিহল ১০০-১৫০ জনের ধারণ ক্ষমতাসম্পন্ন
২১০৭ ষ্টার্লিং এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২
ফোন: ৭১৮-৯০৪-৭০৬১

২৮ বছরে

# বাংলা পত্রিকা

The Weekly Bangla Patrika

বর্ষ ২৮ || সংখ্যা ৩১ || সোমবার || বৈশাখ ১৬ || ১৪৩১ || শাওয়াল ২০ || ১৪৪৫ || Vol. 28 || Issue 31 || April 29 || 2024 || USA. FREE in NY, Other State $1

আলাদীন
Aladdin
২৯-০৬ ৩৬ এভিনিউ, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
Tel: 718-784-2554

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

## আর্থিক কারণে যুক্তরাষ্ট্রে জন্মহার কমেছে

**বাংলা পত্রিকা ডেস্ক:** পূর্বের বছরের তুলনায় গত বছর যুক্তরাষ্ট্রে শিশু জন্মের হার শতবছরের মধ্যে সবচেয়ে কম ছিল। করোনা মহামারির কারণে জন্মহার হ্রাসের দু'বছরের মাথায় আবারও তা কমার জন্যে বিশেষজ্ঞরা মন্দাকে দায়ী **(বাকি অংশ ০৬ পাতায়)**


# বাফেলোতে দুর্বৃত্তের গুলিতে ২ বাংলাদেশী নিহত




সন্তানদের সাথে নিহত বাবুল উদ্দিন

## শোকে স্তব্ধ কমিউনিটি

**বাংলা পত্রিকা রিপোর্ট:** যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক রাজ্যের বাফেলোতে দূর্বৃত্তের গুলিতে ২ বাংলাদেশী নিহত হয়েছে। ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন। শনিবার (২৭ এপ্রিল) স্থানীয় সময় দুপুর সাড়ে ১২টার দিকে ইস্টফেরী এন্ড বেইলি এভিনিউয়ের কাছে হ্যাজেল উড স্ট্রিটে এই ঘটনা ঘটে। নিহতের একজনের নাম আবু সালেহ মোহাম্মদ ইউসুফ জনি, তার গ্রামের বাড়ী সিলেটের কানাইঘাট উপজেলার মেজর-টিলা। অপরজনের নাম মোহাম্মদ বাবুল উদ্দিন (৫৫), তার গ্রামের বাড়ী কুমিল্লা বলে জানা গেছে। এই ঘটনায় বাংলাদেশী **(বাকি অংশ ১০ পাতায়)**



সন্দেহভাজন খুনী গ্রেপ্তার




পরিবারের সাথে নিহত আবু ইউসুফ

### তীব্র দাবদাহে বাড়ছে হিট স্ট্রোক

## শিক্ষকসহ ১২ জনের মৃত্যু

**ঢাকা ডেস্ক:** টানা তীব্র দাবদাহে অতিষ্ঠ দেশবাসী। রোববার (২৮ এপ্রিল) গরমে রাজধানী ঢাকাসহ আট জেলায় হিট স্ট্রোকে ১২ জনের মৃত্যুর খবর পাওয়া গেছে। তাদের মধ্যে একজন বীর মুক্তিযোদ্ধা ও একজন শিক্ষকও আছেন। গরমে অনেকেই অসুস্থ হয়ে পড়েছেন। **(বাকি অংশ ০৬ পাতায়)**

## আচরণবিধি লঙ্ঘনের মহোৎসব উপজেলা নির্বাচনে

**সাইদুর রহমান:** উপজেলা নির্বাচনের প্রচার-প্রচারণার শুরুতেই আচরণবিধি লঙ্ঘনের মহোৎসব শুরু হয়েছে। বিধি মানছেন না কেউই। অনেক উপজেলায় এমপিদের বিরুদ্ধেও আচরণবিধি লঙ্ঘনের অভিযোগ উঠেছে। মন্ত্রীর ছেলে বা আত্মীয়স্বজনের বিরুদ্ধেও উঠেছে **(বাকি অংশ ১৩ পাতায়)**

## বিশ্বে সামরিক ব্যয়ে শীর্ষে যুক্তরাষ্ট্র, চীন ও রাশিয়া

**বাংলা পত্রিকা ডেস্ক:** বৈশ্বিক সামরিক ব্যয় ২০২৩ সালে ৬ দশমিক ৮ শতাংশ বৃদ্ধি পেয়েছে। এতে বিশ্বে সামরিক ব্যয়ের পরিমাণ দাঁড়িয়েছে রেকর্ড ২ হাজার ৪৪৩ বিলিয়ন ডলারে। এর **(বাকি অংশ ১৩ পাতায়)**

# যুদ্ধ করতে চায় না সেনারা, বিপাকে নেতানিয়াহু

**বাংলা পত্রিকা ডেস্ক:** গাজায় সশস্ত্র গোষ্ঠী হামাসের সঙ্গে ৬ মাসের বেশি সময় ধরে যুদ্ধ করছে ইসরাইল। গত ৭ অক্টোবর থেকে শুরু হওয়া এ যুদ্ধের শুরুতে ইসরাইল বলেছিল, গাজা থেকে তারা হামাসকে পুরোপুরি নির্মূল করবে। এখনো তারা এই লক্ষ্যমাত্রা অর্জন করতে পারেনি। রোববার (২৮ এপ্রিল) ইসরায়েলের স্থানীয় সংবাদমাধ্যম চ্যানেল-১২ এক প্রতিবেদনে জানিয়েছে, ৩০ সেনা দায়িত্ব পালনে অস্বীকৃতি জানিয়েছেন। প্যারাট্রুপার রিজার্ভ ইউনিটের সেনারা বলেছেন, রাফাহতে অভিযান চালানোর



সময় তাদের ডাকা হলে এতে সাড়া দেবেন না। প্রতিবেদনে আরও বলা হয়েছে, কমান্ডাররা এসব রিজার্ভ সেনাকে দায়িত্বে যোগ দিতে জোর করবেন না। তবে এই সেনাদের যুদ্ধ করতে অস্বীকৃতি করার মাধ্যমে ফুটে উঠেছে ৬ মাস ধরে যুদ্ধ করে তারা কতটা ক্লান্ত হয়ে পড়েছেন। শনিবার দেশটির স্থানীয় গণমাধ্যমের প্রতিবেদনে এমনটাই বলা হয়েছে। মারিভ পত্রিকা নাম প্রকাশে অনিচ্ছুক সূত্রের বরাত দিয়ে জানিয়েছে, আইসিসির গ্রেফতারি পরোয়ানার আশঙ্কায় অত্যন্ত চাপে এবং **(বাকি অংশ ১৩ পাতায়)**

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
► প্রাইভেট অকশনের বাড়ি
► পাবলিক অকশনের বাড়ি
► ব্যাংক মালিকানা বাড়ি
► শর্ট-সেল ও REO-প্রপার্টি
কল করুনঃ
৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Oreat Neck, NY 11021
nurulazim67@gmail.com
Nurul Azim

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেভ $৫৮৯+
917-396-4140, 917-592-7828
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

APOLLO INSURANCE BROKERAGE INC.
WE DO TLC INSURANCE
EXIT LUXURY INC.
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
▪ TAX Liens Charge-Offs ▪ Inquiries ▪ Collections
▪ Garnishment ▪ Bankruptcy ▪ Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

AHAD&CO
CERTIFIED PUBLIC ACCOUNTANTS
সারা বছর জুড়ে একাউন্টিং সার্ভিসেস
ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
আইআরএস এবং স্টেট অডিট সমাধান
পে-রোল এবং বুককিপিং
আপনার ট্যাক্স ফাইল একজন সিপিএ দিয়ে করুন
আহাদা আলী, সিপিএ
Tel: 929-371-9915 : info@ahadandco.com
2153 Westchester Ave.
Suite 200, Bronbx, NY 10462
47-01 Vandam Street
Long Island City, NY 11101

সব ধরনের Insurance!
Over 20 Years of Experience
Auto, Home, Business, Worker's Compensation & Disability
DDC 6hr 10% Discount & 4 Point Reduction
718-626-0733
718-626-2321
crescentinsurance@gmail.com
Crescent Insurance Brokerage Inc.
KABIR CHOWDHURY
37-11 74th Street # 2 Floor, Jackson Heights, NY 11372

AMIN PHARMACY
29-03. 36th Ave. Astoria, NY 11106
Tel: (718) 786-6611, Fax: (718) 786-6613
Contact: Pharmacist Dr. Monsur Chowdhury

www.banglapatrikausa.com


Tax & Consulting
Services
for Individual and Businesses
Southeast USA Group Inc.
OUR SERVICES
- Tax Preparation & Planning
- Audits, Reviews, Compilations
- Bookkeeping/Write-Up
- Business Consulting
- IRS Representation
- Notary Public
- Payroll Services
- Retirement Planning
- Sales Tax Services
Southeast USA Group Inc
(917) 566-1612
Prof. Ehteshamul Haque
Financial & Business Planning
74-09 37th Avenue, Suite #206, Jackson Heights, NY 11372
Visit: www.southeastusagroup.com

# রাশিয়াকে শায়েস্তা করতে গিয়ে চীনকে শক্তিধর করছে পশ্চিম

ব্রক্ষ চেলানি

রাশিয়া ইউক্রেনে সর্বাত্মক আগ্রাসন শুরু করার পর থেকে পশ্চিমারা নিজেদের ক্ষয়ক্ষতি এড়িয়ে মরিয়া হয়ে রাশিয়াকে শায়েস্তা করার উপায় খুঁজেছে। কিন্তু তাদের চেষ্টার অধিকাংশই ব্যর্থ হয়েছে। এমনকি পশ্চিমের নজিরবিহীন নিষেধাজ্ঞা এখন পর্যন্ত রাশিয়ার অর্থনীতিকে লাইনচ্যুত করতে পারেনি। এসব নিষেধাজ্ঞার ফল হিসেবে যা হয়েছে, তা হলো, ক্রেমলিন তার সামরিক আচরণ পরিবর্তন করতে বাধ্য হয়েছে। রাশিয়া কার্যত সামরিক যুদ্ধের পাশাপাশি অর্থনৈতিক যুদ্ধের দিকেও অগ্রসর হয়েছে। দেশটি এখন ন্যাটোর তুলনায় প্রায় তিন গুণ বেশি অস্ত্রশস্ত্র তৈরি করছে। ইউক্রেন যুদ্ধ শুরুর আগে মস্কো যে পরিমাণ ক্ষেপণাস্ত্র তৈরি করত, এখন তারা তার চেয়ে অনেক বেশি উৎপাদন করছে।

অন্যদিকে পশ্চিমের বেশির ভাগ দেশ অর্থনৈতিক স্থবিরতার মুখে পড়ে গেছে। বিশেষ করে রাশিয়া থেকে সস্তায় জ্বালানি কেনার পথ বন্ধ হওয়ায় এবং অন্য জায়গা থেকে বেশি দামে জ্বালানি কিনতে বাধ্য হওয়ায় এ অবস্থার সৃষ্টি হয়েছে। বিশেষ করে যুক্তরাজ্য আনুষ্ঠানিকভাবেই মন্দার মধ্যে রয়েছে। ২০২২ সালের তৃতীয় প্রান্তিক থেকে গ্যাসের দাম বেড়ে যাওয়ার ফলে ইউরোজোনে কোনো প্রবৃদ্ধি অর্জিত হয়নি। ইউরোপীয় কেন্দ্রীয় ব্যাংক অস্বাভাবিক মুদ্রাস্ফীতি ঠেকাতে তখন থেকেই সুদের হার বাড়ানো শুরু করেছে। জ্বালানির উচ্চমূল্য একসময়ের অর্থনৈতিক পাওয়ার হাউসখ্যাত জার্মানিকে পর্যন্ত উন্নত বিশ্বের সবচেয়ে খারাপ অর্থনীতির দেশের স্তরে নামিয়ে এনেছে।

রাশিয়ার বিরুদ্ধে পশ্চিমা নিষেধাজ্ঞার প্রভাবে শুধু যে ইউরোপের প্রবৃদ্ধিই ক্ষতির মুখে পড়েছে, তা নয়। ইউক্রেন যুদ্ধ শুরু হওয়ার আগে থেকেই ইউএস ডলারে 'চোরা ধস' শুরু হয়েছিল। তখন থেকেই ডলারের মূল্য ও মর্যাদায় ভেতরে-ভেতরে ক্ষয় শুরু হয়েছিল।

যুদ্ধ শুরুর পর মার্কিন ডলার দৃশ্যত তেলের বাজারেও বৈশ্বিক প্রভাব হারিয়েছে বলে মনে হচ্ছে। কারণ, পশ্চিম অর্থব্যবস্থাকে অস্ত্র হিসেবে ব্যবহার করার সিদ্ধান্ত নেওয়ায় প্রতিক্রিয়া হিসেবে অন্য অনেক দেশ ডলারের বিকল্প পথ অনুসরণ করছে

রাশিয়ার ওপর পশ্চিমের নিষেধাজ্ঞা চীনা মুদ্রা রেনমিনবির আন্তর্জাতিক ব্যবহার অনেক বাড়িয়ে দিয়েছে। এ ছাড়া এই নিষেধাজ্ঞা চীনের জন্য অনেক বেশি সস্তায় রাশিয়ান তেল, গ্যাস ও শস্য পাওয়ার সুযোগ করে দিয়েছে। নিরাপদ রুটে এসব পণ্য পরিবহন করা হচ্ছে। এই পরিবহনপথ অব্যাহতভাবে সুরক্ষিত হচ্ছে, যা তাইওয়ান ইস্যুতে পশ্চিমকে মোকাবিলায় চীন ব্যবহার করতে পারবে।

ইত্যবসরে বৃহৎ পরিসরের ভূরাজনৈতিক অনিশ্চয়তার পরিপ্রেক্ষিতে চীন, তুরস্ক, ভারত, কাজাখস্তান ও পূর্ব ইউরোপের কেন্দ্রীয় ব্যাংকগুলোর ক্রমবর্ধমানভাবে সোনা ক্রয়ের সিদ্ধান্ত সোনার দরকে রেকর্ড উচ্চতায় নিয়ে গেছে।

রাশিয়ার কেন্দ্রীয় ব্যাংকের যে সম্পদ জব্দ করা হয়েছে, সেই সম্পদ থেকে উপার্জিত মুনাফা বাজেয়াপ্ত করার জন্য ইউরোপীয় কমিশন সম্প্রতি পদক্ষেপ নিয়েছে। এসব পদক্ষেপও অ-পশ্চিমা দেশগুলোর বিকল্প পথে হাঁটার প্রবণতাকে জোরালো করবে।

বৈশ্বিক আর্থিক ব্যবস্থায় কেন্দ্রীয় ব্যাংকগুলোকে কেন্দ্রীয় কর্তৃত্বের মর্যাদা দেওয়া আছে এবং সে সুবাদে কেন্দ্রীয় ব্যাংকগুলোর সম্পদগুলো ঐতিহাসিকভাবে পবিত্র বলে বিবেচিত হয়ে আসছে। কিন্তু ইউরোপে থাকা রাশিয়ার সম্পদের দুই-তৃতীয়াংশের বেশি ব্রাসেলসভিত্তিক ক্লিয়ারিং হাউস ইউরোক্লিয়ারের দখলে থাকা সম্পদ আন্তর্জাতিক আদালত কিংবা জাতিসংঘের নিরাপত্তা পরিষদের কোনো রকম অনুমোদন ছাড়াই পশ্চিমা সরকারগুলো একতরফাভাবে জব্দ করেছে।

এখন ইউক্রেনকে সামরিক ও আর্থিক সহায়তা দিতে দিতে ইউরোপ হয়রান হয়ে পড়েছে। এই 'ইউক্রেন অবসাদে' আক্রান্ত ইউরোপীয় কমিশন রাশিয়ার জব্দ করা সম্পদ থেকে এক বছরে অর্জিত ৩৪৫ কোটি ডলার সুদ বাজেয়াপ্ত করতে চাচ্ছে।

ইউরোপীয় কমিশনের বর্তমান প্রস্তাবে বলা হয়েছে, এই অর্থের বেশির ভাগ ইউরোপিয়ান পিস ফ্যাসিলিটির (এই সংস্থা ইউক্রেনে অস্ত্র পাঠানোর জন্য ইইউভুক্ত দেশগুলোকে তহবিল সহায়তা দিয়ে থাকে) তহবিলে জমা করা হবে। বাকি অর্থ ইউরোপীয় ইউনিয়নের কেন্দ্রীয় বাজেটে যুক্ত হবে, যা ইউক্রেনের অস্ত্র-উৎপাদনের ক্ষমতাকে শক্তিশালী করার কাজে ব্যবহার করা হবে।

কিন্তু ইউরোপীয় কমিশনের এ পদক্ষেপ ইউক্রেন যুদ্ধের মোড় ঘুরিয়ে দিতে সাহায্য করবে বলে মনে হয় না। কারণ, ইউক্রেনের এখন সত্যিকার অর্থে অস্ত্র ও অর্থের চেয়ে যেটি বেশি দরকার, তা হলো তার হয়রান হয়ে পড়া বিধ্বস্ত বাহিনীতে নতুন দক্ষ জনবল নিয়োগ করা। এ ক্ষেত্রে আর কোনো বিকল্প নেই। ইউক্রেন তার হারানো সেনাশক্তি ফেরাতে কঠোর অনুশীলনের মাধ্যমে নতুন বাহিনী গড়ে তোলার চেষ্টা করেছে। কিন্তু আগের দক্ষ সেনাদের অভাব তারা পূরণ করতে পারেনি।

রাশিয়ার বৈধ উপার্জনকে এভাবে বাজেয়াপ্ত করা আন্তর্জাতিক আইনে একটি বিপজ্জনক নজির তৈরি করবে। এটি আইনকানুনভিত্তিক বিশ্বব্যবস্থার অগ্রদূত হিসেবে ইউরোপের যে বিশ্বাসযোগ্যতা আছে, তার ওপর মারাত্মক আঘাত হানবে।

এ ঘটনা অন্যান্য দেশকেও এই বার্তা দেবে, তাদের অর্থ পশ্চিমে মোটেও নিরাপদ নয়। ফলে পশ্চিমা প্রতিষ্ঠান ও মুদ্রার বিকল্প খোঁজার জন্য তারা মরিয়া হয়ে উঠবে।

আর এ ধারা অব্যাহত থাকলে পশ্চিমের আর্থিক নিষেধাজ্ঞার কার্যকারিতা একসময় দুর্বল হয়ে পড়বে। পশ্চিমাদের নিয়মিত নিষেধাজ্ঞা আরোপ ইতিমধ্যেই তাদের প্রভাবকে খর্ব করে ফেলেছে। এতে পশ্চিমা নিষেধাজ্ঞাগুলো যে সরকারকে নিশানা করে আরোপ করা হচ্ছে, তা সেই সরকারের আচরণ বদলাতেই শুধু ব্যর্থ হবে না, বরং তা রাশিয়া, ইরান, মিয়ানমার বা সিরিয়ার মতো দেশকে চীনের সঙ্গে ঘনিষ্ঠ সম্পর্ক গড়ে দেবে। এটি চীনের বাণিজ্যিক ও কৌশলগত স্বার্থকেও এগিয়ে নিয়ে যাবে। প্রকৃতপক্ষে ইউক্রেনে রাশিয়ার আগ্রাসন এবং সেই ইস্যুতে পশ্চিমাদের প্রতিক্রিয়া থেকে চীনের চেয়ে আর কোনো দেশই বেশি লাভবান হচ্ছে না।

**রাশিয়ার কেন্দ্রীয় ব্যাংকের যে সম্পদ জব্দ করা হয়েছে, সেই সম্পদ থেকে উপার্জিত মুনাফা বাজেয়াপ্ত করার জন্য ইউরোপীয় কমিশন সম্প্রতি পদক্ষেপ নিয়েছে। এসব পদক্ষেপও অ-পশ্চিমা দেশগুলোর বিকল্প পথে হাঁটার প্রবণতাকে জোরালো করবে।**

রাশিয়ার ওপর পশ্চিমের নিষেধাজ্ঞা চীনা মুদ্রা রেনমিনবির আন্তর্জাতিক ব্যবহার অনেক বাড়িয়ে দিয়েছে। এ ছাড়া এই নিষেধাজ্ঞা চীনের জন্য অনেক বেশি সস্তায় রাশিয়ান তেল, গ্যাস ও শস্য পাওয়ার সুযোগ করে দিয়েছে। নিরাপদ রুটে এসব পণ্য পরিবহন করা হচ্ছে। এই পরিবহনপথ অব্যাহতভাবে সুরক্ষিত হচ্ছে, যা তাইওয়ান ইস্যুতে পশ্চিমকে মোকাবিলায় চীন ব্যবহার করতে পারবে। এ ছাড়া চীন ২০২০ সাল থেকে এ পর্যন্ত তার পারমাণবিক অস্ত্রের মজুত দ্বিগুণের বেশি করেছে। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর অন্য কোনো দেশ এত দ্রুতগতিতে তার সামরিক শক্তিকে প্রসারিত করেনি। তবু পশ্চিমারা রাশিয়াকে শাস্তি দেওয়ার বিষয়ে এতটাই স্থিরপ্রতিজ্ঞ যে চীনকে এ বিষয়ে তারা ছাড় দিয়েছে।

উদাহরণ হিসেবে বলা যায়, প্রেসিডেন্ট জো বাইডেন এখন প্রতিরোধের বদলে কূটনীতির ওপর বেশি জোর দিয়ে চীনের সঙ্গে 'প্রতিযোগিতা পরিচালনা' করার চেষ্টা করছেন। তিনি তাঁর সর্বশেষ বাজেটে ইন্দো-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের বাজেট কমিয়ে ফেলেছেন। আদতে চীন নীরবে ক্রেমলিনের যুদ্ধ-মেশিনে তেল দিয়ে যাচ্ছে। চীন মনে করছে, পশ্চিমারা যত বেশি ভ্রান্ত থাকবে, ততই চীনের জন্য ভালো। এতে কোনো ভুল নেই যে রাশিয়ার চেয়ে চীন পশ্চিমা স্বার্থ ও নিয়মভিত্তিক বিশ্বব্যবস্থার জন্য অনেক বড় হুমকি হয়ে দাঁড়িয়েছে। যেখানে রাশিয়ার উচ্চাভিলাষ তার প্রতিবেশীদের মধ্যেই সীমাবদ্ধ, সেখানে চীন প্রধান বৈশ্বিক শক্তি হিসেবে যুক্তরাষ্ট্রের জায়গা দখলের চেষ্টায় আছে। এ কারণে পশ্চিম যদি রাশিয়ার বিষয়ে নীতি না পাল্টায় এবং আসল প্রতিদ্বন্দ্বী চীনের দিকে মনোযোগ না দেয়, তাহলে পশ্চিম সম্ভবত তার বিশ্বব্যাপী আধিপত্য হারাতে পারে।

লেখক: দিল্লিভিত্তিক গবেষণাপ্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি রিসার্চের স্ট্র্যাটেজিক স্টাডিজের ইমেরিটাস অধ্যাপক

স্বত্ব: প্রজেক্ট সিন্ডিকেট, অনুবাদ: সারফুদ্দিন আহমেদ

পথে হাঁটলে তা হামাসকে পুরস্কৃত করবে এমন নয়, বরং এতে ইসরায়েল নিজেও লাভবান হবে। গত ৭ অক্টোবরের ভয়ংকর ঘটনা পরিষ্কার করেছে, ফিলিস্তিনিদের জন্য সন্তোষজনক রাজনৈতিক সমাধান ছাড়া ইসরায়েল কখনোই সন্ত্রাসের আতঙ্ক থেকে মুক্ত হতে পারবে না।

মধ্যপ্রাচ্যের সব পক্ষের সঙ্গে কয়েক বছর ধরে আলাপ-আলোচনা করা এবং কয়েক দশক ধরে বিভিন্ন আন্তর্জাতিক দ্বন্দ্ব প্রতিরোধ ও সমাধানে কাজ করার অভিজ্ঞতা আমাকে নিশ্চিত করেছে, হতাশা খুব সহজেই ক্রোধে পরিণত হতে পারে এবং তারপর সেটি অবর্ণনীয় আক্রোশে রূপ নিতে পারে। সেই একই অভিজ্ঞতা থেকে আন্দাজ করতে পারি, ন্যায্য এবং মর্যাদাপূর্ণ মীমাংসার আশাবাদ সত্যিকার অর্থে যখন দেখা যায়, তখন সহিংসতার হুমকি দ্রুত কমে যায়।

৭ অক্টোবরের হামলার মূল কারণ উপলব্ধির অর্থ কখনোই নিরপরাধ মানুষ হত্যাকে ন্যায্যতা দেওয়া নয়। ইসরায়েলকে সর্বশক্তি দিয় এ ধরনের হামলা প্রতিরোধ করার অনুমতি ও অধিকার আন্তর্জাতিক আইন দিয়েছে। কিন্তু প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুর সরকার ও তাঁর অন্ধ সমর্থকেরা মূল কারণকে অস্বীকার করে চলেছেন। তাঁরা রাজনৈতিক সমাধানের পথে হাঁটতে অস্বীকার করে যাচ্ছেন। এটি আরও সন্ত্রাসী হামলাকে আমন্ত্রণ জানাচ্ছে।

এটি এখন বিশেষ সত্য হয় উঠেছে যে অনেক সাধারণ ও নিরীহ ফিলিস্তিনি ইসরায়েলের প্রতিক্রিয়ার অসামঞ্জস্যপূর্ণ বর্বরতার কারণে বাস্তুচ্যুত, আঘাতপ্রাপ্ত এবং ক্ষুব্ধ হয়ছেন।

আমি সবখানে সব সময় বলে থাকি, ফিলিস্তিনকে স্বাধীন রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দেওয়ার নৈতিক, আইনি এবং রাজনৈতিক যুক্তি বরাবরই জোরালো। জাতিসংঘের প্রায় ১৪০টি সদস্যদেশ (যদিও এগুলোর প্রায় সবই বৈশ্বিক দক্ষিণের দেশ) ফিলিস্তিনকে স্বাধীন রাষ্ট্রের মর্যাদা দেওয়ার পক্ষে।

গাজা যুদ্ধ এখন ফিলিস্তিনকে স্বাধীন রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দেওয়ার ইস্যুটিকে নতুন প্রাসঙ্গিকতা দিয়েছে। আগের চেয় বেশি সংখ্যক দেশ এখন ইসরায়েলের অস্থিরতাকে কেবল ফিলিস্তিনিদের দুর্দশাকে চিরস্থায়ী হাতিয়ার হিসেবে দেখছে না; বরং তারা এই বেপরোয়া (বাকি অংশ ৬ পাতায়)



# সুপরিকল্পিত উদ্যোগে বুড়িগঙ্গা ফিরিয়ে আনা সম্ভব নগরায়ণ

॥ সৈয়দ ফারুক হোসেন ॥

পৃথিবীর ইতিহাস বলে, সর্বত্রই সভ্যতার বিকাশ ঘটেছে নদীকে কেন্দ্র করে। নদীর তীরেই গড়ে উঠেছিল হাজারো জনপদ। কিন্তু বহু জনপদে মানুষ সেই নদীকে কোনো প্রতিদান তো দেয়ইনি, বরং ভাগাড়ে পরিণত করেছে। যেমন মনোমুগ্ধকর নদী বুড়িগঙ্গাকেও আমরা ধীরে ধীরে মেরে ফেলেছি। অথচ বুড়িগঙ্গা এ অঞ্চলের জীবন-জীবিকা ও উৎসবের অংশ হয়ে থাকার কথা ছিল। এখনও যদি এ নদীকে আগের অবস্থায় ফিরিয়ে না আনা যায় তাহলে ঢাকাকে বাঁচানো যাবে না।

মোগলরা বুড়িগঙ্গা নদীটির জোয়ার-ভাটার রূপ দেখে বিস্ময়াভিভূত হয়ে পড়েছিল এবং এর তীরের ঢাকা শহরকে সুবে বাংলার রাজধানী হিসেবে বেছে নিয়েছিল। ঢাকা শহরের জন্য বুড়িগঙ্গা নদী অর্থনৈতিকভাবেও খুবই গুরুত্বপূর্ণ। এই নদী দিয়ে দেশের দক্ষিণাঞ্চলসহ বিভিন্ন অঞ্চলে লঞ্চে যাতায়াত করা হয় এবং দেশি নৌকা চলাচল করে। বাংলাদেশকে নদীমাতৃক বলা হতো। গ্রামবাংলা, শহর অর্থাৎ পুরো বাংলাদেশ দাঁড়িয়ে ছিল নদীর ওপর ভিত্তি করে।

বুড়িগঙ্গা ঘিরে যে সভ্যতা তৈরি হয়েছে, সেই সভ্যতাই নদীটির দখল ও দূষণের অন্যতম কারণ। অধিক মাত্রায় জনসংখ্যা ঢাকাকে আজ দূষিত রাজধানী করে তুলেছে। বুড়িগঙ্গাকে আজও বলা হয় ঢাকার হৃদয়; অথচ মানুষের হৃদয়হীন আচরণে বুড়িগঙ্গার প্রাণ ওষ্ঠাগত। দখল ও দূষণের কারণে বুড়িগঙ্গা হারিয়েছে যৌবন, বুড়িগঙ্গার পানি হয়ে পড়েছে ব্যবহার অনুপযোগী। দূষিত পানি ও দুর্গন্ধের জন্য নদী-তীরবর্তী এলাকায় স্বাস্থ্যগত সমস্যা তীব্র। অক্সিজেনের মাত্রা শূন্যের কোঠায়। বুড়িগঙ্গা এখন শুধু দেশেরই নয়, দুনিয়ার অন্যতম দূষণাক্রান্ত নদী। এ নদীর পানি তার স্বাভাবিক রংও হারিয়ে ফেলেছে দূষণের কারণে। বুড়িগঙ্গার দূষণ দেশের অন্য সব নদীর জন্যও কাল হয়ে দাঁড়িয়েছে। শুধু মানববর্জ্যই নয়, শিল্পকারখানার বর্জ্য, রাজধানীর ময়লা-আবর্জনা এবং নৌযানের সব ধরনের আবর্জনা নির্বিচারে বুড়িগঙ্গায় ফেলা হচ্ছে। দূষণের কারণে বুড়িগঙ্গা যেভাবে জলজ প্রাণীর জীবন ধারণের অযোগ্য হয়ে পড়েছে, তা উদ্বেগজনক। বুড়িগঙ্গার পানি দিয়েই গোসল, রান্নাসহ যাবতীয় কাজ করত অসংখ্য মানুষ। আর এখন বুড়িগঙ্গার পানি গায়ে লাগলেই চর্মরোগের আশঙ্কা থাকে।

এই অবস্থা এক দিনে হয়নি। কোনো প্রতিকার ছাড়াই বছরের পর বছর থেকে এই নদী ক্রমাগত দূষিত হয়ে আজকের পর্যায়ে এসে পৌঁছেছে। বুড়িগঙ্গাকে বাঁচাতে এখনই মহাপরিকল্পনা প্রণয়ন অপরিহার্য। কারণ বুড়িগঙ্গা মারা পড়লে ঢাকা পরিত্যক্ত নগরী হিসেবেই বিবেচিত হবে। ঢাকার চারপাশের নদনদীতে ভয়াবহ দূষণের কারণে এসব নদীর পানি শোধন করা সম্ভব হয় না। ফলে ঢাকা ওয়াসা ক্রমবর্ধমান হারে ভূগর্ভস্থ পানির ওপরই নির্ভরশীল, যা ভবিষ্যতে এই নগরীর পরিবেশের ভয়াবহ সর্বনাশ ডেকে আনবে। অতি ব্যবহারে ভূগর্ভস্থ পানির স্তর নিচে নেমে যাওয়ায় দুর্যোগের ঝুঁকিও প্রবল।

এখন রূপকথার মতো শোনাবে যে বুড়িগঙ্গায় জাল ফেলে মাছ ধরে ভালোই দিন কাটত জেলেদের। এই নদীতে বর্ষাকালে অল্পস্বল্প হলেও মাছ পাওয়া যায়। বৃষ্টি বাড়লে বুড়িগঙ্গায় মেলে শিং, মাগুরসহ দেশীয় প্রজাতির মাছ। কিন্তু দূষিত বুড়িগঙ্গার নতুন আতঙ্ক 'সাকার ফিশ'। অনেকে 'রাক্ষুসে মাছ' বলে। এ মাছের কারণে বুড়িগঙ্গা থেকে হারিয়ে যাচ্ছে অন্যান্য মাছ। বুড়িগঙ্গার যে কোনো ঘাটে দাঁড়ালে পানিতে এই মাছের আধিক্য লক্ষ্য করা যায়। মাছটি সাধারণ কোনো মাছ নয়। দেখতেও ভয়ানক। শরীরে ছোট ধারালো কাঁটাযুক্ত এই মাছ অন্য মাছ খেয়ে ফেলে। এ ছাড়া এই মাছ আবর্জনা ও ময়লা খেয়ে জীবন ধারণ করতে পারে। সরকার কর্তৃক বিক্রি ও প্রজনন নিষিদ্ধ থাকায় সাকার মাছ বিক্রি করেন না জেলেরা। সাকার মাছে মানবদেহের জন্য ক্ষতিকর ভারী ধাতুসহ রাসায়নিক পদার্থের উপস্থিতি রয়েছে এবং এই মাছ দেশীয় মাছ বিলুপ্তি করতে পারে এবং বাস্তুতন্ত্র ধ্বংস করে দিতে পারে বলে শঙ্কা অনেক বিশেষজ্ঞের। অথচ এই মাছে ভরে যাচ্ছে বুড়িগঙ্গা।

ম্যাগাসিটি রাজধানী ঢাকার দুই কোটি মানুষের মলমূত্রসহ বিভিন্ন কলকারখানা, গৃহস্থালির ২০ হাজার ঘনমিটারের বেশি বর্জ্য প্রতিদিন বুড়িগঙ্গায় ফেলা হচ্ছে। শিল্পবর্জ্য, পয়োবর্জ্য সরাসরি পড়ছে বুড়িগঙ্গায়। পানি থেকে ছড়ানো গন্ধে অতিষ্ঠ দুই পাড়ের মানুষ। আশপাশের ফসল, মাছ, মাটি, পানিও নষ্ট হয়ে যাচ্ছে। পলিথিন, ট্যানারিসহ শিল্পকারখানার বর্জ্য, হাসপাতাল-ক্লিনিকের পরিত্যক্ত কেমিক্যাল, লঞ্চ-জাহাজের পোড়া তেল-মবিল, টনকে টন বিষ্ঠা বুড়িগঙ্গাকে বিষে জর্জরিত করে তুলছে। দখলদারদের হাত থেকে রেহাই পায়নি বুড়িগঙ্গার খালগুলোও। এক সময়কার টলমলে পানির খালগুলো এখন পরিণত হয়েছে দুর্গন্ধযুক্ত নালায়। ময়লা-দুর্গন্ধযুক্ত কালো পানিতে নদী পারাপার হচ্ছে স্থানীয় মানুষ। এ ছাড়াও খালের জায়গা দখল করে গড়ে উঠেছে স্থাপনা। অবৈধভাবে দখলকৃত স্থানে গড়ে উঠেছে রিকশা-ভ্যানের গ্যারেজ। সব মিলিয়ে বুড়িগঙ্গার অবস্থা এখন নাজুক। নদী হয়ে গেছে সংকুচিত। যেটুকু আছে তা ভরে আছে সব বিষাক্ত পদার্থে। এই বুড়িগঙ্গাকে বাঁচিয়ে তুলতে দরকার সরকারি উদ্যোগের পাশাপাশি জনসচেতনতা। স্বাধীন বাংলাদেশের গর্বিত রাজধানী ঢাকার প্রাণ বুড়িগঙ্গা অত্যাচারে-অনাচারে, দূষণে মৃতপ্রায়। এর ঐতিহাসিক প্রবাহ ফিরিয়ে আনতে হবে। বুড়িগঙ্গার ভরাট, দখল, শুকনো ও হারিয়ে যাওয়া অংশ দখল উচ্ছেদ ও খননের মাধ্যমে নদীপ্রবাহ ফিরিয়ে আনতে হবে। প্রবহমান অংশের তীরবর্তী দখল উচ্ছেদের পর তা স্থায়ী করতে নজরদারি ও তদারকি প্রয়োজন। পাশাপাশি দীর্ঘদিনের জমা হওয়া বর্জ্য অপসারণ করতে হলে হাতে নিতে হবে দীর্ঘমেয়াদি পরিকল্পনা। উদ্যোগ নিতে হবে ঢাকার অন্য নদীগুলোর সঙ্গে বুড়িগঙ্গার সংযোগ সারাবছর নাব্য রাখার। নদীতীর দখলমুক্ত করে জনসাধারণের জন্য হঁ-াটাচলার রাস্তা তৈরির সঙ্গে লাগানো যায় দেশীয় গাছ। সুপরিকল্পিত উদ্যোগ

নিলে দীর্ঘ মেয়াদে বুড়িগঙ্গাকে আগের অবস্থায় ফিরিয়ে আনা সম্ভব।

*সৈয়দ ফারুক হোসেন : রেজিস্ট্রার,*
*বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিব*
*বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, জামালপুর*

# পাবলিক বিশ্ববিদ্যালয়: সংখ্যা নয়, গুণগত মান জরুরি উচ্চ শিক্ষা

॥ জিয়া আহমেদ ॥

কোনো এক অস্পষ্ট কারণে সরকার দেশের ৬৪ জেলায় পাবলিক বিশ্ববিদ্যালয় স্থাপনের সিদ্ধান্ত নিয়েছে। জানা মতে, এই সরকারের আমলে আজ পর্যন্ত ২৫টি বিশ্ববিদ্যালয় অনুমোদন দেওয়া হয়েছে, যেগুলো একাডেমিক কার্যক্রম পরিচালনা করছে এবং আরও ১০টি বিশ্ববিদ্যালয় প্রস্তাবিত আছে। আমি মনে করি, দেশের আর্থসামাজিক বাস্তবতা সাপেক্ষে এ সিদ্ধান্ত নেওয়া হয়নি।

এ বিষয়ে লিখতে গেলে সবার আগে আসে আমরা কি মানসম্পন্ন শিক্ষা চাই, নাকি ক্যাম্পাসে একটা নির্দিষ্ট সময় অবস্থানকারী শিক্ষার্থীদের মাঝে সনদ বিতরণই যথেষ্ট মনে করছি। দেখবেন, আমাদের জনপ্রতিনিধিরা তাদের রাজনৈতিক ইশতেহারে নিজ এলাকায় বিশ্ববিদ্যালয় স্থাপনের আশ্বাস দিয়ে থাকেন এবং নির্বাচনের পর সেটি বাস্তবায়নের জন্য সরকারের উচ্চ মহলে যোগাযোগ বাড়ান। তাদের অনেকে সফল হয়েছেন, কেউ কেউ হয়তো ভবিষ্যতে সফল হবেন। আমার উদ্বেগের জায়গা হলো, আমরা বিশ্ববিদ্যালয় অনুমোদন দিচ্ছি ঠিকই কিন্তু তার আগে গবেষণাগার, ক্লাসরুম, পরিবহন ইত্যাদির মতো অবকাঠামোগত বিষয়গুলো বাস্তবায়ন হওয়া প্রয়োজন- তা পূরণ করতে পারছি না। সবচেয়ে বড় প্রয়োজন, যোগ্যতাসম্পন্ন শিক্ষক- তার প্রায় কিছুই আমরা দিতে পারছি না। মোট কথা, আমরা বিশ্ববিদ্যালয়ের মতো একটি সর্বোচ্চ বিদ্যাপীঠ স্থাপনের সিদ্ধান্ত নিচ্ছি যথাযথ পরিকল্পনা, অবকাঠামো, ক্লাসরুম ও লাইব্রেরি ছাড়া। সর্বোপরি সেই বিশ্ববিদ্যালয়ে আমরা নিছক দলীয় বিবেচনায় একপ্রকার রাজনীতিক উপাচার্য নিয়োগ দিচ্ছি, যাদের অনেকেই বিগত সময়ে ঢাকা থেকেই বিশ্ববিদ্যালয় পরিচালনা করেছেন। তারা ভাড়া করা একটি নির্দিষ্ট কলেজ কিংবা ভাড়া করা একটি নির্দিষ্ট বিল্ডিংয়ে তাদের সময় অতিবাহিত করে আসছেন। তারা না পারছেন একটি অবকাঠামো দাঁড় করাতে, না পারছেন একটি ভালো গবেষণাগার করতে। অনেক সময় হয়তো তারা অল্প সময় হাতে পান, যা কাঠামো করার জন্য যথেষ্ট নয়।

আমি ব্যক্তিগতভাবে একটি বিশ্ববিদ্যালয়ের খবর জানি, যার একটি ব্যাচ অনার্স কোর্স শেষ করে বের হয়ে যাওয়ার উপক্রম কিংবা বের হয়ে গেছে, অথচ যার নিজস্ব কোনো অবকাঠামো নেই। নতুন বিশ্ববিদ্যালয়গুলোতে আমরা বিভিন্ন সময় দেখেছি রাজনৈতিক উপাচার্য নিয়োগের ফলে নিয়োগ বাণিজ্য, অনিয়ম, দুর্নীতি, স্বজনপ্রীতি হচ্ছে; অর্থাৎ আমরা এই যে জেলায় জেলায় বিশ্ববিদ্যালয় স্থাপন করতে যাচ্ছি তা প্রকৃতপক্ষে উচ্চশিক্ষার জন্য মঙ্গলজনক কিছু বয়ে নিয়ে আসছে না।

একজন উপাচার্য সেই বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের, শিক্ষকদের, কর্মকর্তা-কর্মচারীদের তথা সবার অভি-ভাবক। সুতরাং, তাঁর নিয়োগ প্রক্রিয়ায় একাডেমিক ও প্রশাসনিক অভিজ্ঞতাকে জোর দেওয়া দরকার। কারণ উপাচার্য যদি একাডেমিক হন তিনি বিশ্ববিদ্যালয়ের নিয়োগ প্রক্রিয়াকে একটি স্বচ্ছতার ও জবাবদিহির জায়গায় নিয়ে আসতে পারবেন। আমরা জানি, বাংলাদেশের রাজনৈতিক প্রেক্ষাপটে উপাচার্য নিয়োগ প্রক্রিয়াটি একটি জটিল প্রক্রিয়া। সরকার তার রাজনৈতিক আদর্শধারী ব্যক্তিকে উপাচার্য নিয়োগ দিক, আপত্তি নেই; কিন্তু একই রাজনৈতিক আদর্শসম্পন্ন একজন ভালো একাডেমিশিয়ান ও প্রশাসনিক কাজে দক্ষ ব্যক্তিকে

উপাচার্য হিসেবে নিয়োগ করলে বিশ্ববিদ্যালয়ের গতিশীলতা আরও অনেক বেশি বাড়বে।

আমরা জানি, এখনও পুরোনো বিশ্ববিদ্যালয় থেকেই বিদেশে পড়তে যাওয়ার সংখ্যা বেশি, নতুন বিশ্ববিদ্যালয়ের ছেলেমেয়েরা বাইরে পড়তে যাচ্ছে না, তা নয়; কিন্তু সংখ্যাটা নগণ্য। আমি এর দায় ছাত্রছাত্রীদের ওপরে চাপাব না, আমরা যে প্রক্রিয়ার মধ্য দিয়ে তাদের বের করে দিচ্ছি, সেটি এই গ্লোবালাইজেশনের যুগে পর্যাপ্ত নয়। সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে, আমরা যে প্রক্রিয়ার মধ্য দিয়ে বিশ্ববিদ্যালয় করছি তা উচ্চশিক্ষার পরিকল্পনার সঙ্গে একেবারেই বেমানান।

সরকারের উচিত আমাদের দেশের বিজ্ঞ অধ্যাপকদের সমন্বয়ে একটি বোর্ড গঠন করা এবং উচ্চশিক্ষার জন্য একটি মহাপরিকল্পনা গ্রহণ ও প্রণয়ন করা। অবশ্যই সেই অধ্যাপকদের শিক্ষাবিষয়ক গবেষণা ও তার বাস্তবিক প্রয়োগ নিয়ে কাজের অভিজ্ঞতা থাকতে হবে। তবে তার আগে সরকারের উচিত নতুন কোনো পাবলিক বিশ্ববিদ্যালয় অনুমোদন না দিয়ে যেসব বিশ্ববিদ্যালয় ইতোমধ্যে অনুমোদন দেওয়া হয়েছে তার সংকট দূর করা অর্থাৎ তার অবকাঠামো, বাজেট, গবেষণা, শিক্ষক নিয়োগ ও পরিবহন সমস্যা দূর করা। বাংলাদেশের পাবলিক বিশ্ববিদ্যালয়গুলো সুদিন ফিরে পাক- এ স্বপ্ন বাস্তবায়নের অপেক্ষায় রইলাম।

জিয়া আহমেদ: পিএইচডি গবেষক, মিসিসিপি স্টেট ইউনিভার্সিটি ও সহকারী অধ্যাপক, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সিলেট




বাংলা পত্রিকা পড়তে ভিজিট করুন
banglapartikausa.com

বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika
Editor : Abu Taher
Tel: 718-482-9923, 718-482-1169
Fax: 718-482-9935

## সম্পাদকীয়

### আইএমএফের শর্ত বাস্তবায়ন
### আর্থিক খাতের স্বচ্ছতা জরুরি

ব্যাংক খাতকে আগামী জুনের মধ্যে আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) দেওয়া একটি কঠিন শর্ত বাস্তবায়ন করতে হবে। শনিবার ঢাকার দৈনিক যুগান্তরের খবরে প্রকাশ-আন্তর্জাতিক ব্যাংকিং ঝুঁকি মোকাবিলার রীতি ব্যাসেল-৩-এর মানদন্ড অনুযায়ী বাণিজ্যিক ব্যাংকগুলোর দুর্দশাগ্রস্ত সম্পদের তথ্য প্রকাশ করতে হবে। জানা গেছে, আইএমএফ থেকে সরকার ৪৭০ কোটি ডলারের যে ঋণ নিয়েছে, তার মধ্যে বেশকিছু শর্ত আছে, যার মধ্যে এটিও রয়েছে। এখন আশঙ্কা করা হচ্ছে, এ শর্ত মানতে গেলে ব্যাংক খাতের ঝুঁকির মাত্রা বৃদ্ধি পাবে। দেশের ভেতরে ইমেজ সংকটের পাশাপাশি বিদেশেও ভাবমূর্তি হবে প্রশ্নবিদ্ধ। সংশ্লিষ্টরা বলছেন, ব্যাংকের দুর্দশাগ্রস্ত সম্পদের পরিমাণ বাড়লে এ খাতের দুর্বলতা আরও বেশি করে প্রকাশ হয়ে যাবে।

এতে দেশের পাশাপাশি বিদেশেও বাংলাদেশের ব্যাংক খাতের সার্বিক অবস্থা নিয়ে সংশয় দেখা দিতে পারে। তখন অনেক ব্যাংক বিশেষ করে বৈদেশিক এলসি খোলার ক্ষেত্রে তৃতীয় পক্ষীয় গ্যারান্টি আরোপ করতে পারে।

ফলে গ্যারান্টিদাতা ব্যাংককে বাড়তি কমিশন দিতে হলে আমদানির খরচ তো বটেই, ব্যবসার খরচও বেড়ে যাবে। এতে ব্যবসায়ীসহ ভোক্তারাও বিপাকে পড়তে পারেন। যদিও কেন্দ্রীয় ব্যাংক সূত্র বলছে, ব্যাসেল-৩ মানদন্ডে দুর্দশাগ্রস্ত সম্পদের পরিমাণ খুব বেশি বাড়বে না। কারণ খেলাপি ঋণ আদায় বেড়েছে।

ব্যাসেল-৩ নীতিমালার আলোকে একটি ব্যাংকের মোট ঝুঁকিভিত্তিক সম্পদের বিপরীতে কমপক্ষে ১০ শতাংশ বা ৫০০ কোটি টাকা-এর মধ্যে যেটি বেশি, তা ন্যূনতম মূলধন হিসাবে রাখতে হবে। এর বাইরে দেশের প্রতিটি ব্যাংককে আপৎকালীন সুরক্ষা দিতে অতিরিক্ত আরও আড়াই শতাংশ হারে মূলধন রাখার নির্দেশনা রয়েছে। এটি প্রতিপালন হচ্ছে কিনা, তা খতিয়ে দেখার স্বার্থেই আইএমএফের শর্ত মেনে তা প্রকাশ করাই যুক্তিযুক্ত বলে মনে করি আমরা।

এর ফলে এ খাত নিয়ে যে বিভ্রান্তির সৃষ্টি হয়েছে তা যেমন দূর হবে, তেমনি ব্যাংকগুলোর প্রকৃত অবস্থাও জানা সম্ভব হবে। আমরা দেখছি, সুশাসনের অভাবে ঋণ বিতরণে জালিয়াতি ও অনিয়মের ফলে দুর্দশাগ্রস্ত ব্যাংকগুলোকে অস্তিত্ব রক্ষার্থে অপেক্ষাকৃত সবলদের সঙ্গে একীভূত করা হচ্ছে। এতে জনমনে আতঙ্ক ও বিভ্রান্তি সৃষ্টি হয়েছে, যা কাম্য নয়। ব্যাংকগুলোর প্রকৃত চিত্র তুলে ধরলে এ বিভ্রান্তি অনেকটাই দূর হবে। মনে রাখতে হবে, আর্থিক খাতে অনিয়ম ও খেলাপি ঋণ আদায়ে শিথিলতার সুযোগ নেই। এমনিতেই বৈশ্বিক কারণে ডলারের দাম বৃদ্ধি, রেমিট্যান্স প্রবাহ কমে যাওয়া এবং বৈদেশিক ঋণ পরিশোধ করতে গিয়ে রিজার্ভের পরিমাণ কমছে।

এমন অবস্থায় ব্যাংক খাতের স্বচ্ছতার স্বার্থে আন্তর্জাতিক অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ড বোর্ড দ্বারা প্রণীত আন্তর্জাতিক আর্থিক রিপোর্টিং স্ট্যান্ডার্ড (আইএফআরএস) সিস্টেম বাস্তবায়ন করা যেতে পারে। তাহলে ব্যাংকগুলোর হিসাব ব্যবস্থাপনায় স্বচ্ছতা কিছুটা হলেও ফিরে আসবে, একইসঙ্গে তা আন্তর্জাতিক মানেরও হবে। আইএমএফের শর্তের কারণে নয়, স্বচ্ছতার স্বার্থেই কেন্দ্রীয় ব্যাংক নিজ উদ্যোগে বাণিজ্যিক ব্যাংকগুলোর দুর্দশাগ্রস্ত সম্পদের তথ্য দ্রুত প্রকাশ করবে, এটাই প্রত্যাশা।

# রাশিয়াকে 'অস্ত্র' দিয়ে চীন কেন চরম ঝুঁকি নিচ্ছে?

॥ চি মেং টান ॥

যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টনি ব্লিঙ্কেন ২০ এপ্রিল ইতালীর দ্বীপ ক্যাপ্রিতে জি-৭-এর পররাষ্ট্রমন্ত্রীদের বৈঠককালে চীনের দিকে একগুচ্ছ সতর্কবার্তা ছুড়ে দিয়েছিলেন। যুক্তরাষ্ট্রের এই শীর্ষ কূটনীতিক অভিযোগ তোলেন যে রাশিয়ায় অস্ত্রের সঙ্গে সম্পর্কিত প্রযুক্তির 'প্রধান দাতা'দেশ চীন। ব্লিঙ্কেন বলেন, 'শীতল যুদ্ধ শেষে ইউরোপের নিরাপত্তার সবচেয়ে বড় হুমকিতে' জ্বালানি জোগাচ্ছে বেইজিং।

এ সপ্তাহে ব্লিঙ্কেন যখন বেইজিং সফরে এলেন, তখন তিনি চীনের কাছে এ বিষয়ে বিস্তারিত তথ্য তুলে ধরেন। ইউক্রেন যুদ্ধের সময়টাতে যুক্তরাষ্ট্রের অনুরোধে চীন রাশিয়ার কাছে অস্ত্র ও গোলাবারুদ বিক্রি না করলেও এমন সব উপকরণ বিক্রি করছে, যেগুলো সামরিক কাজে ব্যবহার করা হয়। এর একটা তালিকা ব্লিঙ্কেন চীনের হাতে তুলে দিয়েছেন। এর মধ্যে সেমিকন্ডাক্টর, হেলমেট, ড্রোন, ভেস্ট, যন্ত্রাংশ ও রেডিও রয়েছে।

আপাতভাবে, রাশিয়ার শিল্প খাতে চীন যে কাঁচামাল সরবরাহ করে যাচ্ছে, সেটাও ইউক্রেনের নিরাপত্তার জন্য হুমকি তৈরি করছে। দুর্ভাগ্যজনকভাবে, চীন ও চীনের বিভিন্ন কোম্পানির সমর্থন পেয়ে রাশিয়া যেভাবে তার যুদ্ধ প্রচেষ্টাকে এগিয়ে নিয়ে যেতে পারছে, তাতে এসব কোম্পানি যুক্তরাষ্ট্র সরকারের নিষেধাজ্ঞায় পড়তে পারে।

এখন প্রশ্ন হচ্ছে, চীনের অর্থনীতি যখন দুর্বল হয়ে পড়েছে এবং যুক্তরাষ্ট্র নিষেধাজ্ঞা দিলে সেটা আরও দুর্বল হয়ে পড়বে, সেটা জেনেও বেইজিং কেন এত প্রবলভাবে মস্কোকে সহযোগিতা করে যাচ্ছে? এককথায় উত্তর হলো, অস্তিত্ব।

**চীনের মিত্র দরকার**

চীন এটা বুঝতে পারে যে বৈশ্বিক ক্ষমতায় যুক্তরাষ্ট্রের মনোপলি ভেঙে দিতে হলে তারা সেটা একা পারবে না। যুক্তরাষ্ট্রের আধিপত্যে পরিচালিত আন্তর্জাতিক ব্যবস্থায় সংস্কার আনতে গেলে একটা শক্তিশালী রাশিয়াকে দরকার চীনের। সে কারণেই চীন চায়, রাশিয়া যেন দীর্ঘস্থায়ীভাবে টিকে থাকতে পারে।

চীনের বিখ্যাত একটা প্রবাদ হলো, 'যখন কারও ঠোঁট খোয়া যায়, ঠান্ডা গিয়ে দাঁতে কামড় দেয়'। এর অর্থ হচ্ছে, যখন দুটি জিনিস পরস্পর নির্ভরশীল, তখন একটি ক্ষতি হলে তার প্রভাব অন্যটির ওপর গিয়ে পড়ে। বর্তমানে পশ্চিমারা দুর্বৃত্ত রাষ্ট্র রাশিয়ার সঙ্গে বোঝাপড়া করছে। বেইজিং এটা বোঝে যে রাশিয়ার যদি পতন হয়, তাহলে পশ্চিমারা তাদের সম্পদকে একত্র করে 'চীনা হুমকি' মোকাবিলার কাজে ব্যবহার করতে শুরু করবে। সে কারণেই বেইজিং মস্কোকে সহায়তা করে।

বর্তমানে চীনের প্রেসিডেন্ট সি চিন পিং ও রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের মধ্যে ঘনিষ্ঠ বন্ধুত্ব বিরাজ করছে। দুই সরকারের মধ্যে সম্পর্ক কতটা ঘনিষ্ঠ, সেটার আঁচ করা যায় ২০২২ সালে ৪ ফেব্রুয়ারী যৌথ বিবৃতি থেকে। সেই বিবৃতিতে বলা হয়, চীন-রাশিয়া সম্পর্কের কোনো 'সীমারেখা' নেই, দুই দেশের সহযোগিতার ক্ষেত্রেও কোনো 'নিষিদ্ধ এলাকা' নেই।

১৯৬১ সালে চীন-উত্তর কোরিয়া যে প্রতিরক্ষা চুক্তি করেছিল, ২০২১ সালে তার নবায়ন করে। এ পরিপ্রেক্ষিতে ওপরের আশঙ্কাগুলোর কথা শুনতে অদ্ভুত বলে মনে হতে পারে। কিন্তু দুই দেশের বন্ধুত্বপূর্ণ সম্পর্কের ওপরের পাতলা আবরণের নিচে গভীর অসন্তোষ রয়েছে। শতাব্দীর পর শতাব্দী সেই অসন্তোষ চলে আসছে। কিন্তু একটা বাস্তবতা সরাসরি বলা প্রয়োজন। চীন-রাশিয়া সম্পর্ক সব সময় পুষ্পময় নয়। সোভিয়েত ইউনিয়ন ও চীন দুই দেশের সঙ্গে কমিউনিস্ট মতাদর্শ নিয়ে প্রবল উত্তেজনা চলেছিল। সীমান্ত নিয়েও তাদের মধ্যে বড় বিরোধ ছিল।

এই উত্তেজনা চরমে পৌঁছালে ১৯৬১ সালে দুই দেশের কমিউনিস্ট সরকার তাদের আনুষ্ঠানিক মৈত্রী ভেঙে দিয়েছিল। এরপর চীন ও রাশিয়ার সেনারা উত্তর-পূর্ব চীন ও জিনজিয়ান প্রদেশে সংঘর্ষে লিপ্ত হয়েছিলেন। সে কারণেই চীন ও রাশিয়া দুই পক্ষের মধ্যে অবিশ্বাস থাকা এবং দ্বিপক্ষীয় সম্পর্কে রাশিয়া তাদের নিজেদের স্বার্থ দেখছে, চীনের বিশেষজ্ঞদের মধ্যে এমন মনোভাব থাকা মোটেই



আশ্চর্যজনক বিষয় নয়।

এখন যদি দ্বিতীয় দফায় ট্রাম্প প্রেসিডেন্ট হয়ে আসেন, তাহলে যুক্তরাষ্ট্র ইউক্রেনকে সমর্থন দেওয়া কমিয়ে দিতে পারে, রাশিয়ার সঙ্গে সম্পর্ক উন্নয়ন করতে পারে। সে ক্ষেত্রে ক্রেমলিনের কাছে অগ্রাধিকারে বিষয় হতে পারে, পশ্চিমের সঙ্গে ভালো সম্পর্ক গড়ে তোলা। এ ক্ষেত্রে যুক্তরাষ্ট্রের সঙ্গে চীনের যে লড়াই চলছে, তা থেকে সমর্থন তুলে নিতে পারে রাশিয়া।

ঘটনাক্রমে রাশিয়ার প্রতি চীনের অবিশ্বাস ও অস্তিত্বগত উদ্বেগের প্রশ্নটি আরও স্পষ্ট হয়েছে উত্তর কোরিয়ায় চীনের উচ্চপর্যায়ের প্রতিনিধিদের সফরের মধ্য দিয়ে। ১৩ এপ্রিল চীন শীর্ষ আইনপ্রণেতা ও কমিউনিস্ট পার্টির তৃতীয় শীর্ষ নেতা জাও লেজি পিয়ংইয়ং সফর করেন।

উত্তর কোরিয়ার লৌহমানব কিম জং-উনের সঙ্গে জাও লেজির বৈঠক সম্পর্কে বলা হয়, এর অর্থ হলো, দুই দেশের মধ্যকার ভালো সম্পর্ক ও দ্বিপক্ষীয় সহযোগিতা আরও গভীর হলো। জাওয়ের এই সফর কেবল কি সৌজন্য সাক্ষাৎ?

এই সফর যে সময়ে হলো, সেটা খুব কৌতূহলোদ্দীপক। উত্তর কোরিয়া-রাশিয়া সম্পর্ক যখন উথলিয়ে উঠছে, সে সময়েই এই সফর। খবরে প্রকাশ, উত্তর কোরিয়া থেকে রাশিয়া বিপুল পরিমাণ গোলাবারুদ কিনছে। তা দিয়ে রাশিয়া ইউক্রেনের বিরুদ্ধে যুদ্ধে ব্যবহার করছে। এ ঘটনা মস্কো ও পিয়ংইয়ংকে কাছাকাছি নিয়ে এসেছে।

বাস্তবতা হলো, উত্তর কোরিয়া রাশিয়া ও চীনের যে প্রতিদ্বন্দ্বিতা, সেটাকে ব্যবহার করে ঐতিহাসিকভাবে নিজেদের স্বার্থ উদ্ধার করে আসছে। একটা বাস্তবতা হচ্ছে, রাশিয়া হোক আর আমেরিকা, উত্তর কোরিয়ার ওপর যারাই প্রভাব তৈরির চেষ্টা করুক না, সেটা বেইজিং চাইবে না। কারণ, সেটা চীনের নিরাপত্তার সঙ্গে জড়িত প্রশ্ন।

উত্তর কোরিয়ার দিক থেকে আসা হুমকি

এই ভয় অস্বীকার করতে পারে না চীন। কেননা, উত্তর কোরিয়া ঐতিহ্যগতভাবেই চীনকে পরোয়া না করা দেশ উত্তর কোরিয়া। চীনকে পরোয়া না করার একটা বড় উদাহরণ হলো, কিম জং-উনের চীনাপন্থী চাচা কিম জং-ন্যামের হত্যাকান্ড।

মালয়েশিয়ায় গিয়ে উত্তর কোরিয়ার গুপ্তঘাতকেরা তাঁকে হত্যা করেছিল। উত্তর কোরিয়া যে একের পর উচ্চক্ষমতাসম্পন্ন অস্ত্রের পরীক্ষা চালিয়ে যাচ্ছে, সেটাও চীনের জন্য হুমকি।

আরও গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে, উত্তর কোরিয়া যদি একেবারে পূর্ণ সক্ষম পারমাণবিক শক্তির অধিকারী হয়, তাহলে তারা চীনের মাটিতেও তার বিস্ফারণ ঘটাতে পারে।

১৯৬১ সালে চীন-উত্তর কোরিয়া যে প্রতিরক্ষা চুক্তি করেছিল, ২০২১ সালে তার নবায়ন করে। এ পরিপ্রেক্ষিতে ওপরের আশঙ্কাগুলোর কথা শুনতে অদ্ভুত বলে মনে হতে পারে। কিন্তু দুই দেশের বন্ধুত্বপূর্ণ সম্পর্কের ওপরের পাতলা আবরণের নিচে গভীর অসন্তোষ রয়েছে। শতাব্দীর পর শতাব্দী সেই অসন্তোষ চলে আসছে। একসময় সাম্রাজ্যবাদী চীনের সম্পদের জোগানদাতা দেশ হিসেবে কোরিয়া ব্যবহৃত হতো। শতাব্দীর পর শতাব্দী ধরে তারা চীনের অধীন দেশ। উত্তর কোরিয়ার ক্ষেত্রে সময়-সময় সেই ক্ষত উসকে ওঠে।

*লেখক: নটিংহাম বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় অর্থনীতির অধ্যাপক*
*এশিয়া টাইমস থেকে নেওয়া, ইংরেজি থেকে সংক্ষিপ্তাকারে অনূদিত*

## নামাজের সময়-সূচী

| এপ্রিল/মে | ২৯ | ৩০ | ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
|---|---|---|---|---|---|---|---|
| ফজর | ৪.৩২ | ৪.৩১ | ৪.২৯ | ৪.২৭ | ৪.২৬ | ৪.২৪ | ৪.২২ |
| সূর্যোদয় | ৫.৫৭ | ৫.৫৫ | ৫.৫৪ | ৫.৫৩ | ৫.৫১ | ৫.৫০ | ৫.৪৯ |
| জোহর | ১২.৫৩ | ১২.৫৩ | ১২.৫৩ | ১২.৫৩ | ১২.৫৩ | ১২.৫৩ | ১২.৫২ |
| আসর | ৫.৪৭ | ৫.৪৮ | ৫.৪৮ | ৫.৪৯ | ৫.৫০ | ৫.৫০ | ৫.৫১ |
| মাগরিব | ৭.৪৯ | ৭.৫০ | ৭.৫১ | ৭.৫২ | ৭.৫৪ | ৭.৫৫ | ৭.৫৬ |
| এশা | ৯.১৪ | ৯.১৫ | ৯.১৭ | ৯.১৮ | ৯.২০ | ৯.২১ | ৯.২২ |

## বিশেষ ঘোষণা

নিউইয়র্ক থেকে প্রকাশিত বাংলা পত্রিকা সপ্তাহের প্রথম অর্থাৎ সোমবারের পত্রিকা। বিগত ২৭ বছর বাংলা পত্রিকা নিয়মিত প্রকাশের পর ২৮ বছরে পা রেখেছে। বাংলা পত্রিকা কর্তৃপক্ষ তার পাঠকদের প্রতি সপ্তাহেই নতুন নতুন খবর, প্রবন্ধ, নিবন্ধ, ফিচার প্রভৃতি উপহার দিতে প্রতিশ্রুতিবদ্ধ। তাই প্রকাশের ক্ষেত্রে যেকোন নতুন এবং মৌলিক লেখা সর্বাধিক গুরুত্বের দাবী রাখে। আমরা আমাদের লেখকদের-কে মৌলিক লেখা ইমেইলে (banglapatrikausa@gmail.com) পাঠানোর জন্য বিনীতভাবে অনুরোধ রাখছি। যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের বিভিন্ন জাতীয় দিবসের লেখা ১৫দিন আগে ইমেইলে পাঠানোর জন্যও অনুরোধ রইলো।

বাংলা পত্রিকা প্রিন্ট ভার্সনের পাশাপাশি এখন ওয়েব সাইডেও পাওয়া যায়। আর পূর্ণ বাংলা পত্রিকা'র পিডিএফ ভার্সন পেতে আগ্রহীদেরকে তাদের ইমেইল নম্বর পাঠাতে বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

- সম্পাদক।




## রাশিয়াকে শায়েস্তা করতে

(৩ পাতার পর)

আচরণকে ইসরায়লের নিজেদের দুর্দশাকেও চিরস্থায়ী করার 'গ্যারান্টি' হিসেবে দেখছে।

যদি বৈশ্বিক আলোচকদের মধ্যে ফিলিস্তিনের রাষ্ট্র গঠন ইস্যুতে দ্বিমত থাকে, তাহলে কোনো শান্তি আলোচনা সফল হবে না। এই মতপার্থক্য দূর করার একমাত্র উপায় হলো বিষয়টি বিশ্ববাসীকে সুস্পষ্টভাবে দেখানো যে শুধু আরব এবং বৈশ্বিক দক্ষিণের দেশগুলো ফিলিস্তিনের রাষ্ট্র গঠনের দাবির পক্ষে নয়, বরং যুক্তরাজ্য, অস্ট্রেলিয়া, যুক্তরাষ্ট্রসহ বৈশ্বিক উত্তরের ভিত্তি হিসেবে পরিচিত সব পশ্চিমা দেশ ফিলিস্তিনের আলাদা রাষ্ট্র গঠনকে সমর্থন করে।

৯ এপ্রিল অস্ট্রেলিয়ার পররাষ্ট্রমন্ত্রী পেনি ওং এক ঐতিহাসিক ভাষণের মাধ্যমে জানিয়ছেন, এর আগে যুক্তরাজ্য, আয়ারল্যান্ড, স্পেন, নরওয়-এমনকি যুক্তরাষ্ট্র  ফিলিস্তিনকে আলাদা রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দেওয়ার বিষয় যে বিবেচনা করেছিল, সেটিকে বাস্তবভিত্তিক ধরে নিয় তাঁর দেশ ফিলিস্তিনকে স্বাধীন রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দেওয়ার নীতিগত সিদ্ধান্ত নিয়ছে। এটি সত্য, যেকোনো লক্ষ্য অর্জনের জন্য টাইমিং বা লাগসই মুহূর্ত একটা গুরুত্বপূর্ণ ব্যাপার।

ফিলিস্তিনের পূর্ণ সদস্যপদ পাওয়ার বিষয় চলতি মাসেই জাতিসংঘের নিরাপত্তা পরিষদ সাধারণ পরিষদে ভোট হওয়ার কথা রয়ছে। যুক্তরাষ্ট্র এবং অন্য কয়কটি দেশ অবশ্য এখনো এ বিষয় আনুষ্ঠানিক স্বীকৃতি দেওয়ার ব্যাপারে ইচ্ছুক না-ও হতে পারে।

যাহোক, যাত্রার গন্তব্য পরিষ্কার এবং ফিলিস্তিনের স্বাধীন রাষ্ট্র হওয়ার মাহেন্দ্রক্ষণ তৈরি হচ্ছে। অনেকে বলতে পারেন, ফিলিস্তিনকে স্বাধীন রাষ্ট্রের স্বীকৃতি দেওয়ার এসব প্রতিশ্রুতি আসলে লোকদেখানো ও ছেলে ভোলানো তৎপরতা। কারণ, পশ্চিম তীরে ইসরায়লের ক্রমবর্ধমান বেপরোয়া বসতি নির্মাণ কর্মসূচি যে আঞ্চলিক বিভক্তির সৃষ্টি করেছে, তা দুই রাষ্ট্রভিত্তিক সমাধানকে এখন কার্যত অসম্ভব করে তুলেছে বলে মনে হচ্ছে।

দুই রাষ্ট্রভিত্তিক সমাধানের বিষয় ইসরায়লের বিরোধিতা এবং নিজস্ব এক রাষ্ট্রভিত্তিক সমাধানের বিষয় ফিলিস্তিনিদের সমর্থন-উভয়ই দিন দিন বেড়েছে এবং ৭ অক্টোবরের হামলার পর সে অবস্থা আরও দৃঢ় হয়ছে। কিন্তু বাস্তব সত্য হলো, একটি দ্বিরাষ্ট্র সমাধানের স্বপ্নকে বাঁচিয় রাখতে হবে। কারণ, এটি আন্তর্জাতিকভাবে অপ্রতিরোধ্যভাবে পছন্দের নীতি হিসেবে এখনো টিকে আছে এবং ইসরায়লের নিজস্ব দীর্ঘমেয়াদি স্বার্থেই এটি দরকার।

বহু বছর ধরে অনেক বিশ্লেষক দাবি করে আসছেন, ইসরায়ল একই সঙ্গে একটি ইহুদি রাষ্ট্র, একটি গণতান্ত্রিক রাষ্ট্র এবং ঐতিহাসিক জুদেয়া ও সামারিয়া অঞ্চলের পুরোটা অধিকার করে রাখা একটি রাষ্ট্র হতে পারে। কিন্তু একই সঙ্গে এই তিনটি বৈশিষ্ট্য কোনো রাষ্ট্রের থাকতে পারে না (এটি আমার সাবেক বস অস্টে‹‹লিয়ার সাবেক প্রধানমন্ত্রী বব হ্যাওয়াকের মতো)। বরং ফিলিস্তিনের রাষ্ট্রের স্বীকৃতি ইসরায়েলের নিরাপত্তা ও সার্বভৌমত্বকে সুরক্ষিত করবে।

যদি বৈশ্বিক আলোচকদের মধ্যে ফিলিস্তিনের রাষ্ট্র গঠন ইস্যুতে দ্বিমত থাকে, তাহলে কোনো শান্তি আলোচনা সফল হবে না। এই মতপার্থক্য দূর করার একমাত্র উপায় হলো বিষয়টি বিশ্ববাসীকে সুস্পষ্টভাবে দেখানো যে শুধু আরব এবং বৈশ্বিক দক্ষিণের দেশগুলো ফিলিস্তিনের রাষ্ট্র গঠনের দাবির পক্ষে নয়, বরং যুক্তরাজ্য, অস্ট্রেলিয়া, যুক্তরাষ্ট্রসহ বৈশ্বিক উত্তরের ভিত্তি হিসেবে পরিচিত সব পশ্চিমা দেশ ফিলিস্তিনের আলাদা রাষ্ট্র গঠনকে সমর্থন করে।

● গ্যারেত ইভান্স অস্ট্রেলিয়ার সাবেক পররাষ্ট্রমন্ত্রী ও ইন্টারন্যাশনাল ক্রাইসিস গ্রুপের সাবেক প্রেসিডেন্ট

বত্ব: প্রজেক্ট সিন্ডিকেট ইংরেজি থেকে সংক্ষিপ্তাকারে অনূদিত

## আর্থিক কারণে যুক্তরাষ্ট্রে জন্মহার কমেছে

(প্রথম পাতার পক)

রছেন। গত বছর ৩৫ লাখ ৯০ হাজার শিশু জন্মেছে আমেরিকায়। ২০২২ সালের চেয়ে তা ৭৬ হাজার জন কম। গত ২৫ এপ্রিল বৃহস্পতিবার ফেডারেল রোগ নিয়ন্ত্রণ প্রশাসনের প্রাপ্ত তথ্য অনুযায়ী, ১৫ থেকে ৪৪ বছর বয়সি মায়ের প্রতি হাজারে সন্তান ধারণ করেছেন ৫৪.৪%। অথচ করোনার সময়েও এই হার ছিল ৫৬ শতাংশ। সিডিসির বিশ্লেষণ অনুযায়ী, মায়েরা সন্তান ধারণে অনীহা প্রকাশ করছেন অর্থনৈতিক কারণে।

## শিক্ষকসহ ১২ জনের মৃত্যু

(প্রথম পাতার পর)

হাসপাতালগুলোয় গরমজনিত রোগীর ভিড় বাড়ছে। আবহাওয়াবিদরা জানিয়েছেন, একদিকে তীব্র গরম, অপরদিকে বাতাসে জলীয় বাষ্পের আর্দ্রতা বেশি থাকায় মানুষের মধ্যে অস্বস্তি বাড়ছে। অল্পতেই মানুষ প্রচন্ড ঘেমে দুর্বল হয়ে পড়ছেন। চিকিৎসকরা জানিয়েছেন, এরকম তীব্র গরমের সময় সতর্ক না থাকলে শারীরিক নানা সমস্যার পাশাপাশি হিট স্ট্রোকে মৃতের সংখ্যা বাড়তে পারে।

এদিকে দেশে চলমান তাপপ্রবাহের কারণে ঢাকাসহ পাঁচ জেলার সব মাধ্যমিক স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠান সোমবার (২৯ এপ্রিল) থেকে বন্ধ ঘোষণা করা হয়েছে। ঢাকাসহ অন্য জেলাগুলো হচ্ছে চুয়াডাঙ্গা, যশোর, খুলনা ও রাজশাহী। রোববার শিক্ষা মন্ত্রণালয়ের এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। রোববার শিক্ষা মন্ত্রণালয়ের বিবৃতিতে বলা হয়, স্বাস্থ্য মন্ত্রণালয় ও আবহাওয়া অধিদপ্তরের সঙ্গে পরামর্শ করে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তবে এসব এলাকার যেসব শিক্ষা প্রতিষ্ঠানে শীততাপ নিয়ন্ত্রণব্যবস্থা আছে, সেসব শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষ চাইলে খোলা রাখতে পারবে।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সিনিয়র তথ্য অফিসার এক বিবৃতিতে জানান, প্রাথমিক বিদ্যালয়ের ক্ষেত্রে নতুন কোনো সিদ্ধান্ত নেই। যেহেতু প্রাথমিকের সব ক্লাস মর্নিং শিফটে হয়, তাই সারা দেশে প্রাথমিকের সব শিক্ষাপ্রতিষ্ঠান খোলা থাকবে।



স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্ধতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।

# ALL YOUR NEED REAL ESTATE BUYING & SELLING.



Tusher Bhuiyan
Licensed Real Estate Agent

▼ বাড়ী ক্রয়-বিক্রয় ব্যাপারে সব রকমের সহযোগিতা করে থাকি!
▼ অল্প ডাউন পেমেন্টে আপনিও বাড়ীর মালিক হতে পারেন!

Century 21
Tri-Boro Terrace Realty
31-08, Astoria Boulevard,
Astoria, New York, NY 11102
Business: (718) 721-2700, Ext. 19
Fax: (718) 721-7033
Cellular: (646) 732-9150
E-Mail: tusherb@aol.com

MLS
Each Office is Independently Owned and Operate



# নিউইয়র্ক ও লংআইল্যান্ডে স্টেটের অনুদানে বাসায় অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগাতে চান?

সম্মানিত বাড়ির মালিকগণ আমরা নিউইয়র্ক স্টেটের বিশেষ অনুদানে (৭০% পর্যন্ত) আপনার বাড়িতে অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগিয়ে দিতে চাই

লংআইল্যান্ডের ব্যবসার মালিকগণ এ সুযোগ গ্রহণ করতে পারেন

১০ হাজার ডলারের রিবেট



নতুন বছর উপলক্ষ্যে ৫০% সেল



তোফায়েল চৌধুরী

স্টেটের অর্থায়নে হিটিং ও এয়ারকান্ডিশন সিস্টেম সম্পর্কে জানতে আজই যোগাযোগ করুন

এই অত্যাধুনিক সিস্টেম-এ আপনার হিটিং বিল প্রায় ৫০% কমাতে সাহায্য করবে

আমাদের কল করুন
914-222-9477 or 914-989-0089
Gree Mechanical Yonkers
GREE MECHANICAL YONKERS
1900 Central Park Ave, Yonkers, NY 10710



# LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW

ACCIDENT / IMMIGRATION / DIVORCE

ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ। ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স

বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস

সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ

ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার


MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK

347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372



কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ

অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেনী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



# অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'

আমেরিকায় যে কোন নতুন ব্যবসায় নূন্যতম বিনিয়োগের মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এদেশে ব্যবসা করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।

তাছাড়া ১ মিলিয়ন বা নূন্যতম ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।

বৈধভাবে এদেশে আপনার বিনিয়োগের অর্থ আনয়নে আমাদের সাথে পরামর্শ করতে পারেন।

দেশে কোন কোম্পানীর মালিক/পরিচালক হলে আপনি ও আপনার পরিবার খ ঠরংধ'র সুবিধা নিতে পারেন এবং দু'বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

* আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিগ্যালাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
* আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
* আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

# Law Offices of Ashok K. Karmaker, P.C.

**Queens Main Office:** Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282, Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klpllc@gmail.com, Web: www.k-lpllc.com
**Dhaka Office:** US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711



# ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী



- ইমিগ্রেশন
- রিয়েল এস্টেট
- এক্সিডেন্ট
- ল্যান্ডলর্ড-টেনেন্ট
- ব্যাংক্রাপসি
- ডিভোর্স সহ বিভিন্ন

সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।

মোহাম্মদ এ. আজিজ Esq
এটর্নী এট ল'

For Appointment: (917)-434-3338
Tel: 212-695-0055, Fax: 212-695-0056, e-mail: azizbbn@yahoo.com
421 7th Avenue, Suite# 905, New York, NY 10001

# এবার জব ক্রিয়েটর অ্যাওয়ার্ড পেলেন শেফ খলিলুর রহমান

**বাংলা পত্রিকা ডেস্ক:** এবার জব ক্রিয়েটর হিসেবে অ্যাওয়ার্ড পেলেন নিউইয়র্কের খলিল বিরিয়ানী হাউজের শেফ খলিলুর রহমান। নিউইয়র্ক স্টেটের 'একোমপেনি ক্যাপিটাল' ১২তম বার্ষিক ইমিগ্র্যান্ট হেরিটেজ উইকে এই অ্যাওয়ার্ড প্রদান করে। নিউইয়র্কের মধ্যে মোট ৪ জন সফল ক্ষুদ্র ব্যবসায়ী ও উদ্যোক্তা এই পদক পান। অন্য ৩ জন হলেন আফগানিস্থানের হেকমুল্লাহ হামিদ উবার বিজনেস, ভারতের পূজা ভাবিসি 'মালাই আইসক্রীম' উদ্ভাবন ও সুলমান উসমান 'গ্রীন টেকনোলজি ইমপ্যাক্ট' এওয়ার্ড লাভ করেন।



অ্যাওয়ার্ড প্রাপ্তদের অভিনন্দন জানিয়ে বক্তব্য রাখেন নিউইয়র্ক সিটির ইমিগ্রান্টস এফেয়ার্স বিষয়ক মেয়রের ডেপুটি চীফ অব স্টাফ জাসনিয়া সানচেজ ও সিটি কাউন্সিলম্যান ওজওয়াল্ড ফিলিজ ও একোমপ্যানি ক্যাপিটাল এর এক্সিকিউটিভ ডাইরেক্টও ইয়ংকি শিরিং। মেয়রের ডেপুটি চীফ অব স্টাফ এওয়ার্ড প্রাপ্ত ৪ জনের নাম উল্লেখ করে বলেন, তাদের ত্যাগ ও পরিশ্রম সিটি কৃজ্ঞতার সাথে স্মরণ করছে। মনে রাখতে হবে, এই ইমিগ্রান্টস ও ক্ষুদ্র ব্যবসায়ীরাই সিটির প্রাণ।

অ্যাওয়ার্ড গ্রহণকালে খলিলুর রহমান বলেন, একজন ক্ষুদ্র ব্যবসায়ী হিসেবে এগিয়ে যেতে 'একোমপেনি ক্যাপিটাল'র মারিয়া ও জেসন আমাকে সাহায্য করেছেন। আমি তাদের কাছে কৃতজ্ঞ।

খলিলুর রহমান বলেন, আমেরিকায় কর্মজীবন শুরু করেছিলাম রেষ্টুরেন্টে ডিসওয়াশারের কাজ দিয়ে। কিচেন হেলপার থেকে শেফ। কুলিনারি স্কুলে যাই কুকিং এর শিক্ষা নিতে। এরপর ২০১৭ সালে মাত্র ৫ জন কর্মচারি নিয়ে খলিল বিরিয়ানী রেষ্টুরেন্ট চালু করি। ২০২২ সালে প্রতিষ্ঠা করি খলিল ফাউন্ডেশন। চালু করেছি কমিউনিটির মানুষের জন্য জব ট্রেনিং। তারা এখান থেকে ট্রেনিং নিয়ে পেশাদার শেফ হিসেবে চাকুরি করতে পারবেন। মানব সেবায় এ কাজটি আমি অব্যাহত রাখতে চাই। আমার প্রতিষ্ঠানে বর্তমানে শতাধিক কর্মচারি কাজ করছেন। খলিল বিরিয়ানী সিটি, স্টেট ও ফেডারেল পর্যায়ে উন্নত মানের খাবার ক্যাটারিং করছে। খলিল বিরিয়ানীর সুনাম সাথে সারা বিশ্বে ছড়িয়ে পড়ছে।



# ছড়াটে-র ঈদ পুনর্মিলনী ও বৈশাখী ছড়াড্ডা

**আশরাফুল হাবিব মিহির:** নিউইয়র্কে ছড়া সংগঠন ছড়াটে-র নিয়মিত মাসিক আয়োজন ছড়াড্ডা'র এপ্রিল মাসের আসরটি (গত ১৯ এপ্রিল শুক্রবার) পরিচালিত হয় ঈদ পুনর্মিলনী ও বৈশাখকে কেন্দ্র করে। কুইন্সের হিলসাইডের ফরএক্স একডেমিতে একঝাঁক ছড়াকারের অংশগ্রহণে এবারের আসরে অতিথি ছিলেন সূদুর জার্মানি থেকে আগত একুশে পদকপ্রাপ্ত লেখক-সাংবাদিক নাজমুন নেসা পিয়ারী।

ছড়াকার শাম্‌স চৌধুরী রুশোর প্রাণবন্ত সঞ্চালনায় লেখক নাজমুন নেসা পিয়ারী সবাইকে বাংলা নববর্ষের শুভেচ্ছা এবং ছড়াটে-র প্রশংসা করে বলেন "এই সংগঠনটির গঠনমূলক কার্যক্রম সকলের দৃষ্টি আকর্ষণ করেছে। অবাক করার বিষয় হলো, বইমেলায় ছড়াটে-র স্টলে ভিড় লেগেই থাকে। আমি ছড়া ভালোবাসি, ছড়াটে-কে ভালোবাসি, তাই এতো দুর থেকে ছুটে এসেছি"। তিনি ছড়াটে-র সর্বাঙ্গীণও মঙ্গল কামনা করেন।

ঈদ ও বাংলা নববর্ষের শুভেচ্ছা বিনিময়ের পর ছড়াকারগণ বিশেষ করে বৈশাখ ও নববর্ষ নিয়ে ছড়া পাঠ করেন। আয়োজনে ছড়া পাঠ করেন ছড়াকার শাহ আলম দুলাল, ছড়াকার মনজুর কাদের, ছড়াকার খালেদ সরফুদ্দীন, ছড়াকার শাম্ স চৌধুরী রুশো, ছড়াকার শাহীন ইবনে দিলওয়ার, ছড়াকার মৃদুল আহমেদ, ছড়াকার মিনহাজ আহমেদ, ছড়াকার সুমন শামসুদ্দিন, গীতিকার-ছড়াকার ইশতিয়াক রূপু, কবি মিশুক সেলিম, শহীদ উদ্দিন প্রমুখ। ছড়া পাঠের সাথে সাথে স্বতঃস্ফূর্ত তাৎক্ষণিক পাঠ প্রতিক্রিয়ার বিষয়টি উপভোগ্য ছিলো।

আগামী মে মাসে অনুষ্ঠেয় নিউ ইর্য়ক আন্তর্জাতিক বইমেলায় ছড়াটে আয়োজক সংগঠন হিসেবে অন্তর্ভুক্ত হওয়ার আগত সকলে অভিনন্দন জানান। বইমেলায় ছড়াটে-র ছড়াপাঠের অনুষ্ঠানের বিষয়ে সকলকে অবহিত করা হয়। সমবেত সঙ্গীত পরিবেশনের মধ্য দিয়ে অনুষ্ঠানে সমাপ্তি টানা হয়।

DR. SADI ALAM, DPM
Foot Specialist
পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক
Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432
Hollis: 196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office: 7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office: 486 McDonald Ave, Brooklyn, NY 11218
Alam Podiatry, P.C.
Ozone Park Office: 530 Conduit Blvd, Brooklyn, NY 11208
Bronx Office: 3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office: 1381 Castle Hill Ave, Bronx, NY 10462
FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com
WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়
আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী
বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।
বিনামূল্যে ব্লাড সুগার মনিটর
২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে
প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়
ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই
এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়




NEW YORK LOTTERY
নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে
আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।
❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং



আমরা বাংলায় কথা বলি
PARKCHESTER FAMILY PHARMACY
১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ (347) 851-2688
আমাদের অন্য কোন শাখা নেই
আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।


এটর্নী শাকিল এইচ কাজমী

# ইমিগ্রেশন ও আপনি

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি' শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্য রইলো আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবনই আমাদের কাম্য, আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্যে প্রস্তুত। এ বিভাগ আপনাদেরই জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো। প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহে আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

**কুইন্স থেকে অতুল চৌধুরীর প্রশ্নঃ**
আমি একজন ইউএস সিটিজেন। এই বিভাগের মাধ্যমে আমি চানতে চাচ্ছি যে ইউএসএ'তে স্ট্যাটাস এডজাস্টমেন্টের জন্য কী কী প্রয়োজন। ইমিগ্রেশন বিষয়ে আমার তেমন অভিজ্ঞতা নেই বলে আমি জানতে ইচ্ছুক ইউএসএতে স্ট্যাটাস এডজাস্টমেন্টের জন্য প্রয়োজনীয় তথ্য সম্পর্কে। এ ব্যাপারে আপনার পরামর্শ পেলে উপকৃত হবো এবং কৃতজ্ঞ থাকবো।

**অতুল চৌধুরীর প্রশ্নের উত্তরঃ**
আপনার জানার বিষয় হচ্ছে ইউএ-সএ'তে স্ট্যাটাস এডজাস্টমেন্টের জন্য কী কী প্রয়োজনঃ
কেউ যদি ইউএসএ'তে অবস্থান করেন এবং তার পারিবারিক বা চাকরি ভিত্তিক আবেদনের অনুমোদন থাকে তবে তিনি স্ট্যাটাস এডজাস্ট করে গ্রিনকার্ড পেতে পারেনঃ

**স্ট্যাটাস এডজাস্টমেন্টের জন্য যা প্রয়োজন**

**পারিবারিক ভিত্তিক কেসঃ**
অব্যবহিত আত্মীয়- ইউএস সিটিজেনদের স্বামী বা স্ত্রী, পিতামাতা, অবিবাহিত সন্তান যাদের বয়স ২১ বছরের নিচে। ইউএস সিটিজনেদের অব্যবহিত আত্মীয় যারা ইউএসএ'তে বৈধভাবে প্রবেশ করেছেন, তারা স্ট্যাটাস এডজাস্টমেন্টের জন্য আবেদন করতে পারেন। এক্ষেত্রে অনুমোদিত আই-১৩০ পিটিশন অথবা আই-৪৮৫ আবেদনসহ আই-১৩০ পিটিশন ফাইল করতে পারেন।

**ইউএস সিটিজেনদের ২১ বছর বয়সের উর্ধে অবিবাহিত সন্তানাদি এবং সহোদর ভাইবোনঃ**
উপরে উল্লেখিত ব্যক্তিদের পাবিরারিক ভিত্তিক স্ট্যাটাস এডজাস্টমেন্টের জন্য আবেদন করতে পারবেন যদি- ১) বৈধ ভিসায় ইউএসএ'তে প্রবেশ করে থাকেন, ২) বর্তমানে যদি স্ট্যাটাস থাকে, ৩) অনুমোদিত আই-১৩০ থাকে এবং আপনার ক্যাটাগরিতে যদি ভিসা যথেষ্ট থাকে।

**গ্রিনকার্ডধারীঃ**



একজন গ্রিনকার্ডধারী যে সব আপনার রাজনৈতিক আশ্রয় প্রার্থনার আবেদন যদি গৃহিত হয় সেক্ষেত্রে আপনি ইউএসএ থেকেই স্ট্যাটাস এডজাস্ট করতে পারবেন।

**২৪৫-আইঃ**
আরেকটি ব্যতিক্রমী ভিসা এন্ট্রি এবং বৈধ স্ট্যাটাস আছে যদি আপনি সেকশন ২৪৫-আই সুবিধাভোগী হয়ে থাকনে। একজন যদি সেকশন ২৪৫- আই'র সুবিধাভোগী হয়ে থাকেন সেক্ষেত্রে আপনার বৈধ ভিসা এন্ট্রি না হয়ে থাকলেও স্ট্যাটাস এডজাস্টমেন্টের জন্য আবেদন করতে পারবেন। সেক্ষেত্রে বৈধ স্ট্যাটাস ছাড়া ইউএস'তে এডজাস্টমেন্টের জন্য আবেদন করতে পারবেন।

**নিউইয়র্ক থেকে মিরাজ আলমের প্রশ্নঃ**
আমি এই বিভাগে আমার প্রশ্নের মতো প্রায় একই ধরনের প্রশ্ন এবং তার উত্তর পড়েছিলাম। আজ আমার নিজের প্রয়োজনে আমি একটি প্রশ্ন উল্লেখ করতে চাই। এ ব্যাপারে আপনার পরামর্শ পেলে উপকৃত হব এবং কৃতজ্ঞ থাকবো।
আমি একজন ইউএস সিটিজেন। কিছুদিন আগে বাংলাদেশের একটি মেয়ের সাথে আমার অন লাইনে পরিচয় হয়। তারপর থেকে আমি সেই মেয়েটিকে বিয়ে করার কথা চিন্তা করছি। অবশ্য আমি এর ফাকে একবার বাংলাদেশে কয়েকদিনের জন্য গিয়েছিলাম এবং তার সাথে দেখা হয়েছে। সঙ্গত কিছু কারণে- ঐ সময় তাকে বিয়ে করা সম্ভব হয়নি। সে সময় আমার পরিবারের লোকজন অর্থাৎ আমার মা-বাবা এখানে ছিলেন, আমি কিছুদিন আগে থেকে এখানে কাজ শুরু করেছি। সে জন্য ব্যস্ততার কারণে এ ব্যাপারে উপযুক্ত ব্যক্তির সঙ্গে আলোচনা করা সম্ভব হয়ে উঠেনি। এর মধ্যে আমাদের পরিচিত একজনের সাথে এ ব্যাপারে কথা বলেছি। যিনি ইমিগ্রেশন বিষয়ে অনেককে সহযোগিতা করে থাকেন। তিনি আমাকে আমার ভবিষ্যত স্ত্রীর জন্য কে-১ ভিসার আবেদন করার পরামর্শ দিয়েছেন। আমি একজন এটর্নীর সাথে টেলিফোনে কথা বলেছি। তিনি আমার ভবিষ্যত স্ত্রীর জন্য গ্রিনকার্ডের আবেদন করার পরামর্শ দেন। এ ব্যাপারে আমি কিছুটা দ্বিধাগস্ত। আমি জানিনা যে কে-১ ভিসা, গ্রিনকার্ড প্রক্রিয়াকরণে চেয়ে দ্রুততর হয় কি না। আর কে-১ ভিসা খরচ কম কিনা?
আপনার পরামর্শের অপেক্ষায় রইলাম।

**মিরাজ আলমের প্রশ্নের উত্তরঃ**
কে-১ ভিসা প্রক্রিয়াকরণে দ্রুততর হয়, বিবাহ প্রক্রিয়ার মাধ্যমে গ্রিনকার্ড লাভের জন্য তবে সম্প্রতি, এই প্রক্রিয়ার সময় বদলাতে শুরু হয়েছে। এখন দুটি ক্ষেত্রেই সময় প্রায় একই রকম লাগছে। তবে কোন কোন ক্ষেত্রে ফিয়াঁসে ভিসা কে-১ বেশি লম্বা সময় নিচ্ছে। খরচের ক্ষেত্রে বৈবাহিত সূত্রে গ্রিনকার্ড পাওয়ার জন্য ব্যয় কে-১ ভিসার চেয়ে অধিক শাস্ত্রয়ী।

**আত্মীয়দের জন্য আবেদন করতে পারবেনঃ**
১। স্বামী বা স্ত্রী,
২। অবিবাহিত সন্তান উভয় ক্যাট-াগরিতে আবেদন করতে পারবেন যদি তাদের বৈধ প্রবেশ হয়, বর্তমান স্ট্যাটাস বৈধ হয়। উপরন্ত অনুমোদিত আই-১৩০ পিটিশন অনুমোদিত হয় এবং আবেদকৃত ক্যাটাগরিতে ভিসা থাকে।

**কর্মভিত্তিক কেসঃ**
সকল কর্মভিত্তিক ক্যাগাটারিতে ইউএসএ'তে আপনার স্ট্যাটাস এডজাস্ট করতে পারবেন কেবল সেই ক্ষেত্রে যদি আপনার এদেশে প্রবেশ এবং বর্তমানর স্ট্যাটাস বৈধ হয়। এছাড়াও আপনি স্ট্যাটাস এডজাস্ট করতে পারবেন যদি, আপনার অনুমোদিত আই-১৪৫ পিটিশিন থাকে। এছাড়া ঐ ক্যাটাগরিতে আপনার বিসা থাকতে হবে।

**রাজনৈতিক আশ্রয় প্রার্থীনাঃ**
কে-১ ভিসার ফি বেশি। কে-১ ভিসর মেয়াদ ৯০ দিনের জন্য এবং এক্ষেত্রে আপনাকে অবশ্যই ৯০ দিনের মধ্যে বিয়ে করতে হবে। এবং ইউএসএতে স্ট্যাটাস এডজাস্ট করতে হবে। তাই আমরা বিশ্বাস করি, কে-ভিসার ক্ষেত্রে অনেক বেশি সময় লাগতে পারে এবং ব্যয় বহুল।
এক্ষেত্রে ব্যয় এবং সময় যদি প্রধান বিবেচ্য হয় এবং আপনি যদি ইউএসএ'র ৯০ দিনের মধ্যে বিয়ে করতে সক্ষম হন এবং এডজাস্টমেন্টে অব স্ট্যাটাস করতে পারেন সেক্ষেত্রে গ্রিনকার্ড ভিসা প্রক্রিয়া আপনারার জন্য খুব ভালো বিকল্প হতে পারে।

ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা: ২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।
ফোন: ২১২-৫১৩-৭৪৭৪
ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০
ই-মেইল: kazmiandreeves@gmail.com এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

**অনুবাদঃ হুসনে এ. বেগম।**

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com
Tel: 212-513-7474, Fax: 914-462-3990
* Immigration Cases & Appeals * Bankruptcy Cases
* Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.
এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।
যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা
আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।
আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।
আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

# আবার নিরাপদ সড়ক আন্দোলন!

॥ মাহমুদুর রহমান মান্না ॥



চট্টগ্রাম শহর থেকে ২৫ কিলোমিটার দূরে রাউজান উপজেলার পাহাড়তলী ইউনিয়ন। সেখানেই চট্টগ্রাম প্রকৌশল বিশ্ববিদ্যালয় চুয়েটের ক্যাম্পাস। ২২ এপ্রিল বিকালের দিকে মোটরসাইকেল নিয়ে বেড়াতে বের হয় তিন শিক্ষার্থী। এটা চুয়েটের ছাত্রদের একটা বৈকালিক ভ্রমণের মতো। রাউজানের ওদিকের নিসর্গ সত্যি সুন্দর। রাউজান উপজেলার জিয়ানগর এলাকায় পৌঁছালে তাদের মোটরসাইকেলকে ধাক্কা দেয় বেপরোয়া গতিতে দৌড়ানো শাহ আমানত পরিবহণের একটি যাত্রীবাহী বাস। ঘটনাস্থলেই মারা যায় শান্ত সাহা আর হাসপাতাল যাওয়ার পথে মৃত্যু হয় তৌফিক হোসাইনের।

খবর ছড়িয়ে পড়ে প্রকৌশল বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে। বিক্ষুব্ধ শিক্ষার্থীরা সোমবার সন্ধ্যায়ই সড়ক অবরোধ করে। পুড়িয়ে দেয় শাহ আমানত পরিবহণের একটি বাস। ভেঙে চুরমার করে আরও দুটি। চুয়েট কর্তৃপক্ষ হস্তক্ষেপ করেন। তাদের আশ্বাসের পরিপ্রেক্ষিতে তারা রাত ৯টায় অবরোধ তুলে নিয়ে হলে ফিরে যায়। কিন্তু তাদের মনের মধ্যে জমে থাকা কষ্টের প্রশমন হয় না। রাতের বেলা নিজেদের মধ্যে কথাবার্তা বলে তারা পরবর্তী কর্মসূচি নির্ধারণ করে।

মঙ্গলবার সকাল ৯টা থেকে চুয়েট ক্যাম্পাসের সামনে কাপ্তাই সড়কে অবস্থান নেয় শিক্ষার্থীরা। তারা গাছ ফেলে এবং টায়ার পুড়িয়ে অবরোধ তৈরি করে। এ সময় শত শত শিক্ষার্থী সড়কে অবস্থান নিয়ে স্লোগান দিতে থাকে। দুপুরে শিক্ষার্থীরা মৃত দুই সতীর্থের রুহের মাগফিরাত কামনা করে জানাজা পড়ে। তারা অবরোধ অব্যাহত রাখে ও বিক্ষোভ চালিয়ে যেতে থাকে। রাত ১০টার দিকে আবারও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তাদের সঙ্গে আলোচনায় বসেন এবং শিক্ষার্থীরা অবরোধ তুলে নেয়।

আমি এ লেখা লিখছি ২৫ এপ্রিল সকালে। পত্রিকায় খবর বেরিয়েছে, আগের দিনও চুয়েটের সামনে কাপ্তাই সড়ক অবরোধ করে রাখে শিক্ষার্থীরা সকাল ১০টা থেকে রাত ১০টা পর্যন্ত। একসময় তারা বিশ্ববিদ্যালয়ের প্রশাসনের সঙ্গে কথা বলে। কী কথা হয়েছে তাদের মধ্যে, সেটা পত্রিকায় পাইনি। কিন্তু অতঃপর শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের অফিসের দরজায় তালা দিয়ে দেয়। তারা নাকি আবার কর্তৃপক্ষের সঙ্গে বসবে। প্রশ্ন হলো, কর্তৃপক্ষ কী করবে? কী করার আছে তাদের? বা আরও স্পষ্ট করে বললে-এ ব্যাপারে তাদের ক্ষমতা কতটুকু?

পুলিশ অবশ্য ইতিমধ্যে সেই গাড়ির চালককে গ্রেফতার করেছে। কিন্তু বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীরা এক সভায় নিরাপদ সড়কের দাবি করেছে। তারা ১০ দফা দাবি পেশ করেছে, যার মধ্যে আছে তাদের বিশ্ববিদ্যালয়ের সামনে দিয়ে যাওয়া কাপ্তাই সড়ককে চার লেনে রূপান্তরিত করার কথা। এ ব্যাপারে সিদ্ধান্ত সরকার হয়তো তাৎক্ষণিকভাবেই দিতে পারে। কথা দিলেই যে কথা রাখতে হবে-এমন তো কথা নেই আর এখন কথা দিলে সেটা বাস্তবে রূপ পেতে কত বছর লাগবে, সেটাও দেখতে হবে। আমাদের দেশে এমনিতেই তো এক বছরের কাজ তিন বছরেও হয় না।

চুয়েটের এ মর্মান্তিক দুর্ঘটনার ব্যাপারে এখন পর্যন্ত সরকারের পক্ষ থেকে কোনো বক্তব্য আমি দেখিনি। সেও একদিক দিয়ে ভালো। আমাদের মন্ত্রীরা সব এমন আবোলতাবোল বলেন যে, তাতে সাধারণ মানুষের গা জ্বলে যায়। আর আন্দোলনের প্রসঙ্গে যদি বলেন, তাহলে আমি বলব তাতে ঘৃতাহুতি হয়।

আমি আপনাদের ২০১৮ সালে শহিদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজের দুই শিক্ষার্থী যখন মারা গিয়েছিল, এ রকম করেই বাস চাপা পড়ে, তখন নৌপরিবহণমন্ত্রী কী বলেছিলেন তা স্মরণে আনার জন্য অনুরোধ করব। ঘটনাটি ঘটেছিল ২০১৮ সালের ২৯ জুলাই ঢাকায় দুই বাসের যাত্রী ধরার বেপরোয়া প্রতিযোগিতার কারণে। দুই কলেজ শিক্ষার্থীর মৃত্যুর পর নৌপরিবহণমন্ত্রী এ দুর্ঘটনার সঙ্গে ভারতের মহারাষ্ট্রে নিয়ন্ত্রণ হারিয়ে বাস খাদে পড়ে গিয়ে ৩৩ জন মারা যাওয়ার ঘটনা তুলনা করেছিলেন। তিনি বলেছিলেন, ভারতে দুর্ঘটনার পর বাংলাদেশের মতো প্রতিক্রিয়া হয় না। দুর্ঘটনা তো মহারাষ্ট্রে ঘটেছে। সেখানে তো এত হুলুস্থুল হয়নি। এ বক্তব্যে তখন শিক্ষার্থীরা এত ক্ষুব্ধ হয়েছিল যে তারা তাদের উত্থাপিত নয় দফা দাবির সঙ্গে নৌপরিবহণমন্ত্রীর পদত্যাগের দাবিও যুক্ত করেছিল, যদিও সেটা শুরুতে ছিল না।

২০১৮ সালের নিরাপদ সড়ক আন্দোলন সম্পর্কে বিস্তারিত এখানে বলার অবকাশ নেই। সবার মনে আছে রাষ্ট্র মেরামতের কথা বলেছিল তারা। সে রাষ্ট্র মেরামত হয়নি। কিন্তু রাষ্ট্রের ভিত এক প্রকার নাড়িয়ে দিয়েছিল তারা। ছয় বছর পর একই নিরাপদ সড়কের দাবিতে শিক্ষার্থীরা রাস্তা অবরোধ করেছেন। কী অদ্ভুত মিল না! একেবারে চোখ বন্ধ করে বলা যায়, এ ছয় বছরে সড়কের কোনোরকম পরিবর্তন হয়নি। পাঠকরা নিশ্চয়ই এবার ঈদ যাত্রায় সরকারের প্রচার-প্রোপাগান্ডা লক্ষ করেছেন।

ঈদের দুদিন আগে থেকে তারা বিভিন্ন মিডিয়ায় বলতে শুরু করেছিলেন, এবারের ঈদ যাত্রা একেবারে নির্বিঘ্ন। কোথাও কোনো জ্যাম নেই। কিন্তু তারপরে আমরা যা দেখলাম, সেটা শুধু বিঘ্নসংকুল তো নয়ই, একেবারে জীবনঘাতী। সড়কে জ্যামও ছিল যথেষ্ট পরিমাণে।

সড়কে দুর্ঘটনা নিয়ে কাজ করা সংগঠন রোড সেফটি ফাউন্ডেশন বলেছে, জানুয়ারি থেকে মার্চে দেশে সড়ক দুর্ঘটনায় নিহত হয়েছেন ১৬৯৯ জন। নিহতদের ১৩.২৪ শতাংশ শিক্ষার্থী। রোড সেফটি ফাউন্ডেশন আরও তথ্য দিয়েছে, ২০২৩ সালে সড়কে মৃত্যু হয় ৬৫২৪ জনের। এর মধ্যে ১০৫৩ জন শিক্ষার্থী।

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের সড়ক দুর্ঘটনা গবেষণা ইনস্টিটিউটের সাবেক পরিচালক অধ্যাপক মো. হাদিউজ্জামান পত্রিকায় দেওয়া এক ইন্টারভিউয়ে বলেন, কর্মক্ষম ব্যক্তি ও শিক্ষার্থীদের চলাচল বেশি। তাই সড়ক অব্যবস্থাপনার শিকারও তারাই বেশি। অন্যদিকে সঠিক প্রশিক্ষণ ছাড়াই যার-তার হাতে ভারী যানবাহন লাইসেন্স চলে যাচ্ছে।

জানা যায়, শাহ আমানত পরিবহণের যে বাসটি দুর্ঘটনা ঘটিয়েছে, সেটি ৪৩ বছরের পুরোনো। বাসটির কোনো ফিটনেস ছিল না। ভাঙাচোরা গাড়িটি কিনে কিছু মেরামত করে শাহ আমানত পরিবহণ সেটিকে রাস্তায় নামিয়েছিল। গাড়িটির ট্যাক্স টোকেনও নিয়মিত নয়।

এরকম অবস্থাতেই অনেকদিন ধরে বাসটি এ রাস্তায় চলাচল করছিল। এ গাড়িটি চালাচ্ছিল যে ড্রাইভার, তারও কোনো লাইসেন্স ছিল না। বিআরটিএ-এর হিসাব অনুযায়ী চট্টগ্রাম শহর এবং জেলার মধ্যে চলাচলকারী যত নিবন্ধিত বাস আছে, তার মধ্যে ৭০ হাজারেরও বেশি গাড়ি ফিটনেসবিহীন।

সাবেক নৌপরিবহণমন্ত্রী শাজাহান খান মূলত ছিলেন একজন শ্রমিকনেতা। পরিবহণ শ্রমিকদের নেতৃত্ব দিতেন তিনি। এখনো দেন কি না, তা অবশ্য জানি না।

চিত্রনায়ক ইলিয়াস কাঞ্চনের স্ত্রীর মর্মান্তিক মৃত্যুর কথা আমাদের নিশ্চয়ই মনে আছে। চট্টগ্রাম-কক্সবাজার মহাসড়কের ওপর দিয়ে দুর্ঘটনায় আহত স্ত্রীকে কোলে নিয়ে ছুটছেন তিনি, এ ছবির কথা এখনো অনেকের মনে গাঁথা আছে। সড়ক দুর্ঘটনার অন্যতম কারণ ড্রাইভারদের অদক্ষতা।

এ সম্পর্কে প্রশ্ন উঠলে তৎকালীন মন্ত্রী বলেছিলেন, ড্রাইভারদের অত শিক্ষিত হওয়ার দরকার নেই, ড্রাইভিংয়ের সিগন্যাল আর ছবিগুলো চিনলেই হয়।

অস্বীকার করার উপায় নেই আমাদের শাসকগোষ্ঠী নিজেদের সুবিধার্থে ভারী বিষয়কে লঘু করে দেখানোর চেষ্টা করেন। তাতে বিষয়টি হালকা হয় না। কিন্তু মানুষের জীবন হয় পাখির পালকের চেয়েও হালকা। এই যে বেধড়ক মৃত্যু, তা আমাদের সেই কথাই বলে।

সরকার খুব উন্নয়নের কথা বলে। কতগুলো রাস্তা বানিয়েছে, কতগুলো ফ্লাইওভার হয়েছে, কত রাস্তাকে ফোর লেন বানিয়েছে কিংবা বানাচ্ছে, এগুলোর গল্প শোনায় আমাদের। আর পদ্মা ব্রিজ বানানোর পর তো তারা এ রকম ড্রাম পেটাতে শুরু করেছে যে, মনে হয় যেন চন্দ্র বিজয় করেছে। এ নিয়ে কথা বলাটাকে তারা দেশদ্রোহের শামিল মনে করে। পদ্মা ব্রিজের জন্য যে অ্যাপ্রোচ রোড বানানো হয়েছে, তার এক কিলোমিটার নির্মাণ করতে খরচ হয়েছে প্রায় আড়াইশ কোটি টাকা। সেখানেই তো আমাদের প্রশ্ন। ১০ টাকার কাজে ১০০ টাকা খরচ করা হচ্ছে (হাজারটা উদাহরণ এরকম আছে। গণমাধ্যমে এসেছে)।

হিসাব তো দিতে হচ্ছে না; কোনো জবাবদিহি লাগে না, সে নিয়ে কথা বলেও কোনো কাজ হয় না। কিন্তু এ প্রশ্ন তো করতেই পারি, মানুষের জীবন নিয়ে এরকম ছিনিমিনি খেলা হচ্ছে কেন? আমানত পরিবহণের ওই বাসটি এতদিন চলতে পারল কীভাবে? সারা দেশে সড়ক ব্যবস্থাপনার নামে এ নৈরাজ্য কি বহুদিন ধরে চলছে না? স্কুলের শিক্ষার্থীসহ তাদের পিতা-মাতা, গুরুজনরা দীর্ঘদিন ধরে এ নিয়ে কি আন্দোলন করেনি? তারপরও সড়কে এরকম নৈরাজ্য কেন? এটা কি উন্নয়ন?

আমাদের সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী একজন করিতকর্মা লোক। বিরোধী দল বিএনপি একটা সমাবেশ দিলে সঙ্গে সঙ্গে তিনি পালটা সমাবেশ দিয়ে দেন। আর এখন তো মিডিয়ায় দিনরাত তারই সরব উপস্থিতি। আওয়ামী লীগের অন্য সিনিয়র নেতাদের দেখাই যায় না।

ওবায়দুল কাদের একাই বিরোধী দলকে নসিহত করে বেড়ান অথবা ধমক দেন। তিনিই আসল। তা তো হবেনই। তিনি যে ক্ষমতাসীন দলের সাধারণ সম্পাদক। কিন্তু একই সঙ্গে তিনি তো সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রীও বটে। আগে দেখতাম প্রচণ্ড গরমের মধ্যেও সুট-টাই পরে সড়কে সড়কে হেঁটে বেড়াচ্ছেন তিনি। আজকাল আর দেখি না। ওবায়দুল কাদেরকে আমি ব্যক্তিগতভাবে চিনি, জানি। মেধাবী ছাত্র ছিলেন। রাজনীতিতেও মন্দ কাজে জড়িত হতেন না। ভালোই লাগত তাকে আমার। কিন্তু এখন বেহাল সড়ক দেখে কষ্ট লাগে।

**ওবায়দুল কাদের একাই বিরোধী দলকে নসিহত করে বেড়ান অথবা ধমক দেন। তিনিই আসল। তা তো হবেনই। তিনি যে ক্ষমতাসীন দলের সাধারণ সম্পাদক। কিন্তু একই সঙ্গে তিনি তো সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রীও বটে। আগে দেখতাম প্রচণ্ড গরমের মধ্যেও সুট-টাই পরে সড়কে সড়কে হেঁটে বেড়াচ্ছেন তিনি। আজকাল আর দেখি না। ওবায়দুল কাদেরকে আমি ব্যক্তিগতভাবে চিনি, জানি। মেধাবী ছাত্র ছিলেন। রাজনীতিতেও মন্দ কাজে জড়িত হতেন না। ভালোই লাগত তাকে আমার। কিন্তু এখন বেহাল সড়ক দেখে কষ্ট লাগে।**

প্রথম আলো থেকে উদ্ধৃত করছি : তৌফিক তখন কথা বলছিল। নড়াচড়া করছিল। আমাদের বলছিল, ভাই আমি কি বাঁচব না? আমার নিশ্বাস নিতে কষ্ট হচ্ছে, শরীরের নিচের অংশ জ্বলে যাচ্ছে। আমাকে বাঁচান ভাই। এসব কথা বলতে বলতে কান্নায় ভেঙে পড়েন তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল বিভাগের চতুর্থ বর্ষের শিক্ষার্থী রিফাত হোসেন। কেন্দ্রীয় শহিদ মিনার প্রাঙ্গণে আয়োজিত শোকসভায় রিফাত সেই মুহূর্ত স্মরণ করে এসব কথা বলেন। এসব কথা বলতে গিয়ে তিনি নিজে যেমন কেঁদেছেন, তেমনি কাঁদিয়েছেন অন্যসব সহপাঠীকে।

মাহমুদুর রহমান মান্না : সভাপতি, নাগরিক ঐক্য

---

# বাফেলোতে দুর্বৃত্তের গুলিতে ২

(প্রথম পাতার পক)

মিউনিটিতে শোকের ছায়া নেমে এসেছে। শোকে স্তবদ্ধ হয়ে পড়েছে বাফেলোর বাংলাদেশী কমিউনিটি। অপরদিকে বাফেলো আর বাংলাদেশে নিহতদের বাড়তে শোকের মাতম চলছে বলে জানা গেছে। বাফেলো পুলিশ জানিয়েছে, হামলাকারীকে ধরতে পুলিশ অভিযান শুরু করেছে।

নিউইয়র্কভিত্তিক বার্তা সংস্থা ইউএনএ জানায়, নিহত দুই বাংলাদেশী একটি বাড়ীর কনস্ট্রাকশনের কাজ করতে গেলে সেখানে দূর্বৃত্তরা গুলি করে। ফলে ঘটনাস্থলেই উভয়ে মৃত্যুবরণ করেন বলে কমিউনিটি অ্যাক্টিভিষ্ট মতিউর রহমান লিটু জানিয়েছেন। তারা দু'জনই কিছুদিন আগে মেরিল্যান্ড থেকে বাফেলোতে গিয়ে সেখানে একাধিক বাড়ী কিনে পরিবার নিয়ে বসবাস করছিলেন।

অপর একটি সূত্রে জানা যায়, হত্যার শিকার দু'জন তাদের নিজেদের বাসার কনস্ট্রাকশনের কাজ দেখতে যাওয়ার পর বাসার ভিতর থেকে তাদের লক্ষ্য করে গুলি করা হলে তারা ঘটনাস্থলেই মারা যান। রাত ৮টার দিকে নিহতের পরিবারকে ঘটনার কথা জানায় স্থানীয় পুলিশ।

এই রিপোর্ট লেখা পর্যন্ত নিহত দুই বাংলাদেশীর মরদেহ পুলিশ হেফাজতে রয়েছে। অপরদিকে ঘাতককে ধরতে পুলিশ অভিযান অব্যাহত রেখেছে এবং একজনকে সন্দেহ করে তার ছবি প্রকাশ করেছে। জানা গেছে, নিহতদের মধ্যে ইউসুফ জনি ২ কন্যা সন্তানের জনক এবং তার স্ত্রী সন্তান সম্ভাবা। আর বাবুল উদ্দিন ৭ সন্তানের জনক।

বিভিন্ন সূত্রে পাওয়া তথ্যে জানা যায়, ইউসুফের উপস্থিতিতে তার বাফেলোর বাড়িতে বাবুল কাজ করছিলেন। এ সময় একজন কৃষ্ণাঙ্গ যুবক এসে তাদের কাছে কিছু অর্থ দাবি করে। উভয়ের মধ্যে কথা কাট-াকাটির একপর্যায়ে কৃষ্ণাঙ্গ যুবক তাদের ওপর গুলি চালিয়ে পালিয়ে যায়। পরে পুলিশ এসে তাদের লাশ উদ্ধার করে। লাশ দুটি ইসিএমসি হাসপাতালে রাখা হয়েছে।

নিহত বাবুল কুমিল্লা পৌরসদরের হরিপুর উত্তর পাড়া গ্রামের মৃত আব্দুল আজিজের অষ্টম সন্তান। সে গত ১৯৯১ সালে ডিভি লটারির মাধ্যমে যুক্তরাষ্ট্রে আগমন করেন। ৩ বছর পর দেশে ফিরে পার্শ্ববর্তী দাউদপুর গ্রামে বিয়ে করেন। বিয়ের পর স্ত্রী হাবিবাকে (৪০) নিয়ে যুক্তরাষ্টে বসবাস শুরু করেন। প্রথমদিকে বাবুল হোটেলে চাকুরী করতেন। এরপর হাউজিং ব্যবসা শুরু করে। বর্তমানে তিনি একাধিক বাড়ির মালিক হয়ে বাড়ির দেখাশোনা করেন। সাত সন্তানের মধ্যে তার দেড় বছর বয়সী একটি কন্যা সন্তানও রয়েছে। তার বড় ছেলে সিফাত নাগরিকত্ব পেয়ে সেখানে গাড়ি চালান। বর্তমানে বাবুলের পুরো পরিবার যুক্তরাষ্ট্রের নাগরিক।

**সিলেটে ইউসুফের পরিবারে শোকের মাতম:** নিহত ইউসুফের বাড়ি কানাইঘাট উপজেলার ঝিঙ্গাবাড়ি ইউনিয়নে। তার পুরো নাম আবু সালেহ মো. ইউসুফ জনি। বছরখানেক আগে স্ত্রী-সন্তানদের নিয়ে তিনি যুক্তরাস্ট্রে আসেন। ইউসুফ নিহত হওয়ার খবর রোববার সকাল ৭টায় ফোনে জানানো হয় তার বাড়িতে। ছেলে নিহত হওয়ার খবর পাওয়ার পরই মা নাজিরা বেগম বারবার মূর্ছা যাচ্ছেন। নাজিরা বেগম প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা। ইউসুফের বাবা নুরুল হক দুইবারের ইউপি সদস্য এবং একবারের ইউপি চেয়ারম্যান। তিনি কানাইঘাট উপজেলা আওয়ামী লীগের সহসভাপতি। তিনি ঢাকার দৈনিক যুগান্তরকে বলেন, পরিবারের মুখে হাসি ফোটানোর পাশাপাশি নিজের বাচ্চাদের ভালো প্রতিষ্ঠানে লেখাপড়া করানোর স্বপ্ন নিয়ে বিদেশে গিয়েছিল ইউসুফ। কিন্তু সেই স্বপ্ন পূরণ হয়নি। ইউসুফের চাচা সাহাব উদ্দিন জানান, ইউসুফেরা তিন ভাই, এক বোন। এক ভাই মাল্টায় এবং অপর ভাই ঢাকায় থাকেন। একমাত্র বোন সিলেট ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালের চিকিৎসক। তিনি বলেন, লাশ দেশে আনার ব্যাপারে কোনো সিদ্ধান্ত হয়নি। ওখানে আইনি বিষয় সম্পন্ন হলে এ ব্যাপারে সিদ্ধান্ত হবে।

এদিকে নিহত জনি-বাবুলের মরদেহ ময়না তদন্তের পর পরবর্তীতে তাদের জানা ও দাফন সহ অন্যান্য কার্যক্রমের কর্মসূচী নেয়া হবে বলে জানা যায়।

অপরদিকে এই ঘটনার প্রতিবাদ, বিচার এবং বাফেলোর সকল বাংলাদেশীর নিরাপত্তার দাবীতে রোববার (২৮ এপ্রিল) সমাবেশ আহ্বান করা হয়। এদিন বাদ জোহর নামাজের পর বাফেলো মুসলিম সেন্টারে (৯৯৫ ফিলমোর এভিনিউ, বাফেলো, নিউইয়র্ক ১৪২১১) এই সমাবেশ অনুষ্ঠিত ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ এবং প্রশাসনের কাছে ন্যায় বিচার দাবী করা হয়। সমাবেশে সিটি মেয়র ও পুলিশ প্রশাসনের শীর্ষ কর্মকর্তারা যোগ দেন এবং অপরাধীকে গ্রেফতার সহ ন্যায় বিচারের আশ্বাস দেন।

কিন্তু এসময় বিক্ষুব্ধ প্রবাসীদের ক্ষোভ আর প্রতিবাদের মুখে এক পর্যায়ে মেয়র সহ বাফেলো প্রশাসনের কর্মকর্তারা সভাস্থল ত্যাগ করেন। এরপর বৃষ্টির মধ্যেও ক্ষুব্ধ প্রবাসীরা জনি-বাবুল হত্যার প্রতিবাদে মসজিদ সংলগ্ন রাস্তা বন্ধ করে সমাবেশ করে। অনির্ধারিত ও অনুমতিহীন এই সমাবেশে তাৎক্ষনিকভাবে পুলিশ বাধাও দেয়নি।

স্টপ দ্য ভায়োলেন্স কোয়ালিশনের নির্বাহী পরিচালক মারে হলম্যান বলেন, বাফেলো শহর খুব শান্ত। এখানে এ ধরনের ঘটনা খুব দুঃখজনক। সহিংসতাবিরোধী সম্প্রদায়ের অন্য সদস্যরা আমাদের এ ব্যাপারে সাহায্য করবে বলে আশা করি।

উল্লেখ্য, কয়েকমাস যুক্তরাষ্ট্রে বেশ কয়েকজন বাংলাদেশী নিউইয়র্ক সহ বিভিন্ন রাজ্যে নানাভাবে হত্যার শিকার হয়েছেন। এদের মধ্যে কেউ পুলিশের হাতে, কেউবা দুর্বৃত্তদের হাতে নিহত হন। এসব ঘটনায় প্রবাসী বাংলাদেশীদের মাঝে আতঙ্ক বিরাজ করছে।

# এইচআরএ এর বেনিফিট একসেস সেন্টার ১৩ এ কর্মরত বাংলাদেশীদের ঈদ পূনর্মিলনী










**বাংলা পত্রিকা রিপোর্ট:** নিউইয়র্ক সিটির এইচআরএ এর বেনিফিট একসেস সেন্টার ১৩ এ কর্মরত বাংলাদেশীদের উদ্যোগে পূনর্মিলনী অনুষ্ঠিত হয়েছে। ঈদুল ফিতর ও পহেলা বৈশাখ উপলেক্ষ্যে সেন্টারের ম্যানহাটান কার্যালয়ে গত ২৪ এপ্রিল বুধবার দুপুরে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে ডিপার্টমেন্টের পরিচালক ফেলিসিয়া পারমান সহ বিভিন্ন পর্যায়ের শতাধিক কর্মকর্তা ও বাংলাদেশীরা অংশ নেন। মূলত: বাংলাদেশ, দেশের শিল্প-সংস্কৃতি তুলে ধরার লক্ষ্যেই এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। ফলে বাংলাদেশীরা দেশীয় পোশাক পড়ে অনুষ্ঠানে যোগ দেন। পরিবেশিত হয় বাঙালী খাবার। অনুষ্ঠান আয়োজনে ছিলেন জাহাঙ্গীর আহমেদ, মোসাদ্দেক আলম, ওমর ফারুক, সুজত পুরকায়স্থ, শামসুন্নাহার নূপুর, ফারহানা সহ আরো অনেকে।

# লং আইল্যান্ডে নাসাউ বাংলাদেশী কমিউনিটির ঈদ পূর্ণমিলনী ও বৈশাখী উৎসব










**জলি আহমেদ:** যুক্তরাষ্ট্রের নিইউয়ার্কে বাঙালীদের মাঝে সামাজিক বন্ধন সুদৃঢ় করতে কাজ করে যাচ্ছে নবগঠিত নাসাউ বাংলাদেশী কমিউনিটি। এরই ধারাবাহিকতায় ২১ এপ্রিল লং আইল্যান্ডে ঈদ পরবর্তী পূর্ণমিলনী ও বৈশাখী উৎসবের আয়োজন করেছে সংগঠনটি। অনুষ্ঠানে ব্যবসায়ী, রাজনীতিবিদ, সিনেটর ও সাংবাদিকসহ বিভিন্ন শ্রেণিপেশার মানুষ এবং উল্লেখযোগ্য প্রবাসী বাংলাদেশিরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানের শুরুতেই বাংলাদেশের ও যুক্তরাষ্ট্রের জাতীয় সংগীতের মাধ্যমে সূচনা হয়। অনুষ্ঠানে বৈশাখী মেলা, নাচ-গান, বাচ্চাদের পারফর্মেন্স, পুঁথি পাঠ, ম্যাজিক শোসহ নানান আয়োজন ছিল। আর এসব উপপভোগ করতে প্রবাসীরা এসেছিলেন বাঙালী সাজে। নারীরা পরেছিলেন লাল-সাদা শাড়ি আর ছেলেরা পাঞ্জাবী-পায়জামা। শিশুরাও সেজেছিল বাঙালী সাজে। এ যেন সুদূর আমেরিকায় ছোট্ট এক বাংলাদেশ।

মূলত: প্রবাসের মাটিতে বেড়ে ওঠা শিশু-কিশোরদের বাংলাদেশের নিজস্ব কৃষ্টি কালচার ও উৎসবের সঙ্গে পরি-চিতি এবং যুক্ত থাকার উদ্দেশ্যে এই আয়োজন।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন সংগঠনের প্রধান উপদেষ্টা ইউএস সুপ্রীম কোর্ট বারের সদস্য এবং কুইন্স ডেমোক্রেটিক পার্টির ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ এটর্নী মঈন চৌধুরী। অনুষ্ঠানে তিনি বলেন, এটি একটি সুন্দর আয়োজন। এ ধরনের অনুষ্ঠানের মাধ্যমে আমরা যেমন আনন্দিত হই, তেমনি আমাদের পরস্পরের মাঝে একটি সামাজিক বন্ধন তৈরি হয়। একে অপরের পাশে দাঁড়াতে পারি। সর্বোপরি বাংলাদেশের সংস্কৃতির সঙ্গে নতুন প্রজন্মের মেলবন্ধন তৈরি হয়। আশা করবো নাসাউ বাংলাদেশী কমিউনিটি আমাদের আরও সুন্দর সুন্দর প্রোগ্রাম উপহার দেবে।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন নাসাউ বাংলাদেশী কমিউনিটির সভাপতি ক্যাপ্টেন মোতাছির মিয়া, সাধারণ সম্পাদক ইঞ্জিনিয়ার মোহাম্মদ শামিবুর রহমান (শামীম), সহ সভাপতি সোনিয়া হক, আশিকুজ্জামান চোধুরী, মি-নরুর রহমান প্রমুখ।

ক্যাপ্টেন মোতাছির মিয়া জানান, এবার ঈদুল ফিতরের পরপরই পহেলা বৈশাখ পালিত হয়েছে। তাই দুটি উৎসব আমরা একসঙ্গে উদযাপন করতে পেরে আনন্দিত। আয়োজকরা বলেন, পহেলা বৈশাখ উদযাপন করা মানে শুধুমাত্র উৎসবে মেতে ওঠা নয়, বাঙালীর বর্ষবরণ সংস্কৃতিকে পরবর্তী প্রজন্মকে জানিয়ে দেওয়াও উদ্দেশ্য।

অনুষ্ঠানে কৃষ্ণা তিথি, শানু হোসাইন, অর্ণব ও আয়না মাহিবা সঙ্গীত পরিবেশন করেন। নাচ পরিবেশন করেন আরটিভি ইয়াং স্টার লিনা মানহা ও প্রিয়া ডায়েস। এছাড়া শামীমের একের পর এক মনোমুগ্ধকর ম্যাজিক পরিবেশনায় অনুষ্ঠানটি আরও প্রাণবন্ত হয়ে ওঠে। মনমাতানো গানের মুছনায় আর বাহারী বাঙালী খাবারের ডিনার শেষে অনুষ্ঠানে উপস্থিত সবাই খুব সুন্দর একটি সন্ধায় কাটিয়ে বাড়ি ফিরেন।

# দিল্লি আদালতের রায় ও গণতন্ত্রের স্বাধীনতা রাজনীতি

॥ মোশতাক আহমেদ ॥

ভারতের দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়ালকে তাঁর পদ থেকে অপসারণের মামলা গত ৪ এপ্রিল তৃতীয়বারের মতো খারিজ করে দিয়েছেন দিল্লি হাইকোর্ট। এর আগে গত ২১ মার্চ আবগারি (মদ) নীতি মামলায় তাঁকে গ্রেপ্তার করা হয়। 'ইডি' বা এনফোর্সমেন্ট ডিরেক্টরেটের হেফাজত শেষে তাঁকে তিহার জেলে পাঠানো হয়। ওখানে বন্দি অবস্থায়ই তিনি জানিয়ে দিয়েছেন, জেল থেকেই মুখ্যমন্ত্রীর দায়িত্ব পালন করবেন। এদিকে কেজরিওয়ালকে মুখ্যমন্ত্রীর পদ থেকে অপসারণের জন্য কেন্দ্রে ক্ষমতাসীন দল বিজেপি উঠেপড়ে লেগেছে। তাদের বক্তব্য, মুখ্যমন্ত্রীকে যে কোনো প্রকারেই সরাতে হবে। এই দাবিতে একাধিক মামলাও করা হয়। আগের দুটি আবেদন খারিজের পর হাইকোর্ট এবার তৃতীয়বারের মতো খারিজ করে দিয়েছেন হিন্দু সেনার আরজি।

এই আরজিতে বলা হয়েছিল, হাইকোর্ট দিল্লির উপরাজ্যপালকে পরামর্শ দিন, যাতে তিনি মুখ্যমন্ত্রীকে ইস্তফা দিতে বলেন। সেই আবেদনের জবাবে অস্থায়ী প্রধান বিচারপতি বলে দিয়েছেন, 'উ-পরাজ্যপালের প্রয়োজন নেই আমাদের উপদেশ গ্রহণের। আমরাও তাঁকে পরামর্শ দেওয়ার কেউ নই। আইন অনুসারে যা কিছু করণীয়, তিনিই করবেন।' মামলাটি খারিজ করে দিয়ে দিল্লি হাইকোর্টের অস্থায়ী প্রধান বিচারপতি মনমোহন এই আদেশ দেন। আদেশে তিনি আরও বলেন, 'কেউ মুখ্যমন্ত্রী থাকবেন কিনা, তা আদালতের বিচার্য নয়। গণতন্ত্রই তা ঠিক করবে। গণতন্ত্রকে তার পথে চলতে দিন।'

জনসংখ্যার বিচারে বিশ্বের বৃহত্তম গণতন্ত্রের দেশ ভারতের অষ্টাদশ জাতীয় নির্বাচনের প্রথম দফা ভোটের মাত্র দু'সপ্তাহ আগে দিল্লি আদালতের এই রায়ে দুটি বিষয় বিশেষভাবে প্রণিধানযোগ্য; যা বাংলাদেশসহ সব গণতান্ত্রিক রাষ্ট্রের জন্যই অনুকরণীয় হতে পারে।

প্রথমত, একটি গণতান্ত্রিক ব্যবস্থায় রাষ্ট্রের যেসব অঙ্গ থাকে, তাদের স্বাধীনভাবে কাজ করার সুযোগ দিতে হবে; অযাচিতভাবে রাষ্ট্রের কোনো অঙ্গের কাজে উপদেশ দেওয়া হস্তক্ষেপেরই নামান্তর। এর ফলে সেই সব অঙ্গ দুর্বল হয়ে যায়, এক সময় তা তার কার্যকারিতা হারিয়ে ফেলে। সে কারণেই আদালত দিল্লির উপরাজ্যপালকে তাঁর কাজে কোনোরূপ উপদেশদানে বিরত থেকেছেন। শুধু বিরতই থাকেননি, বলিষ্ঠভাবে জানিয়েও দিয়েছেন যে প্রশাসনিক বা রাজনৈতিক মহলের এখতিয়ারে হস্তক্ষেপে আগ্রহী নন আদালত।

দ্বিতীয়ত, গণতন্ত্রকে তার নিজস্ব গতিপথে নিজের মতো করে চলতে দিতে হবে, অন্যথায় গণতন্ত্র মুখ থুবড়ে পড়তে বাধ্য। তাই তো কেজরিওয়ালের ব্যাপারে সিদ্ধান্তের বিষয়টি গণতান্ত্রিক ব্যবস্থার ওপর ছেড়ে দিয়েছেন। প্রসঙ্গত এটিও উল্লেখ্য, মোকদ্দমাটির বাদী ছিলেন ক্ষমতাসীন বিজেপি দলের কট্টর সমর্থক সংগঠন 'হিন্দু সেনা' সভাপতি বিষ্ণু গুপ্ত। উগ্র ডানপন্থি এই রাজনৈতিক দল ক্ষমতাসীন বিজেপিরই একটি পোষ্য সংগঠন বলে সন্দেহ করা হয়। সেই ক্ষমতাসীন দল-সমর্থক সংগঠনের আবেদন এভাবে নাকচ করে দেওয়াটাও একটি উদাহরণ বটে।

এই রায়ের মাধ্যমে দিল্লি হাইকোর্ট আরও একটি শাশ্বত সত্য সামনে নিয়ে এসেছেন, যা গণতন্ত্রে বিশ্বাসী সবার জন্যই শিক্ষণীয় হতে পারে। তা হলো, গণতন্ত্র শুধু নেতৃত্ব নির্বাচনের পন্থা নয়; এটি একটি মূল্যবোধ- যা প্রতিনিয়ত চর্চার মধ্য দিয়ে পরিপক্বতা অর্জন করে। এই চর্চার ক্ষেত্রে আদালত অনুঘটকের ভূমিকা পালন করতে পারেন। প্রকৃত অর্থে গণতন্ত্র আর স্বাধীনতা- এই দুটো জিনিসই একে অন্যের পরিপূরক। অন্য কথায়, গণতন্ত্র হলো স্বাধীনতার বন্ধন। স্বাধীনতার বন্ধনে কোনো প্রতিষ্ঠানকে যেভাবে কাজ করানো যায়, শৃঙ্খলের বন্ধনে তা হয়ে ওঠে না।

প্রসঙ্গত, উচ্চ আদালতের কাজই হলো জাতিকে, সরকারকে যখন প্রয়োজন তখন যথাযথ পথপ্রদর্শন। আরও স্মর্তব্য, উচ্চ আদালত কোনো সাধারণ বিচারিক আদালত নন। সাধারণ বিচারিক আদালতে দুটো পক্ষ থাকে- বাদী আর বিবাদী। এই দুই পক্ষ কর্তৃক উপস্থাপিত সাক্ষ্য-প্রমাণ এবং যুক্তিতর্কের আলোকে আদালত সিদ্ধান্ত দিয়ে থাকেন। কিন্তু উচ্চ আদালতে বাদী-বিবাদীর বাইরেও আরও একটি অদৃশ্য পক্ষ থাকে। বলতে গেলে সেই অদৃশ্য তৃতীয় পক্ষই উচ্চ আদালতের প্রধান বিবেচ্য। সেটি হলো জনগণের 'সাধারণ ইচ্ছা' বা কমন উইল অব পিপল। উচ্চ আদালতের কাজই হলো জনগণের সাধারণ ইচ্ছাকে রায়ের মাধ্যমে তুলে ধরা। যখন উচ্চ আদালত সে কাজটি করেন, তখন তাঁর মূল্যায়ন দেশের সব আদালতেই রেফারেন্স হিসেবে ব্যবহৃত হয়। কখনও কখনও সেই ফাইন্ডিং দেশের সীমানা ছাড়িয়ে অন্য দেশেও বিচারকাজে রেফারেন্স হিসেবে ব্যবহৃত হয়। তাই অনেক সময়ই লাহোর হাইকোর্ট, বোম্বে হাইকোর্ট, দিল্লি হাইকোর্টের অনেক আদেশ বা রায় আমাদের দেশেও রেফারেন্স হিসেবে আলোচনা করা হয়। এখানেই দিল্লি আদালতের আদেশটির আলোচনার প্রাসঙ্গিকতা।

লক্ষণীয়, দিল্লি হাইকোর্টের রায় কিন্তু উগ্র হিন্দুত্ববাদী সংগঠন-টিও মেনে নিয়েছে বা ক্ষমতাসীন বিজেপি সরকার রাষ্ট্রীয় সংস্থাকে ব্যবহার করে দিল্লির মুখ্যমন্ত্রীকে আটক করলেও তাঁকে অপসারণে অসাংবিধানিক কোনো উদ্যোগ নিচ্ছে না। অর্থাৎ সব পক্ষই বিচার বিভাগকে নির্বাহী বিভাগের ওপরে স্থান দিয়েছে।

এদিকে দিল্লি হাইকোর্টের এই রায়ের ঠিক চার দিন আগে বাংলাদেশের হাইকোর্টও একটি আদেশ দিয়েছেন। সেই আদেশে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়-বুয়েটে ছাত্র রাজনীতি নিয়ে প্রায় সাড়ে চার বছর আগে আরোপিত নিষেধাজ্ঞা বাতিল করা হয়েছে। কিন্তু এর পর পরই ছাত্র রাজনীতির পক্ষ-বিপক্ষ দুই-ই প্রধানমন্ত্রী বরাবর খোলা চিঠি লিখেছে। অর্থাৎ আদালতের আদেশের পরও নির্বাহী কর্তৃপক্ষের হস্তক্ষেপ কামনা করেছে উভয় পক্ষ! বাংলাদেশের মতো ভারতেও নাগরিকদের মধ্যে রাজনৈতিক মতামত ও বিবেচনা প্রবল; কিন্তু সেখানে উচ্চ আদালতের নির্দেশনার পরও নির্বাহী বিভাগের কাছে যাওয়ার ঘটনা অন্তত এখন পর্যন্ত শোনা যায়নি।

পার্থক্যটা কেবল এখানেই নয়; আমাদের দেশে এমন অনেক বিষয়ে আদালতকে হস্তক্ষেপ করতে হয় বা নির্দেশনা দিতে হয়। যেমন- কোনো বিশ্ববিদ্যালয়ে ছাত্র রাজনীতি থাকবে কি থাকবে না, সেটি কোনো বিশ্ববিদ্যালয় প্রশাসনের বিষয় হতে পারে? এটি তো আমাদের সাংবিধানিক অধিকার। কিন্তু বুয়েট প্রশাসন রীতিমতো বিজ্ঞপ্তি জারির মাধ্যমে 'রাজনীতি নিষিদ্ধ' করেছিল। ফলে বিষয়টি নিয়ে আদালতে যেতে হয়েছে। এটিই বাংলাদেশের প্রশাসনিক ব্যবস্থা তথা গণতন্ত্রের দুর্বলতা।

প্রকৃতপক্ষে স্বাধীনতার ৫৩ বছরেও আমাদের দেশে গণতন্ত্রের প্রাতিষ্ঠানিক ভিত্তি সংহত রূপ নিতে পারেনি। এর পেছনে দীর্ঘদিন সামরিক বা আধাসামরিক শাসন একটি কারণ হতে পারে। এই সময়ে বাংলাদেশের সাংবিধানিক প্রতিষ্ঠানগুলো নিয়ে অনেক পরীক্ষা-নিরীক্ষা চালানো হয়। নব্বইয়ে পটপরিবর্তনের পর আশা করা হয়েছিল যে অবস্থার পরিবর্তন ঘটবে। কিন্তু ২০07 সালে এসে আবারও ছন্দপতন। এরপর শুরু হলো গণতন্ত্র নিয়েও নানা পরীক্ষা-নিরীক্ষা। গত তিনটি জাতীয় নির্বাচনও দেশে-বিদেশে নানাভাবে বিতর্কের জন্ম দিয়েছে। এক কথায়, আমরা গণতন্ত্রের ভিতকে শক্তিশালী করে গড়ে তুলতে না পারায় জনগণের সাধারণ ইচ্ছার বিষয়টি অবহেলিতই রয়ে গেছে। অন্যদিকে গণতন্ত্রের দুর্বলতার কারণে আদালতের ওপর নির্ভরশীলতাও বাড়ছে।

কোনো গণতান্ত্রিক দেশে গণতন্ত্র নিজেই যদি অসুস্থ হয়ে পড়ে, তাহলে তার অন্য কোনো প্রতিষ্ঠানই যথাযথভাবে কাজ করতে পারে না। অতীতের যে কোনো সময়ের তুলনায় আজ তাই বেশি প্রয়োজন আমাদের গণতন্ত্রকে সংহত করা। আদালত এ ক্ষেত্রে অনুঘটকের ভূমিকা রাখতে পারে। কেজরিওয়াল বিষয়ে দিল্লি আদালতের রায় এ ক্ষেত্রে একটি অনুকরণীয় দৃষ্টান্ত হতে পারে।

***মোশতাক আহমেদ: জাতিসংঘের সাবেক কর্মকর্তা ও কলাম লেখক***






## আচরণবিধি লঙ্ঘনের মহোৎসব

(প্রথম পাতার পর)

বিধিলঙ্ঘনের অভিযোগ। বিভিন্ন স্থানে সম্ভাব্য প্রার্থীদের হয়রানি করার অভিযোগ তো আছেই। সাবেক এক জন মুক্তিযোদ্ধা কমান্ডারকে প্রার্থী না হতে থানায় তলবের ঘটনাও ঘটেছে। বাধ্য হয়ে অনেক প্রার্থী নির্বাচন কমিশনের (ইসি) কাছে এমপিদের বিরুদ্ধে লিখিত অভিযোগ দিয়েছেন। ইসি থেকে বারবার বিধি মেনে প্রচারণার কথা বলা হলেও প্রভাবশালীরা তা একের পর এক অবজ্ঞা করে চলেছেন। ভোটারদের মন জয় করার পরিবর্তে পুলিশ প্রশাসন ও মাঠ নিজেদের নিয়ন্ত্রণে রাখতে মরিয়া প্রভাবশালীরা।

বীর মুক্তিযোদ্ধাকে থানায় ডেকে ওসির হুমকি: সম্প্রতি একটি উপজেলা নির্বাচনকে কেন্দ্র করে সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার ও জেলা আওয়ামী লীগের উপদেষ্টা বীর মুক্তিযোদ্ধাকে থানায় তলব করেন ওসি। এ বিষয়ে বীর মুক্তিযোদ্ধা বিস্ময় প্রকাশ করে জানান, থানায় গেলে ওসি আমাকে বলেন, 'আমার বাবাও (ওসির) মুক্তিযোদ্ধা ছিলেন। আপনি এখন বয়স্ক মানুষ। ঝামেলার দরকার কি। সামনে ইলেকশন, সেহেতু আপনি বয়স্ক মানুষ নি-রিবিলি থাকাই ভালো।' এ সময় ঊর্ধ্বতন পুলিশ কর্মকর্তা এ খবরটি শোনার পর ওসিকে ফোন দিলে তিনি (ওসি) তাকে বলেন, 'তেমন কিছু না স্যার একটু চায়ের দাওয়াত দিয়েছি।' পরে থানা থেকে বেরিয়ে ঐ মুক্তিযোদ্ধা বলেন, 'আজকের দিনটি দেখার জন্য আমি প্রস্তুত ছিলাম না।' তিনি আক্ষেপ করে বলেন, 'প্রধানমন্ত্রী আমাকে ব্যক্তিগতভাবে চেনেন এবং অত্যন্ত স্নেহ করেন। কিন্তু আফসোস এই শেষ বয়সে এসে এই দিন দেখতে হলো! এখন আমায় ঢাকায় থাকতে হচ্ছে? একই এলাকায় ভাইস চেয়ারম্যান প্রার্থী হওয়ার ইচ্ছে পোষণ করায় উপজেলা আওয়ামী লীগের এক নেতাকে মারধর করা হয়েছে। তাছাড়াও আসন্ন উপজেলা পরিষদ নির্বাচনে মহিলা পদে প্রার্থী হওয়ার জন্য জামানতের টাকা জমা দিতে গেলে তাকে মারধর করে কাগজপত্র ছিনিয়ে নিয়ে গেছে একদল সন্ত্রাসী।'

কয়েকজন এমপির বিরুদ্ধে অভিযোগ: উপজেলা পরিষদ নির্বাচনে চেয়ারম্যান প্রার্থীর পক্ষে নির্বাচনি প্রচারণায় অভিযোগ উঠেছে রেলমন্ত্রী জিল্লুর হাকিমের পুত্র আশিক মাহমুদ মিতুল হাকিমের বিরুদ্ধে। বর্তমান উপজেলা চেয়ারম্যান ও প্রার্থী মো. ফরিদ হাসান ওদুদ প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) বরাবর মন্ত্রীপুত্রের অবৈধ প্রভাব বিস্তারের অভিযোগ দিয়েছেন। অভিযোগে তিনি বলেন, মন্ত্রীপুত্র বিভিন্ন জনসভায় প্রকাশ্য আমাকে ও আমার কর্মী-সমর্থকদের হত্যা ও দেখে নেওয়ার হুমকি প্রদান করেছেন। অভিযোগ এসেছে শেরপুর-৩ (শ্রীবরদী-ঝিনাইগাতী) আসনের সংসদ সদস্য এ ডি এম শহিদুল ইসলামের বিরুদ্ধে। ঐ উপজেলার অন্য চেয়ারম্যান প্রার্থীদের অভিযোগ- সংসদ সদস্য এ ডি এম শহিদুল ইসলাম দলীয় সিদ্ধান্ত উপেক্ষা করে ঝিনাইগাতী উপজেলার চেয়ারম্যান প্রার্থী উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শ্রী বিশ্বজিত্ রায়ের পক্ষে নির্বাচনি প্রচারণা চালিয়ে আসছেন। চাঁদপুরের মতলব উপজেলা নির্বাচনে স্থানীয় সংসদ সদস্য কর্তৃক আচরণবিধি লঙ্ঘন করে অর্থ লেনদেনের অভিযোগ ইসিতে দেওয়া হয়েছে। সিরাজগঞ্জের কাজীপুর উপজেলা পরিষদ নির্বাচনে আচরণবিধি লঙ্ঘনের অভিযোগে চেয়ারম্যান প্রার্থী ও উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক খলিলুর রহমানকে কারণ দর্শানোর নোটিশ দেওয়া হয়েছে। দিনাজপুরের ঘোড়াঘাট উপজেলা পরিষদ নির্বাচনে আচরণবিধি লঙ্ঘনের অভিযোগে স্বতন্ত্র চেয়ারম্যান প্রার্থী কাজী শুভ রহমান চৌধুরীকে ব্যাখ্যা দিতে বলেছে রিটার্নিং অফিসার। কাজী শুভ রহমান চৌধুরী ঘোড়াঘাট উপজেলা আওয়ামী লীগের সদস্য এবং সাবেক উপজেলা চেয়ারম্যান।

কক্সবাজারের চকরিয়া উপজেলা পরিষদ নির্বাচনে চেয়ারম্যান পদে প্রতিদ্বন্দ্বী ফজলুল করিমের পক্ষে তাকে নিয়ে কক্সবাজার-১ আসনের সংসদ সদস্য সৈয়দ মুহাম্মদ ইবরাহিম বিভিন্ন সামাজিক অনুষ্ঠান ও সভায় সরাসরি ভোট চাওয়ার অভিযোগ করেছেন প্রতিদ্বন্দ্বী প্রার্থী জাফর আলম। সংশ্লিষ্টদের কাছে লিখিত অভিযোগ দিয়েছেন তিনি। নারায়ণগঞ্জের বন্দর উপজেলা পরিষদ নির্বাচনে আচরণবিধি লঙ্ঘনের অভিযোগে জাতীয় পার্টি (জাপা) নেতা ও চেয়ারম্যান প্রার্থী মাকসুদ হোসেনকে শোকজ করেছে জেলা রিটার্নিং কর্মকর্তা। নেত্রকোনার দুর্গাপুরে ওসির বিরুদ্ধে পক্ষপাতিত্বের অভিযোগ তুলেছেন সাত জন চেয়ারম্যান প্রার্থীর মধ্যে ছয় জনই। গত শনিবার এ নিয়ে প্রধান নির্বাচন কমিশনার বরাবর এক লিখিত অভিযোগ দিয়েছে তারা।

কুমিল্লার নাঙ্গলকোট পৌরসভার মেয়র আব্দুল মালেকের বিরুদ্ধে নির্বাচনি আচরণবিধি লঙ্ঘনের অভিযোগ জমা পড়েছে রিটার্নিং অফিসারের কাছে। এদিকে জামালপুরের সরিষাবাড়ী উপজেলা পরিষদ নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থীর এজেন্ট কেন্দ্রে ঢুকলে হাত, দাঁত ও চাপার হাড্ডি ভেঙে যমুনা নদীতে নিক্ষেপের হুমকিদাতা আওয়ামী লীগের দুই নেতাকে আটক করেছে ডিবি পুলিশ। এছাড়াও উপজেলা চেয়ারম্যান প্রার্থী রফিকুল ইসলামকে (আনারস প্রতীক) শোকজ করেছেন নির্বাচন কর্মকর্তা।

**গোপালপুরে নির্বাচন স্থগিত:** টাঙ্গাইলের গোপালপুরে মহিলা ভাইস চেয়ারম্যান প্রার্থী মারা যাওয়ায় উপজেলা পরিষদ নির্বাচন স্থগিত করেছে ইসি। আগামী ৮ মে গোপালপুর উপজেলার ভোট হওয়ার কথা ছিল। গতকাল রবিবার নির্বাচন কমিশনের উপসচিব মো. আতিয়ার রহমান স্বাক্ষরিত চিঠিতে গোপালপুর উপজেলা পরিষদের সব পদের নির্বাচন স্থগিত ঘোষণা করা হয়। গোপালপুর উপজেলা পরিষদের বর্তমান মহিলা ভাইস চেয়ারম্যান মরিয়ম আখতার মুক্তা এবারও প্রার্থী হয়েছিলেন। গত শুক্রবার তিনি অসুস্থ হয়ে পড়লে দ্রুত তাকে ময়মনসিংহ মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। পরে সেখানেই চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান। তিনি আওয়ামী লীগের প্রতিষ্ঠাতা সদস্য, বঙ্গবন্ধুর ঘনিষ্ঠ সহচর এবং সাবেক এমপি হাতেম আলী তালুকদারের নাতনি।

## বিশ্বে সামরিক ব্যয়ে শীর্ষে

(প্রথম পাতার পর)

আগে কখনই এত বেশি সামরিক ব্যয় দেখেনি বিশ্ব। সামরিক খাতে সবচেয়ে বেশি খরচ করা দেশের তালিকায় শীর্ষে রয়েছে যুক্তরাষ্ট্র, চীন ও রাশিয়া।

গত ২২ এপ্রিল সোমবার স্টকহোম ইন্টারন্যাশনাল পিস রিসার্চ ইনস্টিটিউট এ তথ্য প্রকাশ করেছে। প্রতিষ্ঠানটি বলছে, টানা নয় বছর বিশ্বে সামরিক ব্যয় বেড়েছে। বিশ্বের পাঁচটি ভৌগোলিক অঞ্চলেই সামরিক ব্যয় বেড়েছে। ২০২৩ সালে সামরিক খাতে সবচেয়ে বেশি খরচ করেছে যুক্তরাষ্ট্র। দেশটির ব্যয় ৯১৬ বিলিয়ন ডলার, যা বিশ্বের মোট সামরিক ব্যয়ের ৩৭ শতাংশ। এরপরেই রয়েছে চীন। বিশ্বের মোট সামরিক ব্যয়ের মধ্যে ১২ শতাংশই চীনের। সামরিক খাতে তারা খরচ করেছে ২৯৬ বিলিয়ন ডলার। তৃতীয় অবস্থানে থাকা রাশিয়া প্রতিরক্ষা খাতে আনুমানিক ১০৯ বিলিয়ন ডলার খরচ করেছে, যা বিশ্বের মোট সামরিক ব্যয়ের ৪ দশমিক ৫ শতাংশ। ইউক্রেনে আগ্রাসন চালানো দেশটির সাম-রিক ব্যয় ২০২২ সালের তুলনায় ২০২৩ সালে বেড়েছে ২৪ শতাংশ।

## যুদ্ধ করতে চায় না সেনারা,

(প্রথম পাতার পর)

আতঙ্কের মধ্যে আছেন নেতানিয়াহু। দ্যা নিউ আরব। এদিকে কাল সোমবার মিসরের রাজধানী কায়রোতে যাবে হামাসের একটি প্রতিনিধি দল। তারা দখলদার ইসরাইলের সঙ্গে জিম্মি চুক্তি নিয়ে কথা বলবেন। হামাসের কাছে থাকা জিম্মিদের ছাড়িয়ে নিতে ইসরাইল নতুন একটি প্রস্তাব দিয়েছে। এই প্রস্তাবটি পর্যালোচনা করে একটি সিদ্ধান্তে পৌঁছেছে হামাস। কাল কায়রোতে গিয়ে মধ্যস্থতাকারী দেশগুলোর কাছে নিজেদের সিদ্ধান্ত জানাবে তারা। ফলে আগামীকাল জানা যাবে ইসরাইলের সঙ্গে হামাসের জিম্মি ও যুদ্ধবিরতির চুক্তি হবে কিনা। ইসরাইল হুমকি দিয়েছে, যদি হামাস জিম্মি চুক্তিতে রাজি না হয় তাহলে তারা রাফাহতে হামলা চালাবে। এজন্য নিজেদের সব প্রস্তুতি সম্পন্ন করে রেখেছে তারা। সূত্র: টাইমস অব ইসরাইল

হোমিও চিকিৎসা



এস.কে.শর্মা
D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist
আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন। আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।

*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *গ্যাষ্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্দ্ব * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।

শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্বতা, শিশুর মুখদিয়া লালা পড়া, Autism, Autistic, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)

আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা

আমরা আমেরিকার যে কোন স্টেটে ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।

স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্বতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।

Homeopathy & Herbal
72-08 Broadway, Jackson Heights, NY 11372
Cell: 917-285-4804
BUSINESS HOURS: MONDAY-SATURDAY 11:30AM-8PM, SUNDAY CLOSED

ALL YOUR NEED REAL ESTATE BUYING & SELLING.



▼ বাড়ী ক্রয়-বিক্রয় ব্যাপারে সব রকমের সহযোগিতা করে থাকি!
▼ অল্প ডাউন পেমেন্টে আপনিও বাড়ীর মালিক হতে পারেন!

Century 21
Tri-Boro Terrace Realty
31-08, Astoria Boulevard, Astoria, New York, NY 11102
Business: (718) 721-2700, Ext. 19
Fax: (718) 721-7033
Cellular: (646) 732-9150
E-Mail: tusherb@aol.com
Tusher Bhuiyan
Licensed Real Estate Agent
Each Office is Independently Owned and Operate
MLS

ফার্মেসী PHARMACY & SURGICAL STORE
Free Diabetic machine
সীমিত সময়ের জন্য 15% Off
Vitamins, Nutrition & Homeopathic
একই সাথে এখানে পাচ্ছেন ◆ ঔষধপত্র, মেডিক্যাল ও সার্জিক্যাল যন্ত্রপাতি। ◆ বিউটি এবং কসমেটিক্স। ◆ ইলেকট্রনিক্স, গৃহস্থালী মণিহারী, খেলনা সামগ্রী ও স্কুল সাপ্লাই।
আমরা ২৫ বছরের বেশি সময় ধরে নিষ্ঠার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছি। সুতরাং আজই আসুন আপনার সুবিধামত অবস্থানে।
আমরা Medicade, Medicare Part D, Worker compensation সহ ইন্স্যুরেন্স প্লান গ্রহণ করি।

ASTORIA PHARMACY
30-14 30th Ave. Astoria, NY 11102
Ph: 718-278-3772
e-mail: rph@astoriapharmacy.com
www.astoriapharmacy.com

JACKSON HEIGHTS PHARMACY
71-34 Roosevelt Ave. Jackson Heights, NY 11372
Ph: 718-779-1444
e-mail: rph@jacksonheightspharmacy.com
www.jacksonheightspharmacy.com

LONG ISLAND CITY CHEMISTS
30-12 36th Ave. Long Island City, NY 11106
Ph: 718-392-8049
e-mail: licchem@yahoo.com
www.drugcabinet.com

OPEN
10 am - 10 pm
Monday to Friday
Saturday
10 am - 5 pm

# সাহিত্য সাময়িকী

## উপুড় হওয়া নদী
### মাহমুদ কামাল

একটি শিশিরবিন্দু উপুড় হওয়া নদীটিকে প্রশ্ন করে
হে নদীমাতৃক দেশে জননী আমার
তুমি কি কাঁদছো?
এই প্রশ্নে নদীটির কান্নার ধ্বনি
দ্রুত বেড়ে ওঠে
না- কোনও স্রোতধ্বনি নয়, প্রবহমানতা নয়
আনন্দ শীৎকার নয়
নদীটি কাঁদছে খুব পড়ন্ত বিকেলে
তার বুকে জল নেই কেন?

## চল একটা কিছু করি
### শাহীনুল ইসলাম

উল্লেখ্য, গত বছর ১৯ সেপ্টেম্বর সোসাইটির চেক জালিয়াতি করে এস্টোরিয়াস্থ টিডি ব্যাংক থেকে অর্থ তোলার চেষ্টা করা হয়। কিন্তু ব্যাংক কর্মকর্তা ও সোসাইটির নেতৃবৃন্দের দ্রুত হস্তক্ষেপে মামুন ১ লাখ ৬৫ হাজার ডলার উত্তোলন করতে ব্যর্থ হয়। চেক জালিয়াতির পরিপ্রেক্ষিতে বাংলাদেশ সোসাইটির কর্মকর্তারা মামলাও দায়ের করেন। সেই মামলার পরিপ্রেক্ষিতে গত ৫ মাস ধরে গোয়েন্দা পুলিশ তদন্ত করে।ব্যাংকের ভিডিও ফুটেজ থেকে মামুন আবুকে শনাক্ত করা হয়। অবশেষে তাকে গ্রেপ্তার করতে সক্ষম হয় পুলিশ। বাংলাদেশ সোসাইটির কোষাধ্যক্ষ নওয়াদ হোসেন সিদ্দিকী সাংবাদিকদের জানান, বাংলাদেশ সোসাইটির ফিউনারের একটি অ্যাকাউন্ট থেকে সব মিলিয়ে ১ লাখ ৬৫ হাজার ডলার হ্যাক করার চেষ্টা করা হয়। জালিয়াতকারী সোসাইটির রেগুলার অ্যাকাউন্টের মতো নকল চেক তৈরি করে, রাউটিং নম্বর দেয়, চেক নম্বর দেয় এবং জাল স্বাক্ষরও করে। সাধারণত এই পর্যন্ত হ্যাকিংয়ের ক্ষেত্রে দেখা গেছে, তথ্য চুরি করে অন্যভাবে আত্মসাৎ করে, কিন্তু জালিয়াতকারী এতোই ধুরন্ধর যে অবিকল সব জাল করে নিজেই যায় ব্যাংকে। কয়েক ধাপে সে সফলও হয়। কিন্ত সোসাইটির দায়িত্বশীলদের তৎপরতায় বড় ধরনের বিপর্যের হাত থেকে রক্ষা পায় সোসাইটির ব্যাংক অ্যাকাউন্ট।

এদিকে একজন বাংলাদেশী হয়ে প্রবাসীদের অন্যতম বৃহৎ সংগঠনের অ্যাকাউন্ট হ্যাকসহ চেক জালিয়াতের ঘটনায় কমিউনিটিতে ব্যাপক প্রতিক্রিয়া সৃষ্টি হয়। প্রবাসীরা বলছেন, মামুনের এই ধরনের ঘটনা এবং পরবর্তীতে গ্রেপ্তার হওয়ার কারণে বাংলাদেশীদের ভাবমূর্তি ক্ষুণ্ন হয়েছে। সবাই মামুনের দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করেন।

## মানবাধিকারের ধর্ম ইসলাম

(শেষের পাতার পর)

রসুল (সা.)। পবিত্র কোরআনে আল্লাহ বলেন, '(হে নবী)! নিশ্চয়ই আমি আপনাকে সব কল্যাণ দান করেছি' (সুরা কাওসার ১)। মানব জাতির সর্বস্তরে কল্যাণ নিশ্চিত করতে ব্যক্তিজীবন, পারিবারিক জীবন, সামাজিক জীবন, অর্থনৈতিক জীবনসহ মানব জীবনের প্রতিটি ক্ষেত্রে রসুল (সা.) মহান আল্লাহর কাছ থেকে মানব জাতির জন্য নিয়ে এসেছেন পূর্ণাঙ্গ ও কল্যাণকর জীবনাদর্শ। কোরআন মানুষকে সত্য ও মিথ্যার মাঝে পার্থক্য করতে শেখায়। কোরআন মানুষকে কল্যাণ ও আলোর পথ দেখায়। মানুষের অধিকার আদায়ে সত্যের পক্ষে থেকে পাপাচারের বিরুদ্ধে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানায়।

ইসলাম মানবাধিকারের সীমাকে এত প্রশস্ত করেছে যে, পুরো জীবন এর মাঝে এসে পড়ে। পিতা-মাতার হক, বন্ধুবান্ধবের হক, শ্রমিক-মালিক এবং শাসক ও জনগণের হক, সরকারের হক, শ্রমজীবী মানুষদের হক, দুর্বল ও অসহায়দের হক, সাধারণ মানুষের হক ইত্যাদি।

গভীরভাবে লক্ষ্য করলে দেখা যায়, বান্দার হক এবং আল্লাহর হক আদায় করার নামই হচ্ছে ইসলাম। ইসলামের বৈশিষ্ট্য হচ্ছে, ইসলাম মানুষকে অধিকার আদায়ের চেয়ে অধিকার প্রদানের বিষয়ে বেশি উৎসাহিত করেছে। ইসলাম প্রতিটি মানুষের হৃদয়ে গুরুত্বের সঙ্গে অন্যের হক ও অধিকার আদায়ের অনুভূতি জাগ্রত করে। কারণ, কেয়ামতের দিন এ সম্পর্কে জিজ্ঞাসা করা হবে। আধুনিক যুগে প্রতিটি দেশ, জাতি ও সমাজে মানুষের মৌলিক অধিকার তথা অন্ন, বস্ত্র, বাসস্থান, শিক্ষা এবং চিকিৎসার অধিকারকে গুরুত্ব দেওয়া হয়। আজ থেকে ১৪০০ বছর আগে রসুল (সা.)-এর ওপর অবতীর্ণ ঐশীগ্রন্থ আল কোরআনে এসব মৌলিক অধিকার সম্পর্কে সুনির্দিষ্ট বক্তব্য এসেছে। ইসলামী বিশ্বাস অনুযায়ী রিজিকের মালিক একমাত্র আল্লাহ। মানুষের কর্তব্য রিজিক অন্বেষণ করা। রাষ্ট্র বা সমাজপতিদের দায়িত্ব সে বিষয়ে সহযোগিতা করা।

মানুষের মৌলিক অধিকার প্রতিষ্ঠায় রসুল (সা.)-এর কাছে নাজিলকৃত আল কোরআনে আল্লাহর পক্ষ থেকে সুস্পষ্ট বিধান এসেছে। যেমন- খাদ্য : পবিত্র কোরআনে ঘোষণা হচ্ছে, 'পৃথিবীর প্রতিটি জীবের জীবিকার দায়িত্ব আল্লাহ নিয়েছেন।' (সুরা হুদ ৬)। বস্ত্র : আল কোরআনের ঘোষণা : 'হে বনি আদম, আমি তোমাদের জন্য পোশাক অবতীর্ণ করেছি, যা তোমাদের লজ্জাস্থান আবৃত করে এবং অবতীর্ণ করেছি সাজসজ্জার বস্তু পরহেজগারির পোশাক। এটি উত্তম।' (সুরা আরাফ : ২৬)। বাসস্থান : মানুষের অন্যতম মৌলিক অধিকার বাসস্থান। আল কোরআনের ঘোষণা : 'আল্লাহ করে দিয়েছেন তোমাদের ঘরকে অবস্থানের জায়গা এবং চতুষ্পদ জন্তুর চামড়া দ্বারা করেছেন তোমাদের জন্য তাঁবুর ব্যবস্থা।' (সুরা আন নাহল : ৮০)। অন্য আয়াতে এসেছে, 'আমি কি তোমাদের জন্য জমিনকে বিছানা করিনি?' (সুরা নাবা ৬) শিক্ষা : কোরআনুল করিমের ঘোষণা : 'পড় তোমার প্রভুর নামে যিনি তোমাকে সৃষ্টি করেছেন' (সুরা আলাক : ১-২)। চিকিৎসা : আল কোরআনে এসেছে, 'আমি কোরআনে এমন বিষয় নাজিল করি, যা রোগের জন্য ওষুধ ও মুমিনের জন্য রহমত' (সুরা বনি ইসরাইল : ৮২)। রসুল (সা.) মানুষের সুচিকিৎসায় উৎসাহিত করেছেন এবং উন্নত চিকিৎসার দিক-নির্দেশনা দিয়েছেন। যেমন তিনি বলেন, 'তোমরা জয়তুনের তেল ব্যবহার কর, কেননা এটা কল্যাণকর বৃক্ষ। রসুল (সা.) আরও বলেন, 'যে ব্যক্তি মাসে তিন দিন সকালে মধু খাবে তার কোনো কঠিন ব্যাধি হবে না (ইবনে মাজাহ)। এমনিভাবে তিনি চিকিৎসার জন্য প্রাকৃতিক অনেক বস্তু যেমন আদা, কালিজিরা, খেজুর, দুধ ইত্যাদির উপকারিতা বর্ণনা করেছেন। নারীর কল্যাণ : আইয়ামে জাহেলিয়ায় কন্যাসন্তান জন্মগ্রহণ করলে একে দুর্ভাগ্যের কারণ মনে করে কখনো কখনো হত্যা বা জীবন্ত মাটিচাপা দেওয়া হতো! কিন্তু রসুল (সা.) স্পষ্ট ঘোষণা দিলেন, কন্যাসন্তান দুর্ভাগ্যের নয় বরং সৌভাগ্যের। তাদের হত্যা করা যাবে না, অভাব-অনটন থাকা সত্ত্বেও কন্যাসন্তানকে উত্তমরূপে লালন-পালন করলে তারা তার জন্য জাহান্নামের পথে আড়াল হয়ে (পিতা-মাতাকে) রক্ষা করবে (বুখারি ও মুসলিম, মিশকাত)। সামাজিক কল্যাণ : বিরাজমান ভেদাভেদ, পারস্পরিক বিদ্বেষ ও কলহকে চিরতরে দূরীভূত করার জন্য রসুল (সা.) সর্বোৎকৃষ্ট ভূমিকা রেখেছেন। যার দৃষ্টান্ত পাওয়া যায় তাঁর গৃহীত বিভিন্ন সামাজিক চুক্তি বিশেষ করে মদিনা সনদে।

অর্থনৈতিক কল্যাণ : মানব সভ্যতার আবহমান কাল থেকেই এ কথা স্বীকৃত যে, অর্থই মানব জীবনের অন্যতম চালিকাশক্তি। তাই এ ব্যবস্থায় অকল্যাণকর কোনো কার্যক্রম মানব জীবনে অশান্তি ও বিশৃঙ্খলা আনবেই! যেমন সুদ, ঘুষ, অন্যের সম্পদ অন্যায়ভাবে ভক্ষণ ইত্যাদি। রসুল (সা.) ইরশাদ করেন, যার শরীরের মাংস হারাম খাবারে গঠিত হয়েছে, সে জাহান্নামে যাওয়ার জন্য অগ্রগণ্য' (বায়হাকি)। মানব জীবনে শান্তি ও সমৃদ্ধির উত্তম মডেল হলেন আল্লাহর হাবিব মুহম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম। প্রতিটি মুসলমানের উচিত নিজেদের জীবনকে মহান আল্লাহ প্রদত্ত কোরআন এবং রসুল (সা.)-এর রেখে যাওয়া জীবন-বিধানের আলোকে নিজেদের আলোকিত করা। মনুষ্যত্বের চেতনাকে ঊর্ধ্বে তুলে ধরা।

লেখক: প্রতিষ্ঠাতা সভাপতি আমেনা খাতুন হাফেজিয়া কোরআন রিসার্চ অ্যান্ড ক্যাডেট ইনস্টিটিউট কটিয়াদী, কিশোরগঞ্জ

## কিয়েক্টা অবস্থা!

(শেষের পাতার পর)

বানানোর কারিগররা কামার সম্প্রদায়। তেমনিভাবে কলু মুচী ধুনকার স্বর্ণকার গাছী মাঝি বেদে ধাঙর- যারা যে পেশার সাথে যুক্ত তারা সেই সম্প্রদায়ভূক্ত। ধর্মবিশ্বাষীরা ছিলেন একএকটা জাতি। যেমন মুসলমান জাতি হিন্দু জাতি খ্রীষ্টান জাতি বৌদ্ধ জাতি। এরপর দেখলাম জাতিগুলো সব সম্প্রদায় হয়ে গেছে, জাতি হচ্ছে ভৌগলিক বা ভাষাভিত্তিক জনগোষ্ঠী। '৪৭এ বাঙালী একবার ধর্মের ভিত্তিতে ভাগ হয়ে গেল। পূর্বাংশের মানুষের পরিচয় নির্ণিত হলো পাকিস্তানী। ধর্মবিশ্বাষের ভিত্তিতে কেউ মুসলিম জাতি কেউ হিন্দু জাতি। '৬৬এ ছয় দফা ঘোষিত হওয়ার পর থেকে জাতিসত্বার পুরনো পরিচয়টা ফিরে আসতে থাকে। ধর্মবর্ণ নির্বিশেষে সবাই বাঙালী। ধীরে ধীরে ধর্মবিশ্বাসীরা হয়ে যেতে থাকেন একএকটা সম্প্রদায়। আর আগের সম্প্রদায়গুলো পেশজীবি।

ভাল কথা। পরিচয় একটা হলেই হলো। তো যিনি কোন সম্প্রদায়ভূক্ত তাকে কি বলা হবে! সাম্প্রদায়িক। অন্য কোন শব্দ তো উদ্ভাবিত হয় নাই। সমস্যা এখানেই। গত কয়েক দশক যাবত এই সাম্প্রদায়িক শব্দটা একটা গালি হয়ে উঠেছে। প্রধানত: এক শ্রেণীর রাজনীতিক প্রতিপক্ষকে ঘায়েল ছোট বা হেয় করতে এই গালিটা দিয়ে থাকেন। সাম্প্রদায়িক থেকে সাম্প্রদায়িকতা। এটা হচ্ছে ইংরেজী কমিউনালিজমের বাংলা। শব্দটা এসেছে ইংরেজী কমিউন থেকে। যার অর্থ গোত্র বা দলবদ্ধতা। একত্রে বাস করা কোন গোষ্ঠী যারা দায়িত্ব ও অধিকার সমভাবে ভাগ করে নেয়। দেশে দেশে কমিউনালিজমের ভিন্নভিন্ন ব্যাখ্যা। মধ্যযুগে তা ছিল ইওরোপের বিভিন্ন শহরের মধ্যে আনুগত্য ও প্রতিরক্ষার পারষ্পরিক সমঝোতা। আফ্রিকান কমিউনালিজম বা সাম্প্রদায়িকতা বলতে বোঝানো হয় পল্লী অঞ্চলে পারষ্পরিক নির্ভরশীলতার ব্যবস্থা। একমাত্র দক্ষিণ পূর্ব এশিয়ার কয়েকটি দেশ- ভারত বাংলাদেশ পাকিস্তান শ্রীলংকায় কমিউনালিজমের অর্থ করা হয়েছে ধর্মীয় উগ্রপন্থা বা হিংস্রতা।

ভজঘটটা এখানেই। যিনি কোন সম্প্রদায়ভুক্ত হিসাবমতে তিনি সাম্প্রদায়িক। আমাদের দেশে ধর্মবিশ্বাষীরা যেহেতু একএকটা সম্প্রদায়, তার অর্থ সম্প্রদায়ভুক্তরা সবাই সাম্প্রদায়িক! আবার ওদিকে শব্দটাকে বানানো হয়েছে একটা গালি! মেসেজটা কি দেয়া হচ্ছে, ধর্মবিশ্বাষী মানেই উগ্রপন্থী! হিংসাশ্রয়ী!

রাজনীতিতে একটা গালভরা বুলি আছে- অসাম্প্রদয়িকতা। এরা কারা! যিনি কোন সম্প্রদায়ভুক্ত তিনি অসাম্প্রদায়িক হবেন কি করে! হতে হলে তো তাকে সম্প্রদায় থেকে খারিজ হতে হবে। সম্প্রদায়ভুক্ত বা সাম্প্রদায়িকদের অসাম্প্রদায়িক হবার উপায় কি!

আর একটা অর্থহীন কথা হচ্ছে 'ধর্মনিরপেক্ষতা'। যিনি কোন ধর্মে বিশ্বাষী তিনি ধর্মনিরপেক্ষ হবেন কিভাবে! তিনি তো একটা পক্ষ। এমনকি যিনি কোন ধর্মে বিশ্বাষ করেন না, নাস্তিক- সেও একটা পক্ষ। তার অবস্থান বিশ্বাষীদের বিপক্ষে। তাহলে উনিই বা নিরপেক্ষ হন কিভাবে! ধর্মনিরপেক্ষ হতে হলে কি ধর্মবিশ্বাষ বাদ দিতে হবে! ধর্মবিশ্বাষ বাদ না দিয়ে কেউ ধর্মনিরপেক্ষ হন কিভাবে!

আসলে বিষয়গুলো বুলি বচন বা গালি হিসেবে জমে ভাল কিন্তু বিশ্লেষন করতে গেলে দেখা যায় ভেতরে পুরোটাই সারবত্তাহীন। এর ওপরেই চলছে বেশ! যে যেভাবে পারছে মতলব হাসিলে চালিয়ে যাচ্ছে।

বাংলা নিয়ে গবেষকরা কিছু যথোপযুক্ত শব্দ উদ্ভাবন করে এই ভজঘটগুলো দুর করতে পারেন।

## এক স্লিপ

(শেষের পাতার পর)

মুনাজাত নিয়মিত কর্মসূচী। আর এসব কর্মসূচী স্পর্শকাতরও বটে। কিন্তু এসব কর্মসূচীর সময় অধিকাংশ অনুষ্ঠানগুলোতে অনুষ্ঠান আয়োজক কর্মকর্তা (কেউ কেউ) ছাড়াও অনুষ্ঠানে উপস্থিত দর্শক-শ্রোতাদের অনেকেই অমনোযোগী অথবা গুরুত্ব না দিয়ে কথা বলতে বা হাঁটাচলা করতে দেখা যায়। অনেক সময় লাইফ অনুষ্ঠানেও অনেকে তা দেখে থাকেন। দেখা যায় অনেক সময় জাতীয় সঙ্গীত পরিবেশন বা নিরবতার সময় বা বিশেষ দোয়ার সময় কেউ কেউ কথা বলছেন। এসব দৃষ্টিকটু বিষয়ে সচেতন প্রবাসীদের মাঝে মিশ্র প্রতিক্রিয়া লক্ষণীয়। বিষয়গুলো কি সয়শ্লিস্টরা ভেবে দেখবেন?

## নতুন নিয়মে অস্কার!

(শেষের পাতার পর)

বদল করেছে অস্কার কমিটি। সেসব নতুন নীতিমালা অনুমোদন দিয়েছে বোর্ড।

নীতিমালায় বিভিন্ন ক্যাটাগরিতে আসা চলচ্চিত্রকে এখন পরিবর্তিত শর্ত পূরণ করতে হবে। বড় পরিবর্তন এসেছে অরিজিনাল স্কোর ক্যাটাগরিতে। বিভাগটিতে এখন থেকে সর্বোচ্চ ৩ জন ব্যক্তি পর্যন্ত পদক গ্রহণ করতে পারবেন। পাশাপাশি শর্টলিস্ট বাড়িয়ে ২০টিতে উন্নীত করা হয়েছে। অন্যদিকে মহামারির প্রাদুর্ভাবের সময় স্ট্রিমিং কিংবা ভিডিও প্ল্যাটফর্মে মুক্তি পাওয়া সিনেমাও অস্কারের যোগ্য বিবেচনা করা হয়েছে। তবে এখন সেই নীতি থেকে সরে এসেছে বোর্ড। বেস্ট পিকচার বিভাগে প্রতিযোগিতার জন্য চলচ্চিত্রটিকে যুক্তরাষ্ট্রের বিশেষ ৭টি অঞ্চলে কমপক্ষে ৭ দিন চলতে হবে।

এছাড়া প্রাথমিক মুক্তির পরই দেশের শীর্ষ ৫০টি অঞ্চলের মধ্যে অন্তত ১০টিতে টানা ৪৫ দিন থাকতে হবে। বছরের শেষদিকে মুক্তি দেওয়ার পরিকল্পনা রাখা সিনেমাগুলো যে তাদের প্রত্যাশিত সময়ের আগেই প্রেক্ষাগৃহে যাবে, এর নিশ্চয়তা দিতে হবে। যেন সব শর্ত পূরণ হয় ২৪ জানুয়ারি ২০২৫ সালের মধ্যেই। এর বাইরে স্ক্রিনপ্লে ক্যাটাগরির জন্য চূড়ান্ত শুটিং স্ক্রিপ্ট জমা দেওয়া এখন থেকে বাধ্যতামূলক। অ্যানিমেটেড ফিল্মগুলো এখন থেকে ইন্টারন্যাশনাল ফিচার ক্যাটাগরিতেও প্রতিযোগিতা করতে পারবে।

এর সঙ্গে উল্লেখযোগ্য পরিবর্তন আনা হয়েছে গভর্নরস অ্যাওয়ার্ডসের ক্ষেত্রে। সবিশেষ অস্কারের দু'টি অ্যাওয়ার্ড 'সায়েন্টিফিক ও টেকনিক্যাল অ্যাওয়ার্ডস' হিসেবে পরিবর্তিত হয়েছে। আগের গর্ডন ই সয়্যার এখন থেকে সায়েন্টিফিক অ্যান্ড টেকনিক্যাল লাইফটাইম অ্যাচিভমেন্ট অ্যাওয়ার্ড হিসেবে পরিচিত হবে। জন আ বোনার অ্যাওয়ার্ড পরিচিত হবে সায়েন্টিফিক অ্যান্ড টেকনিক্যাল সার্ভিস অ্যাওয়ার্ড হিসেবে।



# Hillside Accounting Services Inc.
Tax, Accounting, Immigration & Multi Services

Tax
Accounting
Immigration

*বিনা পরীক্ষায় ও বিনা ফিতে সিটিজেনশীপ
*Tax Amendment/ITIN
*সকল প্রকার ইমিগ্রেশন ফরম ফিলআপ



Shafi Chowdhury
Consultant

167-13 Hillside Ave 2nd Floor, Jamaica, NY 11432
Cell: 646-403-6500, Tele/Fax: 917-775-7357
e-mail: hillsideaccounting@gmail.com
F to 169 St, Station than close to Apnar Pharmacy


# বাড়ী ক্রয়ের প্রস্তুতি

(শেষের পাতার পর)

চালানোর যোগ্যতা থাকলেই তিনি বাড়ী ক্রয়ের জন্য প্রস্তুত বলেই ধরে নেয়া যায়। মনে রাখতে হবে ছোট-খাটো অনেক কাজ থাকে যা মালিক নিজেই করতে পারেন। তানাহলে একদিকে বাড়ীর যেমন সঠিকভাবে খাকবে না, তেমনী বাড়ীর মূল্যও কমে যাবে।

হঠাৎ ঘরের তালা নষ্ট হয়ে যেতে পারে, বাথরুমে সমস্যা দেখা দিতে পারে। বৈদ্যতিক কানেকশনে সমস্যা দেখা দিতে পারে। ইত্যাদি ছোট-খাটো সমস্যাগুলো বড় সমস্যার সৃষ্টি করতে পারে। তাই সংশ্লিস্ট বাড়ীর মালিককে ছোট-খাটো কাজ নিজেকেই করতে হতে পারে। এক্ষেত্রে ইউটিউবের সাহায্য নেয়া যেতে পারে। প্রয়োজনে বন্ধু-বান্ধবের সাহায্য নেয়া যেতে পারে। তবে সর্বোত্তম হচ্ছে বাড়ী ক্রয়ের অগে বা বাড়ীর মালিক হওয়ার পূর্বে বাড়ী সুন্দর ও ভালো রাখার ছোটখাটো সমস্যাগুলো আগেভাগেই জেনে নেয়া ভালো।

নিউইয়র্কে আপনার ক্রেডিট স্কোর, ক্রেডিট রিপেয়ার, মর্টগেজ সহ বাড়ী ক্রয়-বিক্রয়ে আমরা পরামর্শ দিয়ে থাকি। প্রয়োজনে কল করুন: ৭১৮-৫০৭-লোন (৫৬২৬)


FREE CONSULTATION!!!
I am a tax specialist directly licensed by the IRS



ENROLLED AGENT
Authorized IRS e-file Provider
IRS To Represent Before the Internal Revenue Service

MIR KASHAM
IRS Enrolled Agent, CMA (INT), BBA (Accounting), Baruch CUNY

TAX - ACCOUNTING - NOTARY PUBLIC
IMPUESTOS - CONTABILIDAD - NOTARIO PÚBLICO
ট্যাক্স-একাউন্টিং-নোটারী

Tax Preparation, Tax Planning
& Solving Tax Problems
Business Tax & Accounting
Sales Tax
Payroll & Bookkeeping Services
Typing Services:
Contract Papers
Resumès, Fax, E-mail, Scan etc.

Moon
Multi Services
701 Church Avenue
Brooklyn, NY11218
Tel: 347-533-9030
Cell: 917-501-5750
Fax: 347-533-6703
Email: mirkasham@aol.com





AUTHORIZED IRS e-file PROVIDER

# Popular Tax Services
পপুলার ইনকাম ট্যাক্স সার্ভিসেস

72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
Call/Text (347)-666-7862 & Call (718)-426-9453
Email: populartaxservices@gmail.com

Personal Income Tax Preparation for all industries:
- All types of W2 & 1099 Income Tax Filing
- Specialization in Uber Lyft & Rideshare Driver Tax Filing
- Homeowners & Stock Market Trader Tax Filing

We provide Remote Personal Income Tax Filing

সঠিক, দ্রুত, সুনিপুন এবং
আইন সম্মত সার্ভিসে আমরা বিশ্বাসী
কম খরচে সততা ও বিশ্বস্ততা সহিত ট্যাক্স
ফাইলিং এর জন্য আমাদের সাথে যোগাযোগ করুন

tax refund

Nahian Howladar Emon
BBA IO Psychology Baruch College
New York State Tax Preparer
(347)-666-7862
(718)-426-9453

পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)
Since 1994



- Road Lesson Local & Highway
- 5 Hours Class Certificate (Zoom Class)
- Road Test Appointment
- Car for Road Test

OPEN 7 DAYS



আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট
বাসা থেকে পিক'আপ এন্ড ড্রপ
6 Hours DDC Class
Good For TLC

718-426-9453, 917-301-2063

Popular Driving School Inc.
72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)



AUTHORIZED IRS e-file PROVIDER

মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায়
সাফল্যের ২৭ বছর উদযাপন করছে

# Empire Accounting & Tax Co.

আপনাদের
সুবিধার্থে আমরা
এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)



- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ন সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ন ও এফিডেভিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি

❑ সিটিজেনশীপ ❑ ফ্যামিলি পিটিশন ❑ NVC Case প্রসেসিং
❑ স্ট্যাটাস এডজাস্টমেন্ট ❑ এফিডেভিট অব সাপোর্ট
❑ এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
❑ Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm

President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা



# শিল্পী কাদেরী কিবরিয়া



যোগাযোগ :
267-249-7687,
610-352-7123

Address:
146 Marlbrough Road
Upper Darby, PA 19082

# বাসা ভাড়া

**বাসা ভাড়াঃ** জ্যামাইকার ১৩২ স্ট্রীটে ২ বেডরুমের বেসমেন্টের বাসা ভাড়া হবে। পৃথক লিভিং রুম এবং ফুল বাথরুম। ই এবং জে ট্রেন সাবওয়ের কাছে। যোগাযোগ: ৯১৭-৩৫৫-৬১১৬
এ-১৫

**House for rent:** Lovely 2 bed apartment, ( 1st Fl of a private house ) with large kitchen, bathroom, hard wood floors, close to public transportation, shops, and house of worship (Masjid) & with one car shared driveway. Located in the great neighborhood of Saint Albans Queens Everything is included. Tenant pays for electricity only. Rent is $2,300 a month, available from May. For more information and viewing please Text or Voice message . Ejaz Khan @ **917.523.2249**

**বেসমেন্ট ভাড়াঃ** নিউহাইডপার্কে এক বেডরুমের বেসমেন্ট বাসা ব্যাচেলার/স্বামী-স্ত্রীর নিকট ভাড়া দেয়া হবে। যোগাযোগঃ ৩৪৭-৫৯২-৩১৩৯ (বিকেল ৫টার পর)।
এ-১৫

**বাসা ভাড়াঃ** জ্যামাইকার হিলসাইড এভিনিউ এবং এফ ট্রেন সাবওয়ের কাছে ১৮৬ স্ট্রীট এবং ৯০ এভিনিউতে ১ম তলা (২ বেডরুম, লিভিং রুম, বাথ-কিচেন) ১লা মে হতে ভাড়া হবে। যোগাযোগঃ ৬৪৬-২৬১-৩০৪০ অথবা ৬৪৬-২৬১-৩০৩৯.
এ-১৫

**বাসা ভাড়াঃ** জ্যামাইকার ১৬৭ স্ট্রীট ও ১০৯ রোডে তিন বেডরুম, দুই বাথরুম, রান্নাঘর এবং লিভিং-এর বাসা পহেলা মে থেকে ভাড়া হবে। স্কুল, মসজিদ, ই, এফ, জে, জেড সাবওয়ে ট্রেন এবং কিউ-৪, কিউ-৫, কিউ-৮৪, কিউ-৮৫, এন-২২ বাস কাছাকাছি। যোগাযোগঃ ৯১৭-৩৯২-৯০৮৫
এ-১৫

**বাসা ভাড়াঃ** জ্যামাইকার ১৮৪ প্লেস ও ৯০ এভিনিউ হলিস-এ ফুল রেনোভেটেড সেমি বেসমেন্ট ২জন ব্যাচেলরের কাছে ভাড়া হবে। পৃথক প্রবেশদ্বার। যোগাযোগঃ ৬৪৬-৬৩৭-৪০৭৯. এ-১৫

**বাসা ভাড়াঃ** কুইন্স এর এলমহাস্ট হাসপাতালের সাথে একটি বাসা তিনজন ব্যাচেলার কাছে ভাড়া দেওয়া হবে। যোগাযোগ: ৯২৯-৪৬২-৯৭৩১
এ-১৫

**বাসা ভাড়াঃ** জ্যামাইকার ১৭৭ ষ্ট্রীট ও ১০৬ এভিনিউতে তিন বেডরুম, লিভিং রুম, বাথরুম, কিচেন-এর বাসা পহেলা মে হতে ভাড়া হবে। এফ ট্রেন সাবওয়ে ১২ মিনিটের দূরত্বে। কিউ ৪২, কিউ ৮৩ বাস ও মসজিদ বাসার পাশে। যোগাযোগঃ ৯২৯-৩২৮-৯৭০১ অথবা ৩৪৭-৫৮৯-৩২৮৬.
এ-১৫

**বাসা ভাড়াঃ** জ্যামাইকার ই, জে সাবওয়ে ট্রেন-এর কাছাকাছি ১০৮ এভিনিউ ও ১৬৪ স্ট্রীটে ২ বেডরুম বিশিষ্ট বড় লিভিং রুম ১ম তলার বাসা ভাড়া হবে। মাত্র এক ব্লকের মধ্যে সুপারমার্কেট, লন্ড্রি মার্ট এবং বাস স্টপ রয়েছে। যোগাযোগঃ ৯১৭-৭৭৪-৮০২১ অথবা ৬৪৬-৬৭৫-৪৭২৮
এ-১৫

**বাসা ভাড়াঃ** ৯০ স্ট্রীট ৩৪ এভিনিউতে দুই বেডরুম এপার্টমেন্টের হিন্দু ফ্যামিলির বাসার এক রুম ভাড়া দেয়া হবে। স্বামী-স্ত্রী বা ছোট ফ্যামিলি। যোগাযোগঃ ৬৪৬-৯৬১-৫৪১০ অথবা ৯১৭-৭৯২-৯১১০.
এ-১৫

**বাসা ভাড়াঃ** এলমহার্স্ট-এর ৮২-১৫ ব্রিটন এভিনিউ ঠিকানায় বাথরুমসহ দুই রুমের বাসা স্বামী-স্ত্রী অথবা মা-মেয়ের কাছে ২০ এপ্রিল থেকে ভাড়া হবে। দুই সিনিটের দূরুত্বে এম ও আর ট্রেন এবং কিউ ৫৩ বাস। যোগাযোগঃ ৬৪৬-৯৩২-৪৬২৯ অথবা ৬৪৬-৩৮৭-৪৯৭০। এ-১৫

**বাসা ভাড়াঃ** লং আইল্যান্ডের ইস্ট মেডোতে মনোরম এবং নিরিবিলি পরিবেশে লং আইল্যান্ড মুসলিম সোসাইটি (এলআইএমএস) মসজিদ সংলগ্ন একটি প্রাইভেট বাসার ২য় তলায় ২ বেডরুমের একটি বাসা ভাড়া দেওয়া হবে। সকল শপিং মল, হাসপাতাল, স্কুল, হালাল গ্রোসারী ও হালাল রেস্টুরেন্ট বাসা হতে ২ থেকে ৩ মিনিটের ড্রাইভ। যোগাযোগ: ৬৪৬-৪৭৪-৪৮৫৯
এ-১৫

# রুমমেট

**রুমমেট আবশ্যক:** এপার্টমেন্টে থাকার জন্য রুমমেট চাই। সাবওয়ে ও গ্রোসারী স্টোর কাছাকাছি। যোগাযোগ: ৯২৯-৫৮৬-১৪৫০
এ-১৫

**রুমমেট আবশ্যকঃ** ব্রুকলীনের বে রিজ-এর ৮৩ স্ট্রীটে সুন্দর নিরিবিলি পরিবেশে থাকার জন্যে ২জন রুমমেট দরকার। সুলভ মূল্যে ভাড়া দেয়া হবে। যোগাযোগ: ৬৪৬-৮২৪-৫২৭২
এ-১৫

**রুমমেট আবশ্যকঃ** জ্যামাইকার ৮৪-৩৪, ১৬৯ স্ট্রীটে সুন্দর পরিবেশে, একটি বড় রুমের জন্য ব্যাচেলর রুমমেট চাই। ১ মে থেকে ভাড়া হবে। এফ ট্রেন সাবওয়ে এবং জ্যামাইকা মুসলিম সেন্টার মসজিদ মাত্র ২ ব্লক দূরত্ব। যোগাযোগ: ৯২৯-২৩১-৯৭৭২ অথবা ৯২৯-৮০০-৪১৩৪
এ-১৫

**রুমমেট আবশ্যকঃ** জ্যাকসন হাইটস এর ৭০ ৩৫ ষ্ট্রীট এর একটি এপার্টমেন্ট বিল্ডিং-এর ৪র্থ তলায় ১ এপ্রিল থেকে ১জন রুমমেট আবশ্যক। যোগাযোগঃ ৯২৯-৩৫৪-৩০০৭
এ-১৫

**রুমমেট আবশ্যকঃ** সানিসাইডে ৭ ট্রেন সাবওয়ের ৫২ স্ট্রীট সাবওয়ের কাছেই নিরিবিলি পরিবেশে সৎ, নামাজী ও অধূমপায়ী একজন (পুরুষ) রুমমেট প্রয়োজন। অনুগ্রহ করে যোগাযোগ করুন অথবা ম্যাসেজ রাখুন। ভাড়া এপ্রিল থেকে অথবা যে কোন সময় উঠতে পারেন। যোগাযোগঃ ৭১৮-৮৪৪-৪৭৬৭.
এ-১৫


## নায়াগ্রা ফলসে বাড়ী বিক্রি

নিউইয়র্কের নায়াগ্রা ফলসে বাড়ী বিক্রি (এয়ারবন্ড পারমিট সহ) হবে। তিন বেড ও এক বাথরুমের বাড়ীটি নায়াগ্রা ফলস ও সিনেকা রিজোর্টের অতি সন্নিকটে। গড়ে প্রতি রাত আয় ২৪৯ ডলার।

**আগ্রহীরা যোগাযোগ করুন অথবা টেক্স করুন: ৬৪৬-২৩৬-৬০৪৪**

দালাল দ্বারা প্রতারিত হবেন কেন?

বাফেলোতে বাড়ি কেনা-বেচায়



নতু ন প্রজন্মের বিশ্বস্ত লাইসেন্সড সেলস পার্সন

রাফি সাফওয়ান

ঝামেলামু ক্ত সহযোগিতা দিচ্ছে

সিদ্ধান্ত নেয়ার পূ র্বে যোগাযোগ করুন :

267-992-3201

Park Realty
of Western New York
155 Summer St
Buffalo, NY 14222

কাজী অফিস

সিটি কর্তৃক রেজিষ্ট্রিকৃত


কাজী ইমাম মাওলানা আব্দুল মুকিত

পেশ ইমাম, দারুস সালাম মসজিদ, জ্যামাইকা

148-16 87 Road
Jamaica, NY-11435

বিবাহ পড়ানো, মেরিজ সার্টিফিকেট ও কাবিন নামা প্রদান করা হয়।

পরামর্শ ও এপয়েন্টমেন্টের জন্য যোগাযোগ করুনঃ



CITY SAFE
PARTNERS

চাকুরি বিজ্ঞপ্তি

আমরা বাংলায় কথা বলি
(917) 282-9877

চাকরির পদ
- ফায়ার গার্ড (F-01)

সুযোগ সুবিধা
- চিকিৎসা বীমা
- ডেন্টাল ইস্যুরেন্স
- ভিশন ইন্স্যুরেন্স
- সিক লিভ
- আপনি উত্তর দিবেন না
- 401(K)

ক্ষতিপূরণ
- প্রতি ঘন্টায় $16.70
- ৩ বছর পর বেতন বেড়ে $19.65 হবে।

কিভাবে আবেদন করতে হবে
- ডিজিটাল অ্যাপ্লিকেশন সম্পন্ন করার জন্য একটি F-01 সার্টিফিকেশন পেতে নিচে QR লিঙ্কে স্ক্যান করুন।
- ২৪ ঘন্টার মধ্যে, আপনি একটি ইমেল পাবেন যা আপনাকে এমন একটি সাইটে লিঙ্ক দেবে, যেখানে স্ক্যান করে আপনি আপনার অনবোর্ডিং সম্পন্ন করে প্রয়োজনীয় নথি আপলোড করতে পারবেন।

SCAN ME
F-01 স্টাডি গাইড তথ্য

ডিজিটাল অ্যাপ্লিকেশন লিঙ্ক

* সম্পূর্ণ হালাল খাবার
* ক্যাটারিং
* লাঞ্চ ডিনার



Joy

পিকনিকসহ বিভিন্ন উৎসব আয়োজনে জয় রেস্টুরেন্টের বিশেষ ঘোষণা

জয় ক্যাটারিং মেন্যু

| প্যাকেজ -১ | প্যাকেজ-২ | প্যাকেজ-৩ | প্যাকেজ-৪ |
|---|---|---|---|
| প্লেইন পোলাও<br>চিকেন রোস্ট<br>মিক্সড ভেজিটেবল<br>সালাড<br>ডিজার্ট | প্লেইন পোলাও<br>চিকেন রোস্ট<br>সামি কাবাব<br>মিক্সড ভেজিটেবল<br>সালাড<br>ডিজার্ট | প্লেইন পোলাও<br>চিকেন রোস্ট<br>গোট অথবা বিফ কারি<br>মিক্সড ভেজিটেবল<br>সালাড<br>ডিজার্ট | মটর পোলাও<br>চিকেন রোস্ট<br>সামি কাবাব<br>গোট অথবা বিফ কারি<br>মিক্সড ভেজিটেবল<br>সালাড<br>ডিজার্ট |
| $ 7.00 | $ 8.00 | $10.00 | $11.00 |

148 E 46th Streets, (Between Lexington & 3rd Avenue), New York, NY 10017
Tel: 212-490- 1277, (212) 490-1278, Fax: (212) 490-1977

32 West 39 Street (Between 5th and 6th Avenue),New York, NY- 10018.
Tel: 646-559-7527



## নিউইয়র্কে ছড়িয়ে পড়ছে

(শেষের পাতার পর)

জারি করা হয়েছে।

অধিবাসীদের ও দর্শনার্থীদের কোনো পাখি তাড়ানো বা ধরার চেষ্টা না করার আহ্বান জানানো হয়েছে। এমনকি এসব পাখির বিষ্ঠার সম্পর্শে আসার পর দ্রুত হাত ধুয়ে ফেলার নির্দেশ দেয়া হয়েছে। চলতি মাসের শুরুতে টেক্সাসের একজন কৃষকের দেহের এই ভাইরাস শনাক্ত করা হয়েছে। যুক্তরাষ্ট্রের ইতিহাসে কোনো মানুষের আক্রান্ত হওয়ার দ্বিতীয় কোনো ঘটনা এটা।

এরপর এটি অন্য মানুষে সংক্রামিত হতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। বিশেষজ্ঞরা বলছেন, মানুষের মধ্যে আক্রান্ত হওয়ার প্রতিটি ঘটনায় ভাইরাসের মিউটেশন বা রূপান্তরের ঝুঁকি বাড়ায়। যার ফলে এটি আরও ভালভাবে সংক্রমিত হতে পারে এবং মানুষের মধ্যে ছড়িয়ে পড়ে। সম্প্রতি যুক্তরাষ্ট্রের গবেষকরা উদ্বেগ প্রকাশ করে জানিয়েছেন, কোভিড মহামারি থেকেও ১০০ গুণ ভয়ংকর রূপ নিতে পারে বার্ড ফ্লু। যা উচ্চ মৃত্যুহারের কারণও হতে পারে। গবেষকরা বলেছেন, ইতোমধ্যেই এই ভাইরাসটি সংক্রমণের শিখরে পৌঁছে গেছে। যেকোনো সময়েই তা মহামারির রূপ নিতে পারে বলে সতর্কও করেছেন তারা।

২০২০ সালের শুরুর দিকে বিশ্বজুড়ে করোনা সংক্রমণ ছড়িয়ে পড়ে। কোটি কোটি মানুষ এতে সংক্রমিত হন। প্রাণও হারান কয়েক কোটি মানুষ। করোনার ধাক্কা কাটিয়ে উঠতে হিমশিম খায় পুরো বিশ্ব। সেই ধাক্কা কাটিয়ে উঠতে না উঠতেই আবারও ভয়ংকর এ সংক্রমণের সতর্কতা দিলেন গবেষকরা।

বিশেষজ্ঞরা বলছেন, ভয়ংকর রূপ নিতে চলেছে বার্ড ফ্লু সংক্রমণ। এটি কার্যত মহামারির রূপ নিচ্ছে। যদি এই সংক্রমণ মহামারির রূপ নেয় তবে তা করোনা সংক্রমণের থেকেও ১০০ গুণ বেশি ভয়াবহ আকার ধারণ করতে পারে।

ফলে যে বা যারা সংক্রমিত হবে তাদের অর্ধেকেরই প্রাণহানির আশঙ্কা রয়েছে। পিটসবার্গের একজন বিশিষ্ট বার্ড ফ্লু গবেষক ড. সুরেশ কুচিপুদি বলেছেন, এইচ-৫এন-১ ফ্লু মানুষসহ বিস্তৃত স্তন্যপায়ী প্রাণীকে সংক্রমিত করার ক্ষমতার কারণে মহামারি সৃষ্টি করতে পারে। আমরা বিপজ্জনকভাবে এই ভাইরাসের খুব কাছাকাছি চলে এসেছি। এটির বিরুদ্ধে মোকাবিলায় প্রস্তুত হওয়ার সময় এসেছে।

অন্য এক গবেষক জানান, বার্ড ফ্লুয়ের এই স্ট্রেইন যদি আরও অভিযোজন বা মিউটেশন হয় এবং অতি সংক্রামক ধারাই বজায় রাখে তবে মৃত্যুহারও বাড়তে থাকবে। কিছু গবেষক সতর্ক করেছেন, এইচ-৫এন-১ ভাইরাস শ্বাসনালিকে সংক্রমিত করতে পারে। এমনকি চোখের মতো অন্যন্যা সংবেদনশীল অংশগুলোও সহজে সংক্রমিত হতে পারে।

বিশ্ব স্বাস্থ্য সংস্থার তথ্যানুযায়ী, ২০০৩ সাল থেকে যতজন এইচ-৫এন-১ বার্ড ফ্লুয়ে আক্রান্ত হয়েছেন, তাতে প্রতি ১০০ জনের মধ্যে ৫২ জনের মৃত্যু হয়েছে। এখন অবধি ৮৮৭ জনের দেহে এই ভাইরাস পাওয়া গেছে। তার মধ্যে ৪৬২ জনেরই মৃত্যু হয়েছে। সেই তুলনায় বর্তমানে কোভিডের মৃত্যুহার ০.১ শতাংশেরও কম, যা সংক্রমণের শুরুতে ২০ শতাংশের বেশি ছিল।

## শেখ সিরাজ ভারপ্রাপ্ত সভাপতি

(শেষের পাতার পর)

প্রেসক্লাবের বনভোজন সফল করতে সহ সভাপতি শেখ সিরাজুল ইসলাম-কে আহ্বায়ক ও দপ্তর সম্পাদক সৈয়দ ইলিয়াস খসরুকে সদস্য সচিব করে একটি কমিটি গঠন করা হয়েছে। কার্যকরী কমিটির সভায় বনভোজন কমিটি গঠন করা হয়। সভায় ক্লাবের সাংগঠনিক বিষয় নিয়েও আলোচনা হয়।










# বাক-এর বৈশাখী মেলায় মানুষের ঢল


















(শেষের পাতার পর)

মিলনায়তনে দিনব্যাপী এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানমালার মধ্যে ছিলো মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের পাশাপাশি বাঙালী খাবার ও পোশাকের স্টল, অ্যাওয়ার্ড বিতরণ, শুভেচ্ছা বক্তব্য প্রভৃতি। প্রতীকি মঙ্গল শোভাযাত্রার মাধ্যমে অনুষ্ঠানের সূচনা হয়। এরপর পরিবেশিত হয় বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের জাতীয় সঙ্গীত।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কানেকটিকাট ষ্টেট লুথানিয়ান গভর্নর সোজান। শুভেচ্ছা বক্তব্য রাখেন এটর্নী মঈন চৌধুরী, বাক-এর সভাপতি নুরুল আলম ও সাধারণ সম্পাদক হুমায়ুন চৌধুরী, সংগঠনের সাবেক সভাপতি ও উপদেষ্টা ময়নুল হক চৌধুরী হেলাল, উপদেষ্টা ডেভিড স্বপন রোজারিও, বিশিষ্ট ব্যবসায়ী, রিয়েল এস্টেট ইনভেস্টর নুরুল আজিম সহ আরো অনেকে।

সাংস্কৃতিক পর্বের প্রধান আকর্ষণ ছিলেন বাংলাদেশ জনপ্রিয় সঙ্গীত শিল্পী মমতাজ। প্রবাসের জনপ্রিয় শিল্পী কৃষ্ণা তিথি ও সজিব ছাড়াও নতুন প্রজন্মের শিশুরা সহ স্থানীয় শিল্পীরা নাচ ও গান পরিবেশন করেন। কানেকটিকাট ছাড়াও নিউইয়র্ক ও নিউজার্সী সহ আশপাশের অন্যান্য রাজ্যের হাজারো প্রবাসী অংশ নেন এই বৈশাখী মেলায়।

বাক নেতৃবৃন্দ জানান, ২০০৫ সাল থেকে প্রতিবছর বাক বৈশাখী মেলা আয়োজন করে আসছে। ২০ হাজারের মতো প্রবাসী বাংলাদেশীর বসবাস কানেকটিকাট রাজ্যে। টাইম টেলিভিশন অনুষ্ঠানটি সরাসরি সম্প্রচার করে।







# নিউইয়র্কে তিন মাসে ট্রাফিক দূর্ঘটনায় ৬০ জনের মৃত্যু

**বাংলা পত্রিকা ডেস্ক:** চলতি বছরের প্রথম ত্রৈমাসিকে নিউইয়র্কে ট্রাফিক দূর্ঘটনায় ৬০ জনের মৃত্যু হয়েছে। ট্রান্সপোর্টেশেন অল্টারনেটিভ অ্যান্ড ফ্যামিলিস ফর সেফ স্ট্রিটের নতুন প্রতিবেদন অনুসারে এই তথ্য জানা গেছে। প্রতিবেদন দেখা যায়, এসউভি এবং বড় বড় যানবাহন দূর্ঘটনায় নিউইয়র্কের ৭৯ শতাংশ মৃত্যুর জন্য দায়ী। প্রতিবেদনে আরো বলা হয়, ভিশন জিরো যুগের তুলনায় চলতি বছরের প্রথম ৪ মাসে ট্রাফিক দূর্ঘটনায় মৃত্যুহার দ্বিগুন হারে বেড়েছে। ব্রুকলিন এবং কুইন্সে এই মৃত্যুহার সবচেয়ে বেশি বলে প্রতিবেদনে উল্লেখ করা হয়। দূর্ঘটনাগুলোর জন্য নিউইয়র্কের অ-সুরক্ষিত বাইক লেইনগুলোকে দায়ী করা হয়েছে। ট্রান্সপোর্টেশেন অল্টারনেটিভসের এক্সিকিউটিভ ডিরেক্টর ড্যানি হ্যারিস, মেয়র এরিক অ্যাডামসকে দূর্ঘটনা প্রতিরোধে কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান জানান।



# আবদুল বাছির খাঁনের আত্মার মাগফিরাত কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত

**বিশেষ প্রতিনিধি:** নিউইয়র্কে বাংলাদেশ সোসাইটি অব ব্রঙ্কসের অন্যতম প্রতিষ্ঠাতা সদস্য আবদুল বাছির খাঁনের আত্মার মাগফেরাত কামনায় পার্কচেষ্টার জামে মসজিদে গত ২২ এপ্রিল সোমবার বাদ মাগরিব মিলাদ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। বাংলাদেশ সোসাইটি অব ব্রঙ্কস এই মাহফিলের আয়োজন করে। মাহফিলে মরহুমের আত্মার মাগফিরাত কামনা করে বক্তব্য রাখেন সংগঠনের সভাপতি মো. সামাদ মিয়া জাকারিয়া। দোয়া মাহফিল পরিচালনা করেন ব্রঙ্কসের পার্কচেষ্টার জামে মসজিদের ইমাম ও খতীব মাওলানা জুবাইর রাশিদ।

মাহফিলে বাংলাদেশী কমিউনিটির রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক, পেশাজীবী নেতবৃন্দসহ বিপুল সংখ্যক প্রবাসী আবদুল বাছির খাঁনের দোয়া-মাহফিলে শরীক হন। দোয়া-মাহফিল শেষে সংগঠনের সাধারণ সম্পাদক মোহাম্মদ এমরান আলী টিপু অন্যান্যদের সাথে নিয়ে মুসল্লীদের মাঝে তবারক বিতরণ করেন।

উল্লেখ্য, বাংলাদেশ সোসাইটি অব ব্রঙ্কস ও পার্কচেষ্টার জামে মসজিদের অন্যতম প্রতিষ্ঠাতা সদস্য এবং জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা'র সাবেক সহ সভাপতি আবদুল বাছির খান গত ২০ এপ্রিল শনিবার দুপুর ১২.১০ মিনিটে লং আইল্যান্ডের একটি নার্সিং হোমে মৃত্যুবরণ করেন। পরদিন রোববার বাদ জোহর পার্কচেস্টার মসজিদে তার জানাজা অনুষ্ঠিত হয় এবং সোমবার লং আইল্যান্ডের ওয়াশিংটন মেমোরিয়ালে তার মরদেহ দাফন করা হয়।



# ফ্লোরিডায় বাংলাদেশের পরবর্তী কনসাল জেনারেল সেহেলী সাবরীন

**ঢাকা ডেস্ক:** যুক্তরাষ্ট্রের ফ্লোরিডা অঙ্গরাজ্য এবং তৎস-ংলগ্ন অঞ্চলে বাংলাদেশীদের কনস্যুলার সংক্রান্ত সেবা প্রদানে দায়িত্বপ্রাপ্ত বাংলাদেশ কনস্যুলেটের কনসাল জেনারেল হিসেবে নিয়োগ পেয়েছেন পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র জনকূটনীতি অনুবিভাগের মহাপরিচালক সেহেলী সাবরীন। গত ২৫ এপ্রিল বৃহস্পতিবার তার নতুন দায়িত্ব সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করে সরকার।

প্রজ্ঞাপন মতে, নতুন মিশনে যোগদানের তারিখ থেকে তার বদলির আদেশ কার্যকর হবে। ২০০৫ সালের ২ জুলাই ২৪তম বিসিএস (পররাষ্ট্র)-এর সদস্য হিসেবে সরকারি চাকরীতে যোগদান করেন সেহেলী সাবরীন। ২০১২ থেকে ২০১৪ সাল পর্যন্ত ক্যানবেরায় বাংলাদেশ হাইকমিশনের প্রথম সচিব এবং ২০১৪-২০১৭ সালে জাকার্তায় বাংলাদেশ দূতাবাসের কাউন্সিলর হিসেবে দায়িত্ব পালন করেন তিনি। পরবর্তীতে হেডকোয়ার্টারে (মহাপরিচালক হওয়ার আগ পর্যন্ত) অবিভক্ত আমেরিকাস অনুবিভাগের পরিচালকের দায়িত্ব পালন করেন তিনি। ২০২১ থেকে ২০২২ সাল পর্যন্ত মহ-াপরিচালক (কনস্যুলার ও কল্যাণ) হিসেবে দায়িত্ব পালন করেন সেহেলী সাবরীন। ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে অর্থনীতির ওপর নিয়মিত ডিগ্রি এবং পরবতীতে বৃটেনের ইউনিভার্সিটি অফ সাসেক্স থেকে টেকসই উন্নয়নের উপর উচ্চতর ডিগ্রি নেয়া ওই নারী কূটনীতিক গত বছরের ফেব্রুয়ারী থেকে মন্ত্রণালয়ের মুখপাত্র হিসেবে সাপ্তাহিক মিডিয়া ব্রিফিংয়ের দায়িত্বে ছিলেন।

## ডা. হামিদুজ্জামান, ডা. চৌধুরী সারোয়ার ও বেবী নাজনীনের মাতৃবিয়োগ

# নর্থ বেঙ্গল ফাউন্ডেশনের শোক প্রকাশ

**নিউইয়র্ক (ইউএনএ):** বাংলাদেশের উত্তরবঙ্গের তিন কৃতি সন্তান যথাক্রমে নিউইয়র্কের বিশিষ্ট চিকিৎসক, নর্থ বেঙ্গল ফাউন্ডেশন ইউএসএ'র ট্রাষ্টি বোর্ডের সাবেক চেয়ারম্যান ডা. মোহাম্মদ হামিদুজ্জামানের মাতা ফাজিলাতুন নেসা, ফাউন্ডেশনের সভাপতি ডা. চৌধুরী সারোয়ার হাসানের রত্নগর্ভা মাতা রওশনারা নূরুন নাহার এবং বাংলাদেশের জন-প্রিয় কণ্ঠশিল্পী বেবী নাজনীন-এর মাতা আবিদা মনসুরের ইন্তেকালে নর্থ বেঙ্গল ফাউন্ডেশন ইউএসএ ইন্‌ক গভীর শোক ও সমবেদনা প্রকাশ করেছে।



উল্লেখ্য, গত এক সপ্তাহে কাকতালী-য়ভাবে নিউইয়র্ক প্রবাসী তিন উত্তরবঙ্গবাসীর মাতৃ বিয়োগ ঘটেছে। (ইন্নালিল্লাহে ওয়া ইন্না ইলাইহি রাজেউন)। উত্তরবঙ্গবাসীদের মধ্যে ডা. মোহাম্মদ হামিদুজ্জামান ও কন্ঠশিল্পী বেবী নাজনীন নীলফামারী জেলার সৈয়দপুরের বাসিন্দা এবং ডা. চৌধুরী সারোয়ারুল হাসান ঠাকুরগাঁও জেলার বাসিন্দা। খবর ইউএ-নএ'র।

ডা. মোহাম্মদ হামিদুজ্জামানের মাতা ফজিলাতুন নেসা গত ২০ এপ্রিল নিউইয়র্ক সিটির হলিসে কন্যার বাসায়, কণ্ঠশিল্পী বেবী নাজনীনের মাতা আবিদা মনসুর গত ১৭ এপ্রিল ঢাকার একটি হাসপাতালে এবং ডা. চৌধুরী সারোয়ারুল হাসানের মাতা রওশন আরা নূরুন নাহার গত ২২ এপ্রিল ঠাকুরগায়ে ইন্তেকাল করেন।

ফাউন্ডেশনের পক্ষে সাধারণ সম্পাদক মোজাফফর হোসেন এক বার্তায় বলেন- 'উত্তরবঙ্গের তিন কৃতি সন্তানের মাতৃ বিয়োগে আমরা গভীর শোকাহত। আমরা তাঁদের ইন্তেকালে গভীর শোক ও সমবেদনা এবং মরহুমাদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করছি।' বার্তায় তিনি শোকাহত পরিবারের সদস্য প্রতিও সমবেদনা প্রকাশ করেন।

এছাড়াও কমিউনিটি নেতৃবৃন্দ পৃথক পৃথকভাবে ডা. মোহাম্মদ হামিদুজ্জামান, ডা. চৌধুরী সারোয়ার ও বেবী নাজনীনের মাতৃ বিয়োগে গভীর শোক ও সমবেদনা প্রকাশ করেছেন। শোক প্রকাশকারী উল্লেখযোগ্য নেতৃবৃন্দের মধ্যে রয়েছেন- বাংলাদেশ সোসাইটির সভাপতি আব্দুর রব মিয়া ও সাধারণ সম্পাদক রুহুল আমীন সিদ্দিকী, যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সভাপতি ড. সিদ্দিকুর রহমান, কেন্দ্রীয় বিএনপি'র জাতীয় নির্বাহী কমিটির সদস্য যথাক্রমে গিয়াস আহমেদ, জিল্লুর রহমান জিল্লু ও মিজানুর রহমান ভূইয়া (মিল্টন ভূইয়া), কেন্দ্রীয় জাসাসের সদস্য সচিব চিত্রনায়ক হেলাল খান, নর্থ বেঙ্গল ফাউন্ডেশন ইউএসএ'র প্রতিষ্ঠাতা সভাপতি ও আজীবন সদস্য হাসানুজ্জামান হাসান, যুক্তরাষ্ট্র বিএনপির সাবেক কোষাধ্যক্ষ জসিম ভূঁইয়া, কেন্দ্রীয় যুবদলের আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক আবু সাঈদ আহমদ, যুক্তরাষ্ট্র যুবদলের সাবেক সভাপতি জাকির চৌধুরী, কেন্দ্রীয় স্বেচ্ছাসেবক দলের আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক মাকসুদুল হক চৌধুরী, শোটাইম মিউজিকের কর্ণধার আলমগীর খান আলম প্রমুখ।

# যুক্তরাষ্ট্রে মেসির অনন্য

(শেষের পাতার পর)

আগের ম্যাচে ন্যাশভিলের বিপক্ষে জোড়া গোল করেছিলেন আর্জেন্টাইন মহাতারকা। এদিকে আজ নিউ ইংল্যান্ড রেভুলেশনের বিপক্ষে ফের মেসির জোড়া গোলে ৪-১ ব্যবধানে বড় জয় পেল জেরার্দো মার্টিনোর দল।

বাংলাদেশ সময় রোববার (২৮ এপ্রিল) ভোর সাড়ে ৫টায় এমএলএসের ম্যাচে নিউ ইংল্যান্ড রেভুলেশনের বিরুদ্ধে মাঠে নামে ইন্টার মায়ামি। ম্যাচটিতে মেসির জোড়া গোলের পাশাপাশি দলের হয়ে বাকি দুটি গোল করেন বেঞ্জামিন ক্রেমাশ্চি ও লুইস সুয়ারেজ। প্রতিপক্ষের হয়ে গোলটি করেন টমাস চ্যাঙ্কালে। খেলাটি দেখতে এদিন ফক্সবরোর জিলেট স্টেডিয়ামে উপস্থিত হয়েছিল ৬৫ হাজার ৬১২ জন দর্শক। যা স্টেডিয়ামটির ইতিহাসে সর্বোচ্চ।

অবশ্য ঘরের মাঠে রেকর্ড দর্শকের সামনে শুরুতেই এগিয়ে যায় স্বাগতিক নিউ ইংল্যান্ড। ম্যাচের যখন মাত্র ৪০ সেকেন্ড, তখনই স্বাগতিকরা এক গোলে এগিয়ে যায়। আর্জেন্টাইন স্ট্রাইকার টমাস চ্যাঙ্কালের গোলে এগিয়ে যায় নিউ ইংল্যান্ড। শুরুতে পিছিয়ে পড়ে একের পর এক আক্রমণ চালালেও কাঙ্ক্ষিত গোলের দেখা পাচ্ছিলো না ইন্টার মায়ামি। অবশ্য সেই গোল শোধ দিতে মায়ামির সময় লাগে ৩২ মিনিট। রবার্ট টেলরের অ্যাসিস্টে দারুণভাবে জালের ঠিকানা খুঁজে নেন মেসি।

বিরতির পর আর্জেন্টাইন ফরোয়ার্ডের গোলেই এগিয়ে যায় মায়ামি। ৬৭ মিনিটে সের্হিও বুসকেতসের নিখুঁত পাস বেশ সহজেই নিয়ন্ত্রণে নেন মেসি। গোল করাটাও তার জন্য কঠিন কিছু ছিল না। ৮৩ মিনিটে হ্যাটট্রিক পেয়েই যাচ্ছিলেন প্রায়। কিন্তু তার শট ঠেকিয়ে দেন নিউ ইংল্যান্ডের গোলরক্ষক হাইনরিখ রাভাস। তবে ফিরতি শটে ঠিকই গোলের দেখা পান বেঞ্জামিন ক্রেমাসচি। এর পাঁচ মিনিট পর মেসির পাস থেকে ব্যবধান বাড়ান লুইস সুয়ারেস।

এ নিয়ে চলতি মৌসুমে লিগে ৭ ম্যাচে ৯ গোল ও ৭ অ্যাসিস্ট করলেন মেসি। একইসঙ্গে মেজর লিগ সকারের সর্বোচ্চ গোলদাতার তালিকায় সল্ট লেকের স্ট্রাইকার ক্রিস্তিয়ান আরাঙ্গোকে (৮ গোল) হটিয়ে শীর্ষে উঠেছেন আর্জেন্টাইন অধিনায়ক।

মেসির মতো তার দলও এমএলএসের ইস্টার্ন কনফারেন্স অঞ্চলের পয়েন্ট তালিকার শীর্ষে উঠেছে। ১১ ম্যাচে ৬ জয়ে ২১ পয়েন্ট মায়ামির। দ্বিতীয় স্থানে থাকা সিনসিনাটি সিটি ৩ পয়েন্ট পিছিয়ে। অবশ্য দলটি একটি ম্যাচ কম খেলেছে।




TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika

Your Trusted Loan Officer For Life
Over 22 years experience
MORTGAGE BROKER/ OWNER
M. Kamal, CPA
Senior Loan Officer
NMLS#9560
718-415-5501
Your Top Mortgage Officer
"All Loans arranged through third party providers"
HOMECENTRAL CAPITAL
www.HelloHomeCentral.com | 718-507-LOAN (5626) | Email: HomeCentralCapital@gmail.com



# নিউইয়র্কে ছড়িয়ে পড়ছে বার্ড ফ্লু, সতর্কতা জারি



**বাংলা পত্রিকা ডেস্ক:** যুক্তরাষ্ট্রের নিউইয়র্কের ম্যানহাটন শহরে ছড়িয়ে পড়ছে বার্ড ফ্লু। হাস-মুরগী ছাড়াও রাজহাস, বাজপাখি ও চিলের বার্ড ফ্লুর এইচ-৫এন-১ ভাইরাস শনাক্ত হয়েছে। এমন পরিস্থিতিতে নিউইয়র্কজুড়ে সতর্কতা জারি করা হয়েছে। শহরের অধিবাসীদের পশুপাখিদের থেকে দূরত্ব বজায় রাখতে বলা হয়েছে। ডেইলি মেইলের এক প্রতিবেদনে বলা হয়েছে, নিউইয়র্কের ম্যানহাটনে বিভিন্ন পার্ক ও বনাঞ্চলে রাজহাস, বাজপাখি ও চিলের মধ্যে বার্ড ফ্লুর এইচ-৫এন-১ ভাইরাস পাওয়া গেছে। স্থানীয় কর্মকর্তারা এ তথ্য নিশ্চিত করেছেন। সেই সঙ্গে সতর্কতা (বাকি অংশ ২৯ পাতায়)



## সোসাইটির চেক জালিয়াতকারী গ্রেপ্তার

**বিশেষ প্রতিনিধি:** অবশেষে পুলিশের জালে আটকা পড়লো ১ লাখ ৬৫ হাজার ডলার জালিয়াতির (বাকি অংশ ২৬ পাতায়)

সাঈদ তারেকের কলাম


## কিয়েক্টা অবস্থা!



ছোটবেলায় জানতাম পেশাভিত্তিক জনগোষ্ঠীগুলো একএকটা সম্প্রদায়। যেমন, যারা মাছ ধরে জীবিকা নির্বাহ করেন তারা জেলে সম্প্রদায়, সুতা কেটে কাপড় বুননীরা তন্তবায় বা তাঁতী সম্প্রদায়, মাটীর তৈজষপত্র যারা বানান তার কুমার, লোহা দিয়ে দা কাচি (বাকি অংশ ২৬ পাতায়)

মমতাজের গানে মুগ্ধ প্রবাসীরা

## বাক-এর বৈশাখী মেলায় মানুষের ঢল



**বিশেষ প্রতিনিধি:** বর্ণাঢ্য আয়োজনে অনুষ্ঠিত হয়েছে বাংলাদেশী-আমেরিকান এসোসিয়েশন অব কানেকটিকাট-বাক এর বৈশাখী মেলা। গত ২০ এপ্রিল শনিবার স্থানীয় হার্টফোর্ডের বেলেজি মিডল স্কুল (বাকি অংশ ৩০ পাতায়)

নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের বনভোজন ২৮ জুলাই

## শেখ সিরাজ ভারপ্রাপ্ত সভাপতি



**বাংলা পত্রিকা রিপোর্ট:** নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের সভাপতি মনোয়ারুল ইসলাম ভ্যাকেশনে থাকায় ক্লাবের সহ সভাপতি শেখ সিরাজুল ইসলাম ভারপ্রাপ্ত সভাপতির দায়িত্ব পালন করবেন। এদিকে ক্লাবের বার্ষিক বনভোজন আগামী ২৮ জুলাই রোববার অনুষ্ঠিত হবে বলে ক্লাবের সাধারণ সম্পাদক মমিন মজুমদার জানিয়েছেন। এদিকে (বাকি অংশ ২৯ পাতায়)

নিউইয়র্কে বাংলাদেশ সেমেট্রি ও ফিউনারেল হোম প্রতিষ্ঠার উদ্যোগ : প্রবাসীদের ব্যাপক সাড়া

# ১২৬ একর জায়গায় এক লাখ কবর

**নিউইয়র্ক (ইউএনএ):** যুক্তরাষ্ট্র প্রবাসী বাংলাদেশীদের জন্য নিউইয়র্কে নিজস্ব বাংলাদেশ সেমেষ্ট্রি ও ফিউনেরাল হোম প্রতিষ্ঠার উদ্যোগ নেয়া হয়েছে। বৃহত্তর নোয়াখালী সমিতি ইউএসএ উদ্যোগ নিয়েছে। উদ্যোগটি সফল করতে গত ২৪ এপ্রিল বুধবার নিউইয়র্কে আয়োজিত 'প্রকল্প পরিচিতি ও মতবিনিময়' সভায় প্রবাসীদের ব্যাপক সাড়া মিলেছে। সভায় জানানো হয়, নিউইয়র্ক রাজ্যের আপষ্টেটের মিডল টাউনে এই সেমিটারী ও ফিউনেরাল হোম অর্থাৎ কবরস্থান প্রতিষ্ঠার (বাকি অংশ ২০ পাতায়)




*মতবিনিময় সভায় বক্তব্য রাখছেন জেএমসি'র ইমাম মির্জা আবু জাফর বেগ*

## বাড়ি ক্রয়ের প্রস্তুতি



**এম. কামাল:** নিউইয়র্কে বাড়ী ক্রয় করা যতনা সহজ বাড়ী রক্ষা বা বাড়ীর রক্ষণাবেক্ষণ তত কঠিন। তবে এজন্য বাড়ীর মালিককে শিল্পী হওয়ার প্রয়োজন নেই। কিন্তু এ সম্পর্কে নূন্যতম জানা থাকা প্রয়োজন। তানাহলে আর্থিক ক্ষতির সমস্যা সহ নানা সমস্যায় পড়ার সমূহ সম্ভাবনা রয়েছে। একজন বাড়ীর মালিককে অন্তত ড্রিল মেশিন (বাকি অংশ ২৭ পাতায়)



## মানবাধিকারের ধর্ম ইসলাম

**এম এ মান্নান**

রসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের আগমন ঘটেছিল দুনিয়াবাসীকে অন্ধকার থেকে আলোর পথে নিয়ে আসার উদ্দেশ্যে। মানব কল্যাণের মূর্ত প্রতীক ছিলেন (বাকি অংশ ২৬ পাতায়)

### খেলার খবর

## যুক্তরাষ্টে মেসির অনন্য রেকর্ড

**স্পোর্টস ডেস্ক:** যুক্তরাষ্ট্রের মেজর লিগ সকারে (এমএলএস) লিওনেল মেসির জাদু চলছেই। চোট কাটিয়ে ফেরার পর থেকে দারুণ ছন্দে রয়েছেন ফুটবলের এ জাদুকর। (বাকি অংশ ৩১ পাতায়)

### হেলথ টিপস

## হৃদয়ের যত্নে বাদাম

**বাংলা পত্রিকা ডেস্ক:** ব্যস্ত জীবনযাপনে নানা রোগ থাবা বসায় জীবনে। অস্বাস্থ্যকর জীবনযাপন, সময়ের অভাব, অনিয়মিত খাওয়াদাওয়া, অত্যাধিক ব্যস্ততা, (বাকি অংশ ২১ পাতায়)

### বিনোদন

## নতুন নিয়মে অস্কার!

**বিনোদন ডেস্ক:** বিশ্ব চলচ্চিত্রের সবচেয়ে সম্মানজনক পুরস্কার অস্কারের ৯৭তম আসর বসতে যাচ্ছে ২০২৫ সালের ২ মার্চ। তবে আসরটিকে সামনে রেখে এরইমধ্যে নীতিমালা (বাকি অংশ ২৬ পাতায়)

ZAKIR CPA, PLLC
Certified Public Accountants
Accurate, Fast & Reliable Services
আমাদের সেবা সমূহ
929-207-1516
1506 Castle Hill Ave,
2nd Floor, Bronx, NY-10462
Zakir Choudhury, CPA
Founder & CEO
আমরা ইমিগ্রেশন এবং সিটিজেনশীপ এর আবেদন করে থাকি
www.zakircpa.com info@zakircpa.com

### একস্লিপ

**সালাহউদ্দিন আহমেদ:** নিউইয়র্কের বাংলাদেশী কমিউনিটির বিভিন্ন অনুষ্ঠানে জাতীয় সঙ্গীত পরিবেশন, শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে নিরবতা পালন, বিশেষ (বাকি অংশ ২৬ পাতায়)


## ফেসিয়াল করতে গিয়ে এইডসে আক্রান্ত ৩ নারী

**বাংলা পত্রিকা ডেস্ক:** ফেসিয়াল করতে গিয়ে নিউ মেক্সিকোর ৩ জন (বাকি অংশ ২০ পাতায়)

বাংলা পত্রিকায় বিজ্ঞাপন দিন

যুক্তরাষ্ট্র আ. লীগের শূন্যপদ পূরণ শুরু

## ডা. মাসুদ আইরীন বাদশা ও কয়েস সহ সভাপতি






**নিউইয়র্ক (ইউএনএ):** যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের কার্যকরী পরিষদের শূন্যপদ পূরণ শুরু হয়েছে। প্রধানমন্ত্রী ও আওয়ামী সভাপতি শেখ হাসিনার নির্দেশে সংগঠনের সভাপতি ড. সিদ্দিকুর রহমান ও সাধারণ সম্পাদক আব্দুস সামাদ আজাদ এই উদ্যোগ (বাকি অংশ ২৩ পাতায়)

GOLDEN AGE HOME CARE
সর্বাধিক জনপ্রিয় হোম হেলথ কেয়ার এজেন্সী
HHA/PCA & CDPAP SERVICE
Call: 718-775-7852
646-591-8396

ট্রাভেল ব্যবসায় দীর্ঘদিন অভিজ্ঞতার আলোকে ওজনপার্কের প্রাণকেন্দ্রে অবস্থিত গ্লোবাল এয়ার সার্ভিস আপনাকে দিচ্ছে নিরাপদ এবং ঝামেলামুক্ত আকাশ ভ্রমণের সুযোগ
গ্লোবাল এয়ার সার্ভিস
GAS GLOBAL AIR SERVICE
Your Trusted Travel Guide...
Call Now
718-296-8996
718-296-8787
718-296-5875
WALL STREET FINANCE LLC
76-01, 101 Ave., Ozone Park, NY 11416
Fax: 718-296-8259, e-mail: GLBL001@yahoo.com

Editor : Abu Taher Published By Bangla Patrika Inc. 36-50, 38 Street (2nd Floor), LIC, NY 11101, USA. Tel: 718-482-9923, 718-482-1169. Fax: 718-482-9935. Email: banglapatrikausa@gmail.com